এপ্রিল ২০২৫। বর্ষ ৩০। সংখ্যা ৩৪৪

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

ICC CHAMPIONS TROPHY PAKISTAN 2025

## জুলাই যোদ্ধাদের স্বীকৃতি

বাংলাদেশের প্রথম সরকার
তারুণ্যনির্ভর রাজনৈতিক দল NCP
বাঙালির আত্মপরিচয় বাংলা নববর্ষ
শান্তির পথে তুরস্কের কুর্দি
ট্রাম্প শুল্কে বাণিজ্য যুদ্ধ
যুক্তরাষ্ট্রের দাপ্তরিক ভাষা ইংরেজি
চ্যাম্পিয়ন্স ট্রফিজয়ী ভারত



## চাকরি প্রস্তুতি

৪৭তম বিসিএস মডেল টেস্ট
নন-ক্যাডার লিখিত
১৯তম শিক্ষক-প্রভাষক নিবন্ধন
Bank Job Preparation
১৩-২০তম গ্রেড লিখিত

## ভর্তি প্রস্তুতি

গুচ্ছ ও অন্যান্য বিশ্ববিদ্যালয়
জাতীয় বিশ্ববিদ্যালয়
চবি'র প্রশ্ন সমাধান
নার্সিং ও মিডওয়াইফারি

পরিবেশ দূষণ ও তার প্রতিক্র
Trade Wars : Causes,
& Future Prospects

ক্যারিয়ার। প্রশ্ন সমাধান। জেলা পরিচিতি। আন্তর্জাতিক সংস্থা। স্বাস্থ্যবার্তা




# সূচিপত্র


## সাম্প্রতিক
০৪ | তথ্যপ্রবাহ
০৬ | সাম্প্রতিক MCQ
০৮ | Recent Info Inquiry
০৯ | সাম্প্রতিক প্রশ্নোত্তর
১০ | দশ দিগন্ত
১৪ | স্যাটেলাইট ইন্টারনেটের ইতিকথা
১৫ | দেশ পরিক্রমা
জুলাই যোদ্ধাদের স্বীকৃতি
জাতিসংঘ মহাসচিবের বাংলাদেশ সফর
১৭ | তারুণ্যনির্ভর রাজনৈতিক দল NCP
১৮ | বাঙালির আত্মপরিচয় বাংলা নববর্ষ
১৯ | বাংলাদেশের প্রথম সরকার
২০ | বাংলাদেশের চলচ্চিত্রের তথ্যকথা
২১ | মাইক্রোসফটের সুবর্ণজয়ন্তী
২২ | বিশ্ব পরিক্রমা
কানাডার নতুন প্রধানমন্ত্রী
যুক্তরাষ্ট্রের দাপ্তরিক ভাষা ইংরেজি
পবিত্র কোরআন জাদুঘর উদ্বোধন
২৫ | মহাকাশ-বিজ্ঞান ও প্রযুক্তি
২৬ | ট্রাম্প শুল্কে বাণিজ্য যুদ্ধ
২৭ | বিশ্ব মানচিত্রে বিরোধপূর্ণ অঞ্চল
২৮ | শান্তির পথে তুরস্কের কুর্দি
৩২ | খেলাধুলা

## চাকরি পরীক্ষার প্রশ্ন সমাধান
৪২ | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪৩ | গ্রামীণ ব্যাংক

## ভর্তি প্রস্তুতি
৪৪ | চবির প্রশ্ন সমাধান
৪৭ | জাতীয় বিশ্ববিদ্যালয় : পর্ব-৩
৫৪ | বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি
৬০ | নার্সিং ও মিডওয়াইফারি ভর্তি প্রস্তুতি

## চাকরির প্রস্তুতি
৬৪ | বিশ্ব-জ্ঞান-দৃষ্টি : পর্ব-৯
৬৫ | ৪৭তম বিসিএস প্রিলিমিনারি
৭২ | নন-ক্যাডার লিখিত
৭৪ | Combined Bank Job Preparation
৭৬ | ১৯তম শিক্ষক নিবন্ধন
৭৮ | সমন্বিত ভাইভা প্রস্তুতি
৭৯ | চাকরি পরীক্ষার সমন্বিত মডেল টেস্ট
৮২ | লিখিত প্রস্তুতি ১৩-২০তম গ্রেড

## প্রবন্ধ-ফিচার
৮৬ | পরিবেশ দূষণ ও তার প্রতিকার
৮৮ | Trade Wars : Causes, Consequences & Future Prospects
৯০ | Short Notes

## অন্যান্য আয়োজন
৩০ | বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদেশ
৩৪ | তেলের বাজারে কেন্দ্রীয় ব্যাংক OPEC
৩৬ | বাংলা শিখন
৩৭ | English Erudition
৩৮ | ম্যাথ মেডিসিন
৩৯ | রকমারি বিজ্ঞান
৪০ | সাহিত্যিক পরিচিতি
৪১ | মানবযন্ত্র : রোবট
৬২ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবন বৈচিত্র্য : পর্ব-৩
৮৪ | প্রশ্ন বিশ্লেষণ
৯১ | পাঠকের জিজ্ঞাসা
৯২ | জেলা পরিচিতি : কুড়িগ্রাম ও গাইবান্ধা
৯৪ | স্বাস্থ্যবার্তা
৯৫ | সুস্থ জীবনের জন্য ফিজিওথেরাপি
৯৬ | বিচিত্র বিশ্ব
পাদটীকা : লাটভিয়া, লিথুয়ানিয়া, স্লোভেনিয়া ও স্লোভাকিয়া






নন-ক্যাডার এবং সরকারি-বেসরকারি
ব্যাংক নিয়োগ পরীক্ষার জন্য

Professor's
PSC নন-ক্যাডার জব
ও
Recent Bank
Job Solution



# তথ্য প্রবাহ

## গত সংখ্যার বাকি অংশ

**বাংলাদেশ • ২৩ ফেব্রুয়ারি ২০২৫**

—১০৩ পুলিশ কর্মকর্তার বিপিএম, পিপিএম পদক প্রত্যাহার করা হয়।

**বাংলাদেশ • ২৪ ফেব্রুয়ারি ২০২৫**

—শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫; শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ ও বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ জারি।

**বাংলাদেশ • ২৫ ফেব্রুয়ারি ২০২৫**

—নতুন দল গঠনের লক্ষ্যে উপদেষ্টা পরিষদ থেকে পদত্যাগ করেন নাহিদ ইসলাম।

—রাষ্ট্রীয়ভাবে প্রথমবারের মতো 'জাতীয় শহিদ সেনা দিবস' পালন।

**আন্তর্জাতিক**

—'গোল্ড কার্ড' নামে নাগরিকত্ব বিক্রির ঘোষণা দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**বাংলাদেশ • ২৬ ফেব্রুয়ারি ২০২৫**

—নতুন 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫ জারি' করা হয়।

—বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়কদের উদ্যোগে 'বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ' নামে নতুন ছাত্র সংগঠনের আত্মপ্রকাশ।

—রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক শক্তি সংস্থা রোসাটমের মহাপরিচালক আলেক্সেই লিখাচেভ এক দিনের সফরে বাংলাদেশে আসেন।

—বঙ্গবন্ধু সেতু ও বঙ্গবন্ধু টানেলের নাম পরিবর্তন করে প্রজ্ঞাপন জারি।

—অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নতুন উপদেষ্টা হন মো. মাহফুজ আলম।

**বাংলাদেশ • ২৭ ফেব্রুয়ারি ২০২৫**

—দুই ক্যাটাগরিতে ১৪০১ জনকে 'জুলাই যোদ্ধা' স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ।

—জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি ও সদস্যগণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতির মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি দিয়ে প্রজ্ঞাপন জারি।

**আন্তর্জাতিক**

—তুরস্কে নিষিদ্ধঘোষিত সংগঠন কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (PKK) কারাবন্দী নেতা আব্দুল্লাহ ওজালান তার সংগঠনের অস্ত্র সমর্পণের ও দল বিলুপ্ত করার আহ্বান জানান।

—মানবাধিকার পরিষদ থেকে নিজেদের প্রত্যাহার করে নেওয়ার ঘোষণা দেয় নিকারাগুয়া।

**বাংলাদেশ • ২৮ ফেব্রুয়ারি ২০২৫**

—জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারীদের নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (NCP) এর আত্মপ্রকাশ।

—জাতীয় বিশ্ববিদ্যালয়ের বগুড়া আঞ্চলিক কেন্দ্রের উদ্বোধন।

**আন্তর্জাতিক**

—হোয়াইট হাউসে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির মধ্যে উত্তপ্ত বাক্যবিনিময়ে আলোচনা ভেস্তে যায়।

## মার্চ ২০২৫ সংখ্যার সংশোধনী

| পৃষ্ঠা | কলাম | লাইন | যা আছে | যা হবে |
|---|---|---|---|---|
| ৫৬ | ০১ | ২২ | প্রোষিতভর্ড়কা | প্রোষিতভর্তৃকা |
| ৬৭ | ০১ | ৪৪ | খ) Common noun | ক) Proper noun |
| ৬৮ | ০১ | ২০ | The Complement | The Dreme |
| ৭৬ | ০১ | ৩৮ | বর্ণ | ধ্বনি |

## মার্চ

**আন্তর্জাতিক • ০১ মার্চ ২০২৫**

—তুরস্কের কুর্দি অধ্যুষিত অঞ্চলের বিদ্রোহী গোষ্ঠী কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি (PKK) অস্ত্র সমর্পণে রাজি হয়।

**বাংলাদেশ • ০২ মার্চ ২০২৫**

—হালনাগাদ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ।

—প্রধান বিচারপতি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (BPSC) নতুন নিয়োগ পাওয়া সাত সদস্যকে শপথবাক্য পাঠ করান।

**আন্তর্জাতিক**

—যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে ইউক্রেন সংক্রান্ত লন্ডন শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত।

—তাজিকিস্তানের পার্লামেন্ট নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত।

—চাঁদে সফলভাবে অবতরণ করে বেসরকারি মার্কিন মহাকাশযান 'ব্লু ঘোস্ট'।

—ইরানের ভাইস প্রেসিডেন্ট জাভেদ জারিফ পদত্যাগ করেন।

**বাংলাদেশ • ৩ মার্চ ২০২৫**

—উপদেষ্টা পরিষদের বৈঠকে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নাম পরিবর্তন করে বাংলাদেশ স্যাটেলাইট-১ করার প্রস্তাব অনুমোদন।

**আন্তর্জাতিক**

—ইউক্রেনে যুক্তরাষ্ট্রের সব ধরনের সামরিক সহায়তা স্থগিত করা হয়।

**বাংলাদেশ • ০৪ মার্চ ২০২৫**

—উপদেষ্টা পরিষদের বৈঠকে 'বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' এবং 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫'-এর খসড়া চূড়ান্ত অনুমোদন।

—'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক শান্তি পদক নীতিমালা, ২০২৪' বাতিল করে উপদেষ্টা পরিষদ।





**আন্তর্জাতিক**

—মিসরের কায়রোতে জরুরি আরব সম্মেলনে গাজা উপত্যকার পুনর্গঠনে ৫৩ বিলিয়ন ডলারের পরিকল্পনা অনুমোদন।

—দ্বিতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর প্রথম কংগ্রেসের যৌথ অধিবেশনে ভাষণ দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**বাংলাদেশ • ৫ মার্চ ২০২৫**

—অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের নতুন সদস্য হিসেবে শপথ নেন অধ্যাপক সি আর আবরার।

—জুলাই অভ্যুত্থানে বাংলাদেশে ক্ষমতাচ্যুত শেখ হাসিনা সরকারের মানবাধিকার লঙ্ঘনের প্রতিবেদন জাতিসংঘে উপস্থাপন করেন সংস্থাটির হাইকমিশনার ভলকার তুর্ক।

**আন্তর্জাতিক • ০৭ মার্চ ২০২৫**

—আন্তর্জাতিক অপরাধ আদালত ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট রদ্রিগো দুতের্তের বিরুদ্ধে মানবতা বিরোধী অপরাধের অভিযোগে গ্রেপ্তারি পরোয়ানা জারি করে।

—সৌদি আরবের জেদ্দায় OIC'র পররাষ্ট্রমন্ত্রীদের ২০তম জরুরি অধিবেশনে সদস্যপদ ফিরে পায় সিরিয়া।

**আন্তর্জাতিক • ০৮ মার্চ ২০২৫**

—উত্তর কোরিয়া প্রথমবারের মতো পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন উন্মোচন করে।

—গাজা পুনর্গঠনে আরব লিগের বিকল্প প্রস্তাব আনুষ্ঠানিকভাবে সমর্থন করে ইসলামিক সহযোগিতা সংস্থা (OIC)।

**বাংলাদেশ • ০৯ মার্চ ২০২৫**

—দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের বিশেষ নিরাপত্তা দিতে তৈরি করা 'প্রতিরক্ষা নির্দেশিকা ২০২৫' বাতিল করা হয়।

**আন্তর্জাতিক**

—কানাডার ক্ষমতাসীন দল লিবারেল পার্টির নতুন দলীয় নেতা নির্বাচিত হন মার্ক কার্নি

**বাংলাদেশ • ১০ মার্চ ২০২৫**

—প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম পদত্যাগ করেন।

—নতুন রাজনৈতিক দলের নিবন্ধন দিতে বিজ্ঞপ্তি প্রকাশ করে নির্বাচন কমিশন। দল হিসেবে নিবন্ধন পেতে ২০ এপ্রিল পর্যন্ত আবেদন করা যাবে।

**আন্তর্জাতিক**

—কুর্দি-নেতৃত্বাধীন সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সেসকে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সঙ্গে একীভূত করার লক্ষ্যে ঐতিহাসিক চুক্তি স্বাক্ষর করে সিরিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট আহমেদ আল-শারা।

—প্রথমবারের মতো চীনের কুনমিংয়ের উন্নত চিকিৎসা নিতে বাংলাদেশ থেকে ১৪ জন রোগী দেশটিতে যান।

**আন্তর্জাতিক • ১১ মার্চ ২০২৫**

—ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট রদ্রিগো দুতার্তেকে গ্রেপ্তার করে দেশটির পুলিশ।

—রাশিয়ায় সর্ববৃহৎ ড্রোন হামলা চালায় ইউক্রেন।

—রাশিয়ার সঙ্গে ৩০ দিনের যুদ্ধবিরতিতে সম্মত হয় ইউক্রেন।

—পাকিস্তানের বেলুচিস্তানে একটি যাত্রীবাহী ট্রেন জিম্মি করে বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী বেলুচ লিবারেশন আর্মি (BLA)।

—ডেনমার্কের স্বায়ত্তশাসিত অঞ্চল গ্রিনল্যান্ডে সাধারণ নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

—পর্তুগালের জাতীয় সংসদে আস্থা ভোটে ক্ষমতাসীন প্রধানমন্ত্রী লুইস মন্টিনিগ্রো সরকারের পতন হয়।

**বাংলাদেশ • ১২ মার্চ ২০২৫**

—ন্যূনতম এমবিবিএস অথবা বিডিএস ডিগ্রিপ্রাপ্ত ছাড়া অন্য কেউ তাদের নামের আগে ডাক্তার পদবি ব্যবহার করতে পারবেন না বলে রায় দেয় হাইকোর্ট।

—প্রকাশের ক্ষেত্রে নিয়ম লঙ্ঘনের অভিযোগে দৈনিক 'যায়যায়দিন' পত্রিকার ডিক্লেয়ারেশন বাতিল করে সরকার।

**আন্তর্জাতিক**

—ফিলিপাইনের সাবেক প্রেসিডেন্ট রদ্রিগো দুতার্তেকে আন্তর্জাতিক অপরাধ আদালতের কাছে হস্তান্তর করা হয়।

—হজযাত্রীর সর্বনিম্ন বয়স ১৫ বছর নির্ধারণ করে সৌদি সরকার।

**বাংলাদেশ • ১৩ মার্চ ২০২৫**

—উপদেষ্টা পরিষদের সভায় ২০২৬ সালে এলডিসি থেকে উত্তরণের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়।

—বাংলাদেশ-গাম্বিয়ার মধ্যে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষর।

**আন্তর্জাতিক**

—দীর্ঘ চার দশকের সংঘাত অবসান করতে শান্তি চুক্তির খসড়ায় সম্মতি দেয় আর্মেনিয়া ও আজারবাইজান।

**আন্তর্জাতিক • ১৪ মার্চ ২০২৫**

—থাইল্যান্ডের সরকারি কর্মকর্তাদের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা জারি করে ট্রাম্প প্রশাসন।

**বাংলাদেশ • ১৫ মার্চ ২০২৫**

—ঢাকার গুলশানে জাতিসংঘ হাউজ উদ্বোধন করেন সংস্থাটির মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।

**আন্তর্জাতিক**

—ইয়েমেনের হুতিদের নিশানা করে হামলা শুরু করে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী।

**বাংলাদেশ • ১৬ মার্চ ২০২৫**

—বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদ হত্যা মামলায় ২০ আসামির মৃত্যুদণ্ড ও পাঁচজনের যাবজ্জীবন কারাদণ্ড বহাল রাখে হাইকোর্ট।

—রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে নতুন বিশ্ববিদ্যালয় 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি' নাম চূড়ান্ত করা হয়।

**বাংলাদেশ • ১৭ মার্চ ২০২৫**

—বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৫তম জন্মবার্ষিকী।

## শীর্ষ সংবাদ

| | |
|---|---|
| ২৪ ফেব্রুয়ারি | : ADB'র প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন মাসাতো কান্দা। |
| ০১ মার্চ | : ইংরেজিকে যুক্তরাষ্ট্রের সরকারি ভাষা ঘোষণা করে নির্বাহী আদেশে স্বাক্ষর করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। |
| ০৯ মার্চ | : চ্যাম্পিয়ন্স ট্রফিতে তৃতীয়বার চ্যাম্পিয়ন হয় ভারত। |
| ১৩ মার্চ | : সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল-শারা অস্থায়ী সংবিধানে স্বাক্ষর করেন। |
| | : জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস দ্বিতীয়বারের মতো বাংলাদেশ সফরে আসেন। |
| ১৪ মার্চ | : কানাডার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন মার্ক কার্নি। |
| ১৮ মার্চ | : দেশের দীর্ঘতম রেলওয়ে সেতুর আনুষ্ঠানিক উদ্বোধন। |

# সাম্প্রতিক MCQ
## গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

### বাংলাদেশ

১. ১৯ মার্চ ২০২৫ পর্যন্ত অন্তর্বর্তীকালীন সরকারের মোট উপদেষ্টা কতজন?
ক) ২২ খ) ২৩ গ) ২৪ ঘ) ২৫

২. অন্তর্বর্তীকালীন সরকারের বর্তমান শিক্ষা উপদেষ্টা কে?
ক) ড. খলিলুর রহমান খ) ওয়াহিদউদ্দিন মাহমুদ
গ) চৌধুরী রফিকুল আবরার ঘ) এম আমিনুল ইসলাম

৩. দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় বাংলাদেশ কোন দেশের কাছ থেকে LNG আমদানি করে?
ক) চীন ও মিসর খ) রাশিয়া ও যুক্তরাষ্ট্র
গ) ওমান ও কাতার ঘ) ইন্দোনেশিয়া ও নাইজেরিয়া

৪. দেশের দ্বিতীয় দীর্ঘতম সেতুর বর্তমান নাম কী?
ক) ফজলুল হক সেতু খ) বঙ্গবন্ধু সেতু
গ) যমুনা সেতু ঘ) আবু সাঈদ সেতু

৫. দেশের প্রথম টানেলের বর্তমান নাম কী?
ক) কর্ণফুলী টানেল খ) বঙ্গবন্ধু টানেল
গ) চট্টগ্রাম টানেল ঘ) আবু সাঈদ টানেল

৬. দেশের প্রথম স্যাটেলাইটের বর্তমান নাম কী?
ক) মওলানা ভাসানী স্যাটেলাইট-১
খ) বঙ্গবন্ধু স্যাটেলাইট-১
গ) বাংলাদেশ স্যাটেলাইট-১
ঘ) স্যাটেলাইট বিজয়-২৪

৭. জাতিসংঘ মহাসচিব হিসেবে নিচের কোন ব্যক্তি বাংলাদেশ সফর করেননি?
ক) কুর্ট ওয়াল্ডহেইম ও অ্যান্তোনিও গুতেরেস
খ) জাভিয়ের পেরেজ দ্য কুয়েলার
গ) কফি আনান ও বান কি মুন
ঘ) দ্যাগ হ্যামারশোল্ড

৮. ১৯ মার্চ ২০২৫ পর্যন্ত দেশে অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় কয়টি?
ক) ১১৩টি খ) ১১৪টি গ) ১১৫টি ঘ) ১১৬টি

৯. ১৭ মার্চ ২০২৫ সরকার ১১৬তম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে অনুমোদন দেয় কোনটিকে?
ক) গ্রামীণ ইউনিভার্সিটি খ) রবীন্দ্র ইউনিভার্সিটি
গ) বরেন্দ্র বিশ্ববিদ্যালয় ঘ) তিস্তা ইউনিভার্সিটি

### আন্তর্জাতিক

১০. ১৩ মার্চ ২০২৫ কোন দেশের প্রেসিডেন্ট অস্থায়ী সংবিধানে স্বাক্ষর করেন?
ক) সিরিয়া খ) সোমালিয়া
গ) মিয়ানমার ঘ) ইয়েমেন

১১. এশিয়ার প্রথম সাবেক রাষ্ট্রপ্রধান হিসেবে কে আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) বিচারের সম্মুখীন হন?
ক) মামুন আবদুল গাইয়ুম (মালদ্বীপ)
খ) আরিফ আলভী (পাকিস্তান)
গ) মাহিন্দা রাজাপাকসে (শ্রীলংকা)
ঘ) রদ্রিগো দুতার্তে (ফিলিপাইন)

১২. কানাডার বর্তমান প্রধানমন্ত্রী কে?
ক) মার্ক কার্নি খ) ক্রিস্টিয়া ফ্রিল্যান্ড
গ) করিনা গোল্ড ঘ) ফ্র্যাঙ্ক বেলিস

১৩. বিশ্বের বৃহত্তম আইসবার্গের (হিমশৈল) নাম কী?
ক) A23a খ) B-15A
গ) B-15 ঘ) C-19

১৪. Crude Oil (Vettriano) চিত্রকর্মটির চিত্রকর কে?
ক) লিওনার্দো দা ভিঞ্চি খ) ভিনসেন্ট ভ্যানগগ
গ) জ্যাক ভেট্রিয়ানো ঘ) পথশিল্পী ব্যাংকসি

১৫. আন্তর্জাতিক গ্রহাণু সচেতনতা ও গ্রহ প্রতিরক্ষা বর্ষ কোন সাল?
ক) ২০২৬ সাল খ) ২০২৭ সাল
গ) ২০২৮ সাল ঘ) ২০২৯ সাল

১৬. ২০২৫-২০৩৪ সাল কোন দশক?
ক) আফ্রিকান বংশোদ্ভূতদের জন্য দ্বিতীয় আন্তর্জাতিক দশক
খ) Decade of Action for Cryospheric Sciences
গ) বালি ও ধূলিঝড়ের বিরুদ্ধে লড়াইয়ে জাতিসংঘের দশক
ঘ) উপরের সবগুলো

১৭. জাপানে চালু হওয়া বিশ্বের প্রথম হাইব্রিড কোয়ান্টাম সুপারকম্পিউটারের নাম কী?
ক) Reimei খ) El Capitan
গ) Frontier ঘ) Fugaku

### সংস্থা সদস্য

১৮. আন্তর্জাতিক হাইড্রোগ্রাফিক সংস্থার (IHO) বর্তমান সদস্য কত?
ক) ৯টি খ) ৯৯টি গ) ১০০টি ঘ) ১০১টি

১৯. ১৩ ফেব্রুয়ারি ২০২৫ কোন দেশ IHO'র ১০১তম সদস্যপদ লাভ করে?
ক) গাম্বিয়া খ) কিরিবাতি
গ) অ্যাঙ্গোলা ঘ) আলবেনিয়া

২০. ১৮ ফেব্রুয়ারি ২০২৫ কোন দেশ ওপেক প্লাসে আনুষ্ঠানিকভাবে যোগ দেয়?
ক) ব্রাজিল খ) যুক্তরাষ্ট্র
গ) মিসর ঘ) সিরিয়া

২১. ওপেক প্লাসে যুক্ত হওয়া মোট দেশ কতটি?
ক) ৮টি খ) ৯টি গ) ১০টি ঘ) ১১টি

২২. ২২ জানুয়ারি ২০২৬ কোন দেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সদস্যপদ ত্যাগ করবে?
ক) যুক্তরাষ্ট্র খ) ইসরায়েল
গ) রাশিয়া ঘ) ইরান

**উত্তর**

| | |
|---|---|
| ১. | খ |
| ২ | গ |
| ৩. | গ |
| ৪. | গ |
| ৫. | ক |
| ৬. | গ |
| ৭. | ঘ |
| ৮. | ঘ |
| ৯. | ক |
| ১০. | ক |
| ১১. | ঘ |
| ১২. | ক |
| ১৩. | ক |
| ১৪. | ঘ |
| ১৫. | ঘ |
| ১৬. | ঘ |
| ১৭. | ক |
| ১৮. | ঘ |
| ১৯. | ক |
| ২০. | ক |
| ২১. | ঘ |
| ২২. | ক |





### সংস্থার প্রধান

২৩. ১ এপ্রিল ২০২৫ কমনওয়েলথের সপ্তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
ক) প্যাট্রিসিয়া স্কটল্যান্ড খ) অ্যামি পোপ
গ) ফাতমা সামৌরা
ঘ) শার্লি আয়োরকর বোচওয়ে

২৪. আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) নতুন প্রেসিডেন্ট কে?
ক) ক্রিস্টোফার গ্রিনউড খ) নাওয়াফ সালাম
গ) পিটার টমকা ঘ) ইউজি ইওয়াসাওয়া

২৫. ১৩ মার্চ ২০২৫ আফ্রিকান ইউনিয়ন কমিশনের চেয়ারপারসন হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
ক) মাহমুদ আলী ইউসুফ খ) ওমর কোনারে
গ) মুসা ফাকি ঘ) জিন পিং

২৬. APEC'র বর্তমান নির্বাহী পরিচালক কে?
ক) ঝাং ইয়ান খ) চোই সিওক ইয়ং
গ) মাইকেল টে ঘ) এডুয়ার্ডো পেড্রোসা

২৭. ১৪ মার্চ ২০২৫ G7'র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
ক) মার্ক কার্নি খ) জর্জিয়া মেলোনি
গ) শিগেরু ইশিবা ঘ) কিয়ার স্টারমার

### সম্মেলন

২৮. ২০তম G-20 শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
ক) ২২-২৩ সেপ্টেম্বর ২০২৫ খ) ২২-২৩ অক্টোবর ২০২৫
গ) ২২-২৩ নভেম্বর ২০২৫ ঘ) ২২-২৩ ডিসেম্বর ২০২৫

২৯. ২০তম G-20 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ক) দক্ষিণ কোরিয়া খ) ব্রাজিল
গ) জার্মানি ঘ) দক্ষিণ আফ্রিকা

৩০. ৬ষ্ঠ বিমসটেক সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
ক) ২-৪ এপ্রিল ২০২৫ খ) ৫-৬ এপ্রিল ২০২৫
গ) ৭-৮ এপ্রিল ২০২৫ ঘ) ৯-১০ এপ্রিল ২০২৫

৩১. ৬ষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
ক) কাঠমান্ডু, নেপাল খ) নয়াদিল্লি, ভারত
গ) ঢাকা, বাংলাদেশ ঘ) ব্যাংকক, থাইল্যান্ড

### রিপোর্ট-সমীক্ষা

৩২. ২০২৫ সালের EIU'র বৈশ্বিক গণতান্ত্রিক সূচকে শীর্ষ দেশ কোনটি?
ক) নরওয়ে খ) নিউজিল্যান্ড
গ) সুইডেন ঘ) আইসল্যান্ড

৩৩. ২০২৫ সালের EIU'র বৈশ্বিক গণতান্ত্রিক সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
ক) ইরান খ) সিরিয়া
গ) সুদান ঘ) আফগানিস্তান

৩৪. ২০২৫ সালের EIU'র বৈশ্বিক গণতান্ত্রিক সূচকে বাংলাদেশের অবস্থান কত?
ক) ৭৫তম খ) ৮০তম গ) ১০০তম ঘ) ১০৫তম

৩৫. বায়ু দূষণে শীর্ষ দেশ কোনটি?
ক) শাদ খ) পাকিস্তান গ) বাংলাদেশ ঘ) ভারত

৩৬. বায়ু দূষণে বাংলাদেশের অবস্থান কততম?
ক) প্রথম খ) দ্বিতীয় গ) তৃতীয় ঘ) চতুর্থ

৩৭. বায়ু দূষণে শীর্ষ রাজধানী কোনটি?
ক) বাগদাদ, ইরাক খ) নয়াদিল্লি, ভারত
গ) ঢাকা, বাংলাদেশ ঘ) আবুজা, নাইজার

৩৮. বায়ু দূষণে রাজধানী ঢাকার অবস্থান কততম?
ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) পঞ্চম

৩৯. বৈশ্বিক অস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?
ক) যুক্তরাষ্ট্র খ) ফ্রান্স গ) রাশিয়া ঘ) চীন

৪০. বৈশ্বিক অস্ত্র আমদানিতে শীর্ষ দেশ কোনটি?
ক) ইউক্রেন খ) ভারত
গ) কাতার ঘ) সৌদি আরব

### ক্রীড়াঙ্গন

৪১. ২০২৫ সালের নবম ICC চ্যাম্পিয়ন্স ট্রফিতে চ্যাম্পিয়ন কোন দেশ?
ক) ভারত খ) নিউজিল্যান্ড
গ) অস্ট্রেলিয়া ঘ) ইংল্যান্ড

৪২. ১৪তম দক্ষিণ এশীয় গেমস কবে অনুষ্ঠিত হবে?
ক) ২৩-৩১ জানুয়ারি ২০২৬ খ) ২০-২৮ ফেব্রুয়ারি ২০২৬
গ) ২৩-৩১ মার্চ ২০২৬ ঘ) ২২-৩০ এপ্রিল ২০২৬

৪৩. ১৪তম দক্ষিণ এশীয় গেমস কোথায় অনুষ্ঠিত হবে?
ক) লাহোর খ) ইসলামাবাদ
গ) ফয়সালাবাদ ঘ) উপরের সকল স্থানে

৪৪. ২১তম ফিফা ক্লাব বিশ্বকাপ কবে অনুষ্ঠিত হবে?
ক) ১৪ এপ্রিল-১৩ মে ২০২৫
খ) ১৪ মে-১৩ জুন ২০২৫
গ) ১৪ জুন-১৩ জুলাই ২০২৫
ঘ) ১৪ জুলাই-১৩ আগস্ট ২০২৫

৪৫. ২১তম ফিফা ক্লাব বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হবে?
ক) ব্রাজিল খ) আর্জেন্টিনা
গ) যুক্তরাষ্ট্র ঘ) স্পেন

৪৬. ২১তম ফিফা ক্লাব বিশ্বকাপে কতটি দল অংশ নিবে?
ক) ১২ খ) ২২ গ) ২৮ ঘ) ৩২

### বিবিধ

৪৭. ২০২৫ সালে স্বাধীনতা পুরস্কার লাভ করে কতজন?
ক) ৭ খ) ৯ গ) ১১ ঘ) ১৩

৪৮. ২০২৫ সালের অস্কারে সেরা চলচ্চিত্র কোনটি?
ক) Conclave খ) A Complete Unknown
গ) The Brutalist ঘ) Anora

৪৯. 'জুলাই: মাতৃভূমি অথবা মৃত্যু'-এর লেখক কে?
ক) ড. মুহাম্মদ ইউনূস
খ) আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া
গ) ড. আসিফ নজরুল
ঘ) মো. মাহফুজ আলম

৫০. বাংলাদেশে ম্রো ভাষায় নির্মিত চলচ্চিত্র কোনটি?
ক) কিওরি পেক্রা উও খ) ম্রো রূপকথা
গ) ক্রোবং ম্লা ঘ) উপরের সবগুলো

কারেন্ট অ্যাফেয়ার্স

**উত্তর**

| | |
|---|---|
| ২৩. | ঘ |
| ২৪. | ঘ |
| ২৫. | ক |
| ২৬. | ঘ |
| ২৭. | ক |
| ২৮. | গ |
| ২৯. | ঘ |
| ৩০. | ক |
| ৩১. | ঘ |
| ৩২. | ক |
| ৩৩. | ঘ |
| ৩৪. | গ |
| ৩৫. | ক |
| ৩৬. | খ |
| ৩৭. | খ |
| ৩৮. | গ |
| ৩৯. | ক |
| ৪০. | ক |
| ৪১. | ক |
| ৪২. | ক |
| ৪৩. | ঘ |
| ৪৪. | গ |
| ৪৫. | গ |
| ৪৬. | ঘ |
| ৪৭. | ক |
| ৪৮. | ঘ |
| ৪৯. | খ |
| ৫০. | ঘ |

# Recent Info Inquiry

## Bangladesh

Ques : Recently which virus cluster has been identified in Bangladesh for the first time?
Ans : Zika virus cluster.
Ques : On 28 February 2025, which political party was inaugurated?
Ans : National Citizen Party (NCP)
Ques : On what date Bangladesh's longest Jamuna Railway Bridge was inaugurated?
Ans : 18 March 2025.
Ques : Which date has been declared National Martyred Army Day to mark 2009 BDR mutiny?
Ans : February 25.
Ques : On what date Foundation for Strategic and Development Studies (FSDS) was officially launched?
Ans : 23 February 2025.
Ques : Which Bangladeshi-Canadian wins Ontario Provincial Election for the third time?
Ans : Dolly Begum.
Ques : In which category Abrar Fahad has been nominated for Swadhinata Padak 2025?
Ans : Rebel youth category.
Ques : On what date Bangladesh is set to officially graduate from the LDC group?
Ans : 24 November 2026.
Ques : On what date UN Secretary-General Antonio Guterres arrived in Dhaka on a four-day visit?
Ans : 13 March 2025.
Ques : Recently which university honored Chief Adviser Dr. Muhammad Yunus with an honorary doctorate?
Ans : China's Peking University.

## International

Ques : Which former president has been arrested on an ICC warrant over drug killings?
Ans : Former President of Philippines Rodrigo Duterte.
Ques : Who is incumbent prime minister of Canada?
Ans : Mark Carney.
Ques : On what date Donald Trump designated English as Official Language of United States?
Ans : 1 March 2025.
Ques : 1 March 2025 which armed group declared a ceasefire with Turkey?
Ans : Outlawed Kurdish group the PKK.
Ques : Best Picture of Oscar 2025-97th Awards—
Ans : Anora.
Ques : Which two company announced a partnership with Elon Musk's Starlink to offer satellite-based internet service in India?
Ans : Airtel and Reliance Jio.
Ques : Recently which militant group hijacked a train in the southwestern Pakistani province of Balochistan?
Ans : Baloch Liberation Army (BLA).
Ques : Which country is involved in elephant diplomacy?
Ans : Myanmar.
Ques : Which US company successfully landed its spacecraft on the moon on 2 March 2025?
Ans : Firefly Aerospace (Blue Ghost Mission 1).
Ques : On what date USA suspended all military aid to Ukraine?
Ans : 3 March 2025.
Ques : On what date Egypt he Arab summit to disc plans to rebuild t Gaza Strip?
Ans : 4 March 2025.
Ques : What is BiVACOR?
Ans : World's first implantab rotary blood pump th can act as a comple replacement for a huma heart.
Ques : Who invented BiVACOR
Ans : Dr Daniel Timms (Australia

## Report

Ques : According to 2024 IQA World Air Quality Repo the most polluted count in 2024 was—
Ans : Chad.
Ques : Position of Banglades in the Global Terroris Index (GTI) 2025—
Ans : 35 in the index with score of 3.03.
Ques : Which country tops the Democracy Index 2024 b the Economic Intelligenc Unit (EIU)?
Ans : Norway among 167 countries
Ques : Position of Bangladesh in the Democracy Index 2024—
Ans : 100.
Ques : According to the USDA the largest producer o rice globally—
Ans : China (Bangladesh is 3 followed by India).
Ques : According to UNICEF which country has the highest child marriage rate in Asia?
Ans : Bangladesh (8th worldwide).

## Sports

Ques : ODI World Cup 2027 will be held in—
Ans : South Africa, Zimbabwe and Namibia.
Ques : 2025 Champions Trophy winners—
Ans : India (Runners up-NewZealand).
Ques : Leading run-scorer in ICC Champions Trophy 2025—
Ans : Rachin Ravindra.





# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন : পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (CID) দেশে প্রথমবারের মতো কোন ধরনের মুদ্রা জব্দ করে?
উত্তর : ক্রিপ্টোকারেন্সি বা ভার্চুয়াল মুদ্রা।
প্রশ্ন : বর্ডার গার্ড অব বাংলাদেশ (BGB)-এর উখিয়া ব্যাটালিয়নের যাত্রা শুরু হয় কবে?
উত্তর : ১ মার্চ ২০২৫।
প্রশ্ন : বর্তমানে দেশে মোট ভোটার সংখ্যা কত?
উত্তর : ১২,৩৭,৩২,২৭৪।
প্রশ্ন : ১০ মার্চ ২০২৫ জাতীয় পরিচয়পত্রে (NID) কোন বিষয় যুক্তের নীতিগত সিদ্ধান্ত নেয় জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ?
উত্তর : ডাকনাম ও একাধিক স্ত্রীর নাম সংযুক্তিকরণ।
প্রশ্ন : ১২ মার্চ ২০২৫ বিশ্বখ্যাত ক্রেডিট রেটিং সংস্থা মুডিস বাংলাদেশের ঋণমান কমিয়ে কী নির্ধারণ করে?
উত্তর : বি-টু।
প্রশ্ন : বাংলাদেশ ব্যাংক নতুন কয়টি বিভাগ গঠন করে?
উত্তর : ৪টি— ব্যাংক পরিদর্শন বিভাগ-৯, পরিদর্শন পরিপালন বিভাগ, মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এবং ইসলামি ব্যাংকিং রেগুলেশনস অ্যান্ড পলিসি বিভাগ।
প্রশ্ন : বর্তমানে বাংলাদেশ ব্যাংকের কয়টি বিভাগ রয়েছে?
উত্তর : ৬৫টি।
প্রশ্ন : ঢাকার ৭ সরকারি কলেজকে নিয়ে প্রস্তাবিত নতুন বিশ্ববিদ্যালয়ের নাম কী?
উত্তর : ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি।
প্রশ্ন : ১৩ মার্চ ২০২৫ বাংলাদেশের ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরিত হয় কোন দেশের সাথে?
উত্তর : গাম্বিয়া; সর্বমোট ৩০টি দেশের সাথে এ রকম চুক্তি রয়েছে।
প্রশ্ন : বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন থেকে নতুন কোন রাজনৈতিক দলের আত্মপ্রকাশ ঘটে?
উত্তর : জাতীয় নাগরিক পার্টি।
প্রশ্ন : ১৫ মার্চ ২০২৫ ঢাকার গুলশানে 'জাতিসংঘ হাউস' উদ্বোধন করেন কে?
উত্তর : জাতিসংঘের মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস।
প্রশ্ন : অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান ড. ইউনূসকে অনারারি ডক্টরেট ডিগ্রি দেবে চীনের কোন ইউনিভার্সিটি?
উত্তর : পিকিং ইউনিভার্সিটি।

## আন্তর্জাতিক

প্রশ্ন : কুর্দি-নেতৃত্বাধীন সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সেস (SDF) সিরিয়ার অন্তর্বর্তীকালীন সরকারের সাথে চুক্তি করে কবে?
উত্তর : ১০ মার্চ ২০২৫।
প্রশ্ন : বাংলাদেশসহ ১৪১ দেশে ভিসার জন্য জেনারেটিভ কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) সম্পন্ন চ্যাটবট চালু করে কোন দেশ?
উত্তর : যুক্তরাজ্য।
প্রশ্ন : 'রেডিও বেগম' কোন দেশভিত্তিক নারীদের সম্প্রচার মাধ্যম?
উত্তর : আফগানিস্তান।
প্রশ্ন : ১৫ মার্চ ২০২৫ মধ্যপ্রাচ্যের কোন দেশ নিজস্ব প্রযুক্তিতে নির্মিত প্রথম স্যাটেলাইট উৎক্ষেপণ করে?
উত্তর : বাহরাইন (স্যাটেলাইটের নাম AL-Munther)।
প্রশ্ন : সম্প্রতি কোন দেশ হাতি কূটনীতি শুরু করে?
উত্তর : মিয়ানমার।
প্রশ্ন : মাইক্রোসফটের জনপ্রিয় যোগাযোগ মাধ্যম স্কাইপে কবে থেকে বন্ধ করে দেওয়ার ঘোষণা দেওয়া হয়?
উত্তর : ৫ মে ২০২৫।
প্রশ্ন : সম্প্রতি পবিত্র কোরআন জাদুঘর কোথায় উদ্বোধন করা হয়?
উত্তর : সৌদি আরবের মক্কায়।
প্রশ্ন : বেলুচ লিবারেশন আর্মি (BLA) কোন দেশের সশস্ত্র সংগঠন?
উত্তর : পাকিস্তান।
প্রশ্ন : ৭ মার্চ ২০২৫ কোন দেশে কারাগারে ফায়ারিং স্কোয়াডে মৃত্যুদণ্ড কার্যকর করা হয়?
উত্তর : যুক্তরাষ্ট্র।
প্রশ্ন : দুবাইয়ের অভিবাসী অধিদপ্তর (GDRFA) কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ভিত্তিক কোন প্রতিনিধি চালু করে?
উত্তর : 'সালামা' নামের কৃত্রিম বুদ্ধিমত্তা (AI)।
প্রশ্ন : আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে নয় মাসেরও বেশি সময় ধরে আটকে থাকা মার্কিন মহাকাশচারী সুনীতা ও বুচ কবে দেশে ফিরে আসেন?
উত্তর : ১৮ মার্চ ২০২৫।

## পদক ও রিপোর্ট

প্রশ্ন : ২০২৫ সালের বৈশ্বিক সন্ত্রাস সূচকে শীর্ষ দেশ কোনটি?
উত্তর : বারকিনা ফাসো।
প্রশ্ন : ইউনিসেফ, প্ল্যান ইন্টারন্যাশনাল ও ইউএন উইমেনের প্রতিবেদন অনুযায়ী বাল্যবিয়েতে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?
উত্তর : অষ্টম (এশিয়ার মধ্যে শীর্ষে)।
প্রশ্ন : দ্য ইনস্টিটিউট ফর ইকোনমিকস অ্যান্ড পিস (IEP)-এর ২০২৪ সালে বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
উত্তর : ৩৫তম।
প্রশ্ন : সর্বকনিষ্ঠ ব্যক্তি হিসেবে প্রতিবাদী তারুণ্য ক্যাটাগরিতে স্বাধীনতা পুরস্কার ২০২৫ লাভ করেন কে?
উত্তর : আবরার ফাহাদ (মরণোত্তর)।
প্রশ্ন : ২০২৫ সালের কোন তথ্যচিত্রটি অস্কার লাভ করে?
উত্তর : নো আদার ল্যান্ড।
প্রশ্ন : ৯৭তম অস্কারে সেরা অভিনেতা নির্বাচিত হন কে?
উত্তর : অ্যাড্রিয়েন ব্রুডি (দ্য ব্রুটালিস্ট)।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন : চ্যাম্পিয়ন্স ট্রফি ২০২৫ এ ম্যান অব দ্য টুর্নামেন্ট নির্বাচিত হন কে?
উত্তর : রাচিন রবিন্দ্র।
প্রশ্ন : বাংলাদেশের চতুর্থ নারী আন্তর্জাতিক মাস্টার কে?
উত্তর : ওয়াদিফা আহমেদ। অন্য ৩ জন— রাণী হামিদ, শামীমা ও শিরিন সুলতানা।

# দশ দিগন্ত



## নব-নিযুক্ত

### বাংলাদেশ

**সচিব** [নিয়োগ ২৫ ফেব্রুয়ারি ২০২৫]
- বাণিজ্য মন্ত্রণালয় : মাহবুবুর রহমান।
- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় : মো. কামাল উদ্দিন।
- মন্ত্রিপরিষদ বিভাগ (সমন্বয় ও সংস্কার) : জাহেদা পারভীন।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় : মো. মোস্তাফিজুর রহমান।
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ : আলেয়া আক্তার।
- বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ : মো. তাজুল ইসলাম।
- বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় : মো. মিজানুর রহমান।
- সেতু বিভাগ : মোহাম্মদ আবদুল রউফ।
- পরিকল্পনা কমিশন : মো. মাহমুদুল হোসাইন খান।

**চেয়ারম্যান**
- বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি : মেজর জেনারেল (অব.) অধ্যাপক ডা. মো. আজিজুল ইসলাম; নিয়োগ ৭ মার্চ ২০২৫।
- রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) : মো. রিয়াজুল ইসলাম; নিয়োগ ৮ মার্চ ২০২৫।
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (BIWTC): মো. সলিম উল্লাহ; দায়িত্ব গ্রহণ ৬ মার্চ ২০২৫।
- সুপ্রীমকোর্ট লিগ্যাল এইড কমিটি : বিচারপতি কাজী জিনাত হক; নিয়োগ ১৩ মার্চ ২০২৫।

**মহাপরিচালক**
- খাদ্য অধিদপ্তর : মো. আবুল হাছানাত হুমায়ুন কবীর; দায়িত্ব গ্রহণ ২৬ ফেব্রুয়ারি ২০২৫।
- বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন (BOA) : ব্রিগেডিয়ার জেনারেল এবিএম শেফাউল কবির (অব.); দায়িত্ব গ্রহণ ৮ মার্চ ২০২৫।
- বাংলাদেশ জাতীয় জাদুঘর : আহমাদুল হক; নিয়োগ ৪ মার্চ ২০২৫।

**নতুন উপদেষ্টা**
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় : মো. মাহফুজ আলম।
- শিক্ষা মন্ত্রণালয় : অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার (সি আর আবরার)।

**বিবিধ**
- প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদায়) : শেখ মইনউদ্দিন, ফয়েজ আহমদ তৈয়ব ও ড. আনিসুজ্জামান চৌধুরী।
- ভারতে বাংলাদেশের হাইকমিশনার : রিয়াজ হামিদুল্লাহ।

### আন্তর্জাতিক

**প্রেসিডেন্ট**
- উরুগুয়ে : ইয়ামান্দু অর্সি; দায়িত্ব গ্রহণ ১ মার্চ ২০২৫।
- গ্রিস : কনস্টানটিনোস তাসৌলাস; দায়িত্ব গ্রহণ ১৩ মার্চ ২০২৫।
- নামিবিয়া : নেতুম্বো নান্দি নাদাইতওয়া; দায়িত্ব গ্রহণ ২১ মার্চ ২০২৫। তিনি দেশটির প্রথম নারী প্রেসিডেন্ট।

**প্রধানমন্ত্রী**
- বেলারুশ : আলেকজান্ডার টারচিন; দায়িত্ব গ্রহণ ১০ মার্চ ২০২৫।
- ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো : স্টুয়ার্ট ইয়ং; দায়িত্ব গ্রহণ ১৭ মার্চ ২০২৫।
- লিচেনস্টেইন : ব্রিজিট হাস; দায়িত্ব গ্রহণ ১০ এপ্রিল ২০২৫। তিনি দেশটির প্রথম নারী প্রধানমন্ত্রী।
- অস্ট্রিয়ার চ্যান্সেলর : ক্রিশ্চিয়ান স্টকার; দায়িত্ব গ্রহণ ৩ মার্চ ২০২৫।

**বিবিধ**
- নির্বাহী পরিচালক, APEC : এডুয়ার্ডো পেড্রোসা (ফিলিপাইন); দায়িত্ব গ্রহণ ১ জানুয়ারি ২০২৫।
- চেয়ারপারসন, আফ্রিকান ইউনিয়ন কমিশন : মাহমুদ আলী ইউসুফ (জিবুতি); দায়িত্ব গ্রহণ ১৩ মার্চ ২০২৫।
- চেয়ারম্যান, G7 : মার্ক কার্নি (কানাডা); দায়িত্ব গ্রহণ ১৪ মার্চ ২০২৫।

## সম্মেলন-বৈঠক

■ **বোয়াও ফোরাম ফর এশিয়া (BFA)**
| সময়কাল : ২৫-২৮ মার্চ ২০২৫
| স্থান : বোয়াও, চীন।

■ **BIMSTEC Summit**
| সময়কাল : ২-৪ এপ্রিল ২০২৫
| স্থান : ব্যাংকক, থাইল্যান্ড।

■ **IPU অ্যাসেম্বলি**
IPU-Inter-Parliamentary Union
| আয়োজন : ১৫০তম | সময়কাল : ৫-৯ এপ্রিল ২০২৫ | স্থান : তাশখন্দ, উজবেকিস্তান।

### ICJ প্রেসিডেন্ট



৩ মার্চ ২০২৫ আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) প্রেসিডেন্ট নির্বাচিত হন জাপানি আইনবিদ ইউজি ইওয়াসাওয়া। ২২ জুন ২০১৮ থেকে তিনি আন্তর্জাতিক বিচার আদালতের সদস্য হিসেবে কাজ করছেন। তার আগের প্রেসিডেন্ট নাওয়াফ সালাম লেবাননের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় তিনি ১৪ জানুয়ারি ২০২৫ পদত্যাগ করেন।

### কমনওয়েলথের মহাসচিব



২৬ অক্টোবর ২০২৪ কমনওয়েলথের সপ্তম ও দ্বিতীয় নারী মহাসচিব নির্বাচিত হন ঘানার পররাষ্ট্রমন্ত্রী শার্লি আয়োরকর বোচওয়ে। ১ এপ্রিল ২০২৫ তিনি ষষ্ঠ মহাসচিব ব্যারনেস প্যাট্রিসিয়া স্কটল্যান্ডের স্থলাভিষিক্ত হন। ২৮ জানুয়ারি ২০১৭-৭ জানুয়ারি ২০২৫ দেশটির পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। একজন কমনওয়েলথ মহাসচিব সর্বোচ্চ দুই মেয়াদে চার বছর দায়িত্ব পালন করতে পারেন।





## অনন্তলোকে

♦ **জেমস ক্রিস্টোফার হ্যারিসন (২৭ ডিসেম্বর ১৯৩৬-১৭ ফেব্রুয়ারি ২০২৫)** : বিশ্বের অন্যতম রক্তদাতা। তার রক্তরসে বেঁচে গেছে ২৪ লাখ শিশুর প্রাণ। এজন্য তাকে Man with the Golden Arm নামে আখ্যায়িত করা হয়।

♦ **সৈয়দ মনজুর এলাহী (২৬ ফেব্রুয়ারি ১৯৪২-১২ মার্চ ২০২৫)** : বিশিষ্ট ব্যবসায়ী, এপেক্স গ্রুপের চেয়ারম্যান ও মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। ১৯৯০ সালে যাত্রা শুরু করা এপেক্স ফুটওয়্যার এখন বাংলাদেশের অন্যতম বৃহত্তম জুতার কোম্পানি।



♦ **শহিদ জায়া সারা আরা মাহমুদ (মৃত্যু : ২৩ ফেব্রুয়ারি ২০২৫)** : ভাষা আন্দোলনের অমর সংগীত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'র সুরস্রষ্টা ও মহান মুক্তিযুদ্ধের ক্র্যাক প্লাটুনের বীর মুক্তিযোদ্ধা শহিদ আলতাফ মাহমুদের স্ত্রী।

♦ **জাহিদুর রহিম অঞ্জন (মৃত্যু: ২৪ ফেব্রুয়ারি ২০২৫)** : জাতীয় চলচ্চিত্র পুরস্কারজয়ী চিত্রপরিচালক। তিনি কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্প অবলম্বনে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'মেঘমল্লার' নির্মাণ করেন। সরকারি অনুদানে সর্বশেষ চলচ্চিত্র নির্মাণ করেন 'চাঁদের অমাবস্যা'।

♦ **এ এম এম শওকত আলী (মৃত্যু : ২৩ ফেব্রুয়ারি ২০২৫)** : ৯ জানুয়ারি ২০০৭-৫ জানুয়ারি ২০০৯ পর্যন্ত তত্ত্বাবধায়ক সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন।

♦ **রোনাল্ড ড্রাপার (২৪ ডিসেম্বর ১৯২৬-২৫ ফেব্রুয়ারি ২০২৫)** : বিশ্বের প্রবীণতম টেস্ট ক্রিকেটার। ১৯৫০ সালে দক্ষিণ আফ্রিকার হয়ে অস্ট্রেলিয়ার বিপক্ষে দুটি টেস্ট খেলা ড্রাপার ছিলেন জীবিত সবচেয়ে বেশি বয়সি টেস্ট ক্রিকেটার।

♦ **আবদুল্লাহ আল নোমান (১৯৪৫ সাল-২৫ ফেব্রুয়ারি ২০২৫)** : বীর মুক্তিযোদ্ধা, বিএনপির ভাইস চেয়ারম্যান ও সাবেক মন্ত্রী। তিনি চট্টগ্রামের রাউজানে জন্মগ্রহণ করেন। ১৯৭০ সালে ন্যাপের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক হন। ১৯৭১ সালে তিনি সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে যোগ দেন। এরপর ১৯৮১ সালে যোগ দেন বিএনপিতে। ১৯৯১-১৯৯৬ মেয়াদে তিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী এবং ১৩ মার্চ ২০০২-২৯ অক্টোবর ২০০৬ মেয়াদে খাদ্য মন্ত্রীর দায়িত্ব পালন করেন।



♦ **অধ্যাপক টি এ চৌধুরী (১০ অক্টোবর ১৯৩৭- ৯ মার্চ ২০২৫)** : দেশের বিশিষ্ট স্ত্রীরোগ বিশেষজ্ঞ। তার পুরো নাম তৌহিদুল আনোয়ার চৌধুরী। ৮০-এর দশকে তৎকালীন ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট মেডিসিন অ্যান্ড রিসার্চে (বর্তমানে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়) যোগ দেন। ২০১৭ সালে চিকিৎসা বিদ্যায় অবদানের জন্য স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন।

♦ **অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক (২৬ অক্টোবর ১৯৫৩-১৩ মার্চ ২০২৫)** : ঢাবির সাবেক উপাচার্য। পৈতৃক নিবাস নরসিংদী জেলার রায়পুরা উপজেলার বাঁশগাড়ী ইউনিয়নে। তার পুরো নাম আবু আহসান মো. সামসুল আরেফিন সিদ্দিক। তিনি ১৫ জানুয়ারি ২০০৯-৭ সেপ্টেম্বর ২০১৭ মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৭তম উপাচার্য ছিলেন।



♦ **সৈয়দ আবিদ আলী (৯ সেপ্টেম্বর ১৯৪১-১২ মার্চ ২০২৫)** : ভারতীয় ক্রিকেটার। ভারতের ওয়ানডে ইতিহাসের প্রথম পাঁচটি ম্যাচই খেলা আবিদ আলী ছিলেন ১৯৭৫ বিশ্বকাপ দলে। বিশ্বকাপে ভারতের প্রথম ছক্কাটি আসে তার ব্যাট থেকেই।




# পদক-পুরস্কার

## ৯৭তম অস্কার

বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ চলচ্চিত্র পুরস্কার হলো অস্কার বা একাডেমি অ্যাওয়ার্ড। ২ মার্চ ২০২৫ লস অ্যাঞ্জেলেসের হলিউড অ্যান্ড হাইল্যান্ড সেন্টারের ডলবি থিয়েটারে ঘোষণা করা হয় ৯৭তম একাডেমি অ্যাওয়ার্ড। এবারের আসরের উল্লেখযোগ্য বিজয়ী—

- চলচ্চিত্র : আনোরা (অ্যালেক্স কোকো, সামান্থা কোয়ান, শন বেকার)
- অভিনেতা : অ্যাড্রিয়েন ব্রডি (দ্য ব্রুটালিস্ট)
- অভিনেত্রী : মাইকি ম্যাডিসন (আনোরা)
- পরিচালক : শন বেকার (আনোরা)
- মৌলিক চিত্রনাট্য : আনোরা (শন বেকার)
- অ্যানিমেটেড চলচ্চিত্র : ফ্লো (গিন্টস জিলবালোডিস, মাতিস কাজা, রন ডাইন্স, গ্রেগরি জাল্কম্যান)
- অ্যানিমেটেড স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র : ইন দ্য শ্যাডো অব দ্য সাইপ্রেস (শিরিন সোহানি, হোসেন মোলায়েমি)
- আন্তর্জাতিক চলচ্চিত্র : আই অ্যাম স্টিল হিয়ার (ব্রাজিল)
- চিত্রগ্রহণ : দ্য ব্রুটালিস্ট (লল ক্রলি)
- পোশাক পরিকল্পনা : উইকেড (পল টেজওয়েল)
- প্রামাণ্যচিত্র : নো আদার ল্যান্ড (বাসেল আদ্রা, র‍্যাচেল সোর, হামদান বাল্লাল, ইউভাল আব্রাহাম)
- স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র : দ্য অনলি গার্ল ইন দ্য অর্কেস্ট্রা (মলি ওব্রায়েন ও লিসা রেমিংটন)
- সম্পাদনা : আনোরা (শন বেকার)
- রূপসজ্জা ও চুলসজ্জা : দ্য সাবস্ট্যান্স (পিয়ের-অলিভিয়ের পেরসাঁ, স্টেফানি গিয়োঁ, ম্যারিলিন স্কারসেলি)
- মৌলিক আবহসংগীত : দ্য ব্রুটালিস্ট (ড্যানিয়েল ব্লুমবার্গ)
- মৌলিক গান : এল মাল (এমিলিয়া পেরেজ; ক্লেমোঁ দ্যুকল, কামিল, জ্যাক অঁডিয়ার)
- শিল্প নির্দেশনা : উইকেড (নাথান ক্রোলি, লি স্যান্ডালস)
- শব্দ : ডুন : পার্ট টু (গারেথ জন, রিচার্ড কিং, রন বার্টলেট, ডগ হেমফিল)
- ভিজ্যুয়াল এফেক্টস : ডুন : পার্ট টু (পল ল্যাম্বার্ট, স্টিফেন জেমস, রাইস স্যালকম্ব, জার্ড নেফজার)
- শর্টফিল্ম : আই অ্যাম নট আ রোবট (ভিক্টোরিয়া ওয়ারমারডাম, ট্রেন্ট)
- সম্মানসূচক অস্কার : সংগীত প্রযোজক কুইন্সি জোন্স (মরণোত্তর), কাস্টিং পরিচালক জুলিয়েট টেলর।



অস্কারের ইতিহাসে শন বেকারই প্রথম ব্যক্তি যিনি একই চলচ্চিত্রের জন্য চারটি পৃথক বিভাগে পুরস্কার লাভ করেন।

## স্বাধীনতা পুরস্কার ২০২৫

বাংলাদেশ সরকারকর্তৃক প্রদত্ত সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পুরস্কার। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীর শহিদদের স্মরণে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান ১৯৭৭ সালে স্বাধীনতা পুরস্কার প্রবর্তন করেন। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ১৮ ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণের পদক, পদকের একটি রেপ্লিকা, ৫ লাখ টাকা ও একটি সম্মাননাপত্র দেওয়া হয়। ২০২৫ সালে ৭ জন ব্যক্তি স্বাধীনতা পুরস্কারে ভূষিত হন।



### ২০২৫ সালে বিজয়ী

| নাম | ক্ষেত্র |
|---|---|
| অধ্যাপক জামাল নজরুল ইসলাম (মরণোত্তর) | বিজ্ঞান ও প্রযুক্তি |
| মীর আবদুস শুকুর আল মাহমুদ (মরণোত্তর) | সাহিত্য |
| নভেরা আহমেদ (মরণোত্তর) | সংস্কৃতি |
| স্যার ফজলে হাসান আবেদ (মরণোত্তর) | সমাজসেবা |
| মোহাম্মদ মাহবুবুল হক খান ওরফে আজম খান (মরণোত্তর) | মুক্তিযুদ্ধ ও সংস্কৃতি |
| জনাব বদরুদ্দীন মোহাম্মদ উমর | শিক্ষা ও গবেষণা |
| আবরার ফাহাদ (মরণোত্তর) | প্রতিবাদী তারুণ্য |

### ■ জিয়াউর রহমানের পুরস্কার বহাল



১১ মার্চ ২০২৫ সরকার শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে দেওয়া স্বাধীনতা পুরস্কার বাতিলের সিদ্ধান্ত রহিত করে। অর্থাৎ তাকে দেওয়া স্বাধীনতা পুরস্কার বহাল করা হয়। ২০০৩ সালে তাকে এই পুরস্কার দেওয়া হয়। ২৪ আগস্ট ২০১৬ তৎকালীন জাতীয় পুরস্কার-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি জিয়ার স্বাধীনতা পদক প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়। পরে জাতীয় জাদুঘর থেকে তার পদকটি সরিয়ে নেওয়া হয়।

## অদম্য নারী পুরস্কার ২০২৫

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসে দেশের অদম্য নারীদের হাতে 'অদম্য নারী পুরস্কার ২০২৫' সম্মাননা তুলে দেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। পুরস্কারপ্রাপ্তরা হলেন—

- অর্থনীতি : শরিফা সুলতানা
- শিক্ষা ও কর্মক্ষেত্র : হালিমা বেগম
- সফল জননী : মেরিনা বেসরা
- জীবনসংগ্রামে জয়ী : লিপি বেগম
- সমাজ উন্নয়ন : মো. মুহিন (মোহনা)
- বিশেষ সম্মাননা : বাংলাদেশ নারী ক্রিকেট দল।

লাটভিয়ার প্রথম প্রধানমন্ত্রী কার্লিস উলমানিস



## দিবস প্রতিপাদ্য : মার্চ

**জাতীয়**

১ : জাতীয় বীমা দিবস।
২ : জাতীয় পতাকা উত্তোলন দিবস।
: জাতীয় ভোটার দিবস। প্রতিপাদ্য— তোমার আমার বাংলাদেশে, ভোট দেব মিলেমিশে।
৫ : ইউরোলজি দিবস। প্রতিপাদ্য— কিডনী সমস্যা, ইউরোলজিস্টই ভরসা।
৬ : জাতীয় পাট দিবস।
১০ : জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস।
২৫ : গণহত্যা দিবস।
২৬ : স্বাধীনতা ও জাতীয় দিবস।

**আন্তর্জাতিক**

১ : শূন্য বৈষম্যহীন দিবস। প্রতিপাদ্য— আমরা এক সাথে দাঁড়াই।
৩ : বিশ্ব বন্যপ্রাণী দিবস। প্রতিপাদ্য— বন্যপ্রাণী সংরক্ষণে অর্থায়ন, মানুষ ও ধরিত্রীর উন্নয়ন।
: বিশ্ব শ্রবণ দিবস। প্রতিপাদ্য— মানসিকতার পরিবর্তন : নিজেকে শক্তিশালী করে তুলুন এবং সকলের জন্য কান এবং শ্রবণের সঠিক যত্ন বাস্তবায়িত হোক।
: বিশ্ব জন্মগত ত্রুটি দিবস।
৮ : আন্তর্জাতিক নারী দিবস। প্রতিপাদ্য— সমতা ক্ষমতায়ন অধিকার: নারী কন্যা সবার।
১০ : (মার্চ মাসের দ্বিতীয় সোমবার) কমনওয়েলথ দিবস।
১২ : বিশ্ব গ্লুকোমা দিবস।
১৩ : (মার্চ মাসের দ্বিতীয় বৃহস্পতিবার) বিশ্ব কিডনি দিবস।
১৪ : আন্তর্জাতিক গণিত দিবস • আন্তর্জাতিক নদী রক্ষা দিবস।
১৫ : ইসলামফোবিয়ার বিরুদ্ধে লড়াইয়ের আন্তর্জাতিক দিবস • বিশ্ব পঙ্গু দিবস • বিশ্ব ভোক্তা অধিকার দিবস।
২০ : আন্তর্জাতিক সুখ দিবস • বিশ্ব শিশু-কিশোর ও যুব নাট্য দিবস • ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে • ফরাসি ভাষা দিবস।
২১ : বিশ্ব ডাউন সিনড্রোম দিবস • বিশ্ব বন দিবস • বিশ্ব কবিতা দিবস • আন্তর্জাতিক বর্ণবৈষম্য বিলোপ দিবস • আন্তর্জাতিক নওরোজ দিবস • ওয়ার্ল্ড হোম ইকোনমিক্স ডে • বিশ্ব পুতুল নাট্য দিবস • (মার্চ মাসের তৃতীয় শুক্রবার) বিশ্ব ঘুম দিবস।
২২ : বিশ্ব পানি দিবস।
২৩ : বিশ্ব আবহাওয়া দিবস।
২৪ : বিশ্ব যক্ষা দিবস।
২৫ : International Day of Remembrance of the Victims of Slavery and the Transatlantic Slave Trade.
: International Day of Solidarity with Detained and Missing Staff Member.
২৭ : বিশ্ব নাট্য দিবস।
২৯ : (মার্চ মাসের শেষ শনিবার) Earth Hour।
৩০ : বিশ্ব চিকিৎসক দিবস।
: আন্তর্জাতিক শূন্য বর্জ্য দিবস।

**সপ্তাহ**

৯-১৫ : বিশ্ব গ্লুকোমা সচেতনতা সপ্তাহ।

## রিপোর্ট-সমীক্ষা

### বৈশ্বিক গণতান্ত্রিক সূচক

প্রকাশকাল : ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | প্রকাশক : Economic Intelligence Unit (EIU) | অন্তর্ভুক্ত দেশ : ১৬৫টি দেশ ও ২টি অঞ্চল | প্রতিবেদনের শিরোনাম : Democracy Index 2024। সূচক অনুযায়ী—

- শীর্ষ দেশ : নরওয়ে।
- সর্বনিম্ন দেশ : আফগানিস্তান।
- বাংলাদেশের অবস্থান : ১০০তম।

### বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচক

প্রকাশকাল : ৫ মার্চ ২০২৫ | প্রকাশক : অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক Institute for Economics & Peace (IEP) | অন্তর্ভুক্ত দেশ : ১৬৩টি | প্রতিবেদনের শিরোনাম : Global Terrorism Index 2025।
সূচক অনুযায়ী—

- শীর্ষ দেশ : বারকিনা ফাসো।
- বাংলাদেশের অবস্থান : ৩৫তম।

### বৈশ্বিক বায়ুমান প্রতিবেদন

প্রকাশকাল : ১১ মার্চ ২০২৫ | প্রকাশক : সুইজারল্যান্ডভিত্তিক সংস্থা IQ Air | প্রতিবেদনের শিরোনাম : 2024 IQAir World Air Quality Report | অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল : ১৩৮।
প্রতিবেদন অনুযায়ী—

- বায়ু দূষণে শীর্ষ দেশ : শাদ।
- বাংলাদেশের অবস্থান : দ্বিতীয়।
- শীর্ষ দূষিত রাজধানী : নয়াদিল্লি, ভারত
- ঢাকার অবস্থান : তৃতীয়।

গত ৪ বছরে শীর্ষ দেশ ও বাংলাদেশের অবস্থান

| সাল | শীর্ষ দেশ | বাংলাদেশ | শীর্ষ দূষিত রাজধানী | ঢাকা |
|---|---|---|---|---|
| ২০২৩ | বাংলাদেশ | প্রথম | নয়াদিল্লি, ভারত | দ্বিতীয় |
| ২০২২ | শাদ | পঞ্চম | এনজামেনা, শাদ | পঞ্চম |
| ২০২১ | বাংলাদেশ | প্রথম | নয়াদিল্লি, ভারত | দ্বিতীয় |
| ২০২০ | বাংলাদেশ | প্রথম | নয়াদিল্লি, ভারত | দ্বিতীয় |

### বৈশ্বিক অস্ত্র আমদানি-রপ্তানি

প্রকাশকাল : মার্চ ২০২৫ | প্রকাশক : Stockholm International Peace Research Institute (SIPRI), সুইডেন | অন্তর্ভুক্ত দেশ : রপ্তানিতে ২৫টি এবং আমদানিতে ৪০টি | প্রতিবেদনের শিরোনাম : Trends in International Arms Transfers, 2024।
প্রতিবেদন অনুযায়ী—

- ২০২০-২৪ সালে অস্ত্র রপ্তানিতে শীর্ষ দেশ : যুক্তরাষ্ট্র।
- অস্ত্র আমদানিতে শীর্ষ দেশ : ইউক্রেন।

লাটভিয়ার বর্তমান প্রধানমন্ত্রী হলেন এভিকা সিলিনা

# স্যাটেলাইট ইন্টারনেটের ইতিকথা

বাংলাদেশে শীঘ্রই চালু হবে স্টারলিংকের ইন্টারনেট সেবা। ইতিমধ্যেই বাংলাদেশি বেশ কয়েকটি প্রতিষ্ঠান স্টারলিংকের সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে দেশে গ্রাউন্ড আর্থ স্টেশন স্থাপনে সহায়তা দিচ্ছে। এই উপলক্ষ্যে আমাদের বিশেষ আয়োজন।



## ইন্টারনেট

ইন্টারনেট (Internet) হলো International Network-এর সংক্ষিপ্ত রূপ। ইন্টারনেট একটি বৈশ্বিক নেটওয়ার্ক সিস্টেম, যা ক্যাবল বা স্যাটেলাইটসহ বিভিন্ন মাধ্যম ব্যবহার করে লক্ষ লক্ষ কম্পিউটার এবং ডিভাইসকে একত্রে সংযুক্ত করে এবং তাদের মধ্যে তথ্য বিনিময় করতে সাহায্য করে।

## স্যাটেলাইট ইন্টারনেট

স্যাটেলাইট ইন্টারনেট এমন একটি প্রযুক্তি, যা স্যাটেলাইটের মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদান করে। স্যাটেলাইট ইন্টারনেট সেবা পাওয়ার জন্য একটি এন্টেনা বা ডিভাইস ব্যবহার করতে হবে, যা স্যাটেলাইটের সাথে সংযুক্ত থেকে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা নিশ্চিত করে।

## ধরন

স্যাটেলাইট ইন্টারনেট প্রধানত দুই ধরনের হয়।

**ভূ-স্থির কক্ষপথ :** এই স্যাটেলাইটগুলো পৃথিবীর প্রায় ৩৬,০০০ কিলোমিটার উচ্চতায় স্থিরভাবে অবস্থান করে। এতে সংকেত পাঠানো ও গ্রহণে কিছুটা বিলম্ব হয়।

**পৃথিবীর নিম্ন কক্ষপথ :** এই স্যাটেলাইটগুলো পৃথিবীর পৃষ্ঠ থেকে প্রায় ৫০০-২,০০০ কিলোমিটার উচ্চতায় অবস্থান করে এবং দ্রুতগতিতে পৃথিবীকে প্রদক্ষিণ করে। এতে দ্রুতগতির ইন্টারনেট সেবা দেওয়া সম্ভব হয়।

## ইতিহাস

১৯৬০-এর দশকে স্যাটেলাইট ইন্টারনেটের যাত্রা শু[illegible] হয়। ১৯৬২ সালে টেলস্টার-১ নামে প্রথম স্যাটেলাই[illegible] যোগাযোগ ব্যবস্থা চালু করা হয়। ১৯৯৬ সালে ইন্টারনে[illegible] পরিষেবা প্রদানকারী প্রথম উপগ্রহ উৎক্ষেপণ করা হয়, য[illegible] নাম ছিল 'হিউজেস নেটওয়ার্ক সিস্টেম' বা HNS-1। ২০০[illegible] সালে টেলিডেসিক, ইরিডিয়াম এবং গ্লোবালস্টারসহ বে[illegible] কয়েকটি কোম্পানি বিশ্বব্যাপী ব্রডব্যান্ড ইন্টারনেট সে[illegible] প্রদানের জন্য স্যাটেলাইট উৎক্ষেপণ করে। স্যাটেলাই[illegible] ইন্টারনেটের ক্ষেত্রে বড় অগ্রগতি আসে যখন স্পেসএ[illegible] ২০১৯ সালে তার স্টারলিংক স্যাটেলাইট উৎক্ষেপণ শু[illegible] করে। স্টারলিংক ছাড়াও ওয়ানওয়েব, স্পেসসেইল[illegible] অ্যামাজন প্রজেক্ট কুইপার এবং টেলিস্যাটের মতো[illegible] কোম্পানিগুলো বিশ্বব্যাপী স্যাটেলাইট ইন্টারনেট সে[illegible] প্রদান করে।

## স্যাটেলাইট ইন্টারনেটের কার্যপ্রক্রিয়া

তিনটি প্রধান উপাদান প্রয়োজন স্যাটেলাইট ইন্টারনে[illegible] সেবার জন্য। এগুলো হলো— স্যাটেলাইট, গ্রাউন্ড স্টেশ[illegible] (গেটওয়ে) এবং ব্যবহারকারীর টার্মিনাল (ডিশ)। ব্যবহারকারী যখন কোনো ওয়েবসাইটে প্রবেশ করতে চান, তখন তা[illegible] ডিভাইস থেকে ওয়েবসাইটে প্রবেশের রিকোয়েস্টটি মডেমের মাধ্যমে স্যাটেলাইট ডিশে পৌঁছায়। ডিশটি সেই রিকোয়েস্ট স্যাটেলাইটে পাঠায়। স্যাটেলাইটটি সেই রিকোয়েস্ট কাছের গেটওয়েতে পাঠায়, যা ইন্টারনেটের মূল অবকাঠামোর সঙ্গে সংযুক্ত। গেটওয়ে রিকোয়েস্ট করা ডেটা ইন্টারনেট থেকে সংগ্রহ করে এবং স্যাটেলাইটের মাধ্যমে তা ব্যবহারকারীর ডিশে পাঠায়। ডিশটি সেই ডাটা মডেমের মাধ্যমে ব্যবহারকারীর ডিভাইসে পৌঁছে দেয়, ফলে ব্যবহারকারী ওয়েবসাইটটি দেখতে পান।

## স্টারলিংক

স্টারলিংক হলো মার্কিন ধনকুবের ইলন মাস্কের মালিকানাধীন স্পেসএক্সের অধীনে পরিচালিত একটি প্রকল্প। মূলত স্টারলিংকের লক্ষ্য ও উদ্দেশ্য হলো, পৃথিবীর সকল জায়গায় উচ্চ গতির ইন্টারনেট সরবরাহ করা। ২৩ মে ২০১৯ স্পেসএক্স প্রথম ৬০টি স্টারলিংক স্যাটেলাইট উৎক্ষেপণ করে। ২০২৫ সালের ফেব্রুয়ারি পর্যন্ত, স্টারলিংকের প্রায় ৭,০০০ স্যাটেলাইট পৃথিবীর নিম্ন কক্ষপথে স্থাপন রয়েছে। বর্তমানে বিশ্বের প্রায় ১০০টি দেশে স্টারলিংক সেবা দিচ্ছে। বাংলাদেশে স্টারলিংক ইন্টারনেট চালু হলে প্রত্যন্ত গ্রাম, চরাঞ্চল ও পাহাড়ি এলাকার মানুষ উপকৃত হবে। বন্যা বা ঘূর্ণিঝড়ের সময় জরুরি যোগাযোগ বজায় রাখতে পারবে। সেনাবাহিনী, নৌবাহিনী ও সীমান্তরক্ষীদের জন্য নিরবচ্ছিন্ন ও নিরাপদ সংযোগ নিশ্চিত করতে পারবে।

**উল্লেখযোগ্য কয়েকটি দেশে স্টারলিংক**

| দেশ | কার্যক্রম শুরু | দেশ | কার্যক্রম শুরু |
|---|---|---|---|
| যুক্তরাষ্ট্র | নভেম্বর ২০২০ | যুক্তরাজ্য | জানুয়ারি ২০২১ |
| জাপান | অক্টোবর ২০২২ | জার্মানি | মার্চ ২০২১ |
| মালদ্বীপ | নভেম্বর ২০২৩ | অস্ট্রেলিয়া | এপ্রিল ২০২১ |
| ভুটান | ফেব্রুয়ারি ২০২৫ | নিউজিল্যান্ড | এপ্রিল ২০২১ |

লাটভিয়ার প্রথম প্রেসিডেন্ট জানিস চাকস্টস



# দেশ পরিক্রমা



## FSDS'র আত্মপ্রকাশ

২৩ ফেব্রুয়ারি ২০২৫ Foundation for Strategic and Development Studies (FSDS) নামে গবেষণাধর্মী একটি 'থিংক ট্যাংক' প্রতিষ্ঠানের আত্মপ্রকাশ ঘটে। এটি রাষ্ট্রে সুশাসন, জাতীয় নিরাপত্তা, উন্নয়ন এবং পলিসি কর্মকৌশল নির্ধারণ প্রক্রিয়া নিয়ে গবেষণা করবে। ঢাকার র‍্যাডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে প্রতিষ্ঠানটির আত্মপ্রকাশের অনুষ্ঠান হয়।

## CAAB'র গোল্ড সদস্যপদ অর্জন

আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থার (ICAO) গোল্ড সদস্যপদ পায় বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) আওতাধীন সিভিল এভিয়েশন একাডেমি। ১২ ফেব্রুয়ারি ২০২৫ বেবিচক এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে অনুষ্ঠিত ICAO'র গ্লোবাল ইমপ্লিমেন্টেশন সাপোর্ট সিম্পোজিয়াম-২০২৫-এ গোল্ড মেম্বারশিপ ফলক হস্তান্তর করা হয়।

## প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা

২৬ ফেব্রুয়ারি ২০২৫ নতুন 'প্রেস অ্যাক্রিডিটেশন নীতিমালা, ২০২৫' জারি করা হয়। নীতিমালা অনুযায়ী গণমাধ্যমের সম্পাদক, নির্বাহী সম্পাদক, উপসম্পাদক, বার্তা সম্পাদক, বিভাগীয় সম্পাদক, প্রতিবেদক, আলোকচিত্রী ও ভিডিওগ্রাফারের মোট সংখ্যার আনুপাতিক হারে কার্ড দেওয়া হবে। নতুন নীতিমালায় সবাই একই ধরনের কার্ড পাবেন। কার্ডের মেয়াদ হবে ৩ বছর। অবসরপ্রাপ্ত অভিজ্ঞ সম্পাদক, বরেণ্য সাংবাদিক বা কলামিস্টরা ফ্রিল্যান্স সাংবাদিক হিসেবে প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড পাবেন। এক্ষেত্রে মূলধারার গণমাধ্যমে কমপক্ষে ২০ বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা এবং মূলধারার গণমাধ্যমে বছরে অন্তত ১০টি প্রতিবেদন প্রকাশের প্রমাণ দাখিল করতে হবে।

## চসিকের লোগোর পরিবর্তন

২৫ ফেব্রুয়ারি ২০২৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) নতুন লোগো প্রকাশ করা হয়। লোগোতে নৌকার স্থলে জাতীয় ফুল শাপলার প্রতীক যুক্ত করা হয়। এতদিন চসিকের লোগোতে পাহাড়, নদী, নদীতে চট্টগ্রামের ঐতিহ্যবাহী সাম্পান ও সড়ক বাতি ছিল।

পূর্বে | বর্তমানে

## জুলাই যোদ্ধাদের স্বীকৃতি

ছাত্র-জনতার অভ্যুত্থানে যারা নিহত হন তারা 'জুলাই শহিদ' নামে ও যারা আহত হন তারা 'জুলাই যোদ্ধা' নামে পরিচিতি পাবেন। শহিদ পরিবারগুলো সনদ পাবেন ও পরিচয়পত্র পাবেন। তারা সঞ্চয়পত্রের মাধ্যমে ৩০ লাখ টাকা পাবেন।

আহতরা তিনটি শ্রেণিতে সহায়তা পাবেন। শ্রেণিগুলো হলো 'ক' (অতি গুরুতর আহত), 'খ'(গুরুতর আহত), এবং 'গ' (আহত)। জুলাই যোদ্ধারা আজীবন চিকিৎসা সুবিধা পাবেন।

- 'ক' শ্রেণির ব্যক্তিরা চিকিৎসার পরও শারীরিক অসামর্থ্যতার কারণে অন্যের সহায়তা ছাড়া জীবনযাপনে অক্ষম। তাদের এককালীন ৫ লাখ টাকা প্রদান করা হবে। এছাড়া তারা মাসিক ২০,০০০ টাকা ভাতা পাবেন। বিভিন্ন সরকারি হাসপাতালে আজীবন চিকিৎসা সুবিধা পাওয়ার পাশাপাশি উপযুক্ত মেডিকেল বোর্ডের সুপারিশে দেশি-বিদেশি হাসপাতালে চিকিৎসা সেবা পাবেন।
- 'খ' শ্রেণির ব্যক্তিরা হলেন যাদের একটি অঙ্গহানি হয়েছে তারা এককালীন ৩ লাখ টাকা এবং প্রতি মাসে ১৫,০০০ টাকা ভাতা পাবেন।
- 'গ' শ্রেণির ব্যক্তিরা হলেন যারা সামান্য আহত ছিলেন চিকিৎসা নিয়েছেন ভালো হয়ে গেছেন, তারা চাকরিসহ পুনর্বাসন কর্মসূচিতে অগ্রাধিকার পাবেন। তারা এককালীন ১ লাখ টাকা করে পাবেন। এছাড়াও প্রতিমাসে ১০,০০০ টাকা ভাতা পাবেন। উল্লেখ্য, আহতরা বিভিন্ন মাত্রায় প্রশিক্ষণ পাবেন। সরকারি, আধা-সরকারি ও অন্যান্য চাকরিতে তারা অগ্রাধিকার ভিত্তিতে তাদের কর্মসংস্থান করা হবে। তারা পুনর্বাসন সুবিধা পাবেন এবং পরিচয়পত্র দেখিয়ে সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা পাবেন।

**প্রজ্ঞাপন ও গেজেট**

১৫ জানুয়ারি ২০২৫ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জুলাই গণঅভ্যুত্থান ২০২৪ এর ৮৩৪ জন শহিদের তালিকা প্রজ্ঞাপন ও গেজেট আকারে প্রকাশ করে। গেজেটে আহতদের মেডিকেল কেস আইডি, নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা প্রকাশ করা হয়। এরপর 'জুলাই যোদ্ধা'দের তালিকা প্রকাশ করে।

**জুলাই যোদ্ধা**

| শ্রেণি | প্রজ্ঞাপন | গেজেট | মোট |
|---|---|---|---|
| ক | ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | ৪৯৩ |
| খ | ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | ৯০৮ |
| গ | ৪ মার্চ ২০২৫ | ৪ মার্চ ২০২৫ | ৩৮৯৪ |
| | ৪ মার্চ ২০২৫ | ৫ মার্চ ২০২৫ | ৪৩৪০ |

লাটভিয়ার বর্তমান প্রেসিডেন্ট এডগারস রিঙ্কেভিচস



# বাঙালির আত্মপরিচয় বাংলা নবব

নববর্ষ আর বাঙালির উৎসব আয়োজন এক সুরে বাঁধা। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে স শ্রেণির প্রাণের উৎসব বাংলা নববর্ষকে কেন্দ্র করেই পুষ্পিত হচ্ছে। এ কারণেই প্রায় বছর ধরে বাঙালির সর্বজনীন ও সবচেয়ে বড় উৎসব বাংলা নববর্ষ। নববর্ষের মাহেন্দ্রক্ষ উৎসবের নানা বিষয় নিয়ে আমাদের এ বিশেষ আয়ো

## যেভাবে এলো

বাংলা একাডেমি বিশিষ্ট ভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ্-এর নেতৃত্বে ১৯৬৩ সালে বাংলা পঞ্জিকা সংস্কার কমিটি গঠন করে। পরবর্তীতে এ কমিটি শহীদুল্লাহ কমিটি নামে আখ্যায়িত হয়। এ কমিটি অন্যান্য সুপারিশের পাশাপাশি ১৪ এপ্রিলকে পহেলা বৈশাখ নির্ধারণের সুপারিশ করে। পরবর্তীতে 'বাংলা বর্ষপঞ্জি সংস্কার কমিটি' নামে আরেকটি কমিটির সুপারিশের আলোকে বাংলা একাডেমির (বাংলা ২৮.০৫.১৪০১) ১২ সেপ্টেম্বর ১৯৯৪ অনুষ্ঠিত সভায় ১৪ এপ্রিলকে পহেলা বৈশাখ ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। এরপর ২৯ শ্রাবণ ১৪০২ (১৩ আগস্ট ১৯৯৫) এ দু'সভার মাধ্যমে গঠিত টাস্কফোর্স ১৪০২ সালের ১ বৈশাখ থেকে অর্থাৎ ১৪ এপ্রিল ১৯৯৫ থেকে এটি কার্যকরের সিদ্ধান্ত নেয়। এভাবেই পহেলা বৈশাখরূপে (শুভ নববর্ষ) প্রতিবছরই পালিত হয় ১৪ এপ্রিল।

## বাংলা বর্ষপঞ্জিতে অধিবর্ষ

বাংলা বর্ষপঞ্জি, যা সম্রাট আকবরকর্তৃক প্রবর্তিত হয়, তাতে অধিবর্ষের ধারণা দেখা যায় না। পরবর্তী সময়ে বাংলাদেশে 'বাংলা একাডেমি' কর্তৃক প্রস্তুত নতুন বর্ষপঞ্জি মতে, বাংলা বর্ষপঞ্জিতেও গ্রেগরীয় বর্ষপঞ্জি অনুসরণে ফেব্রুয়ারি মাসের মতো প্রতি চার বছর পরপর বছরের শেষ মাস চৈত্রে অতিরিক্ত একটি দিন গণনা করা হয়। বাংলাদেশে প্রথমবারের মতো খ্রিষ্টীয় সনের পাশাপাশি সরকারিভাবে বাংলা সন লেখার প্রচলন হয় ১৯৮৮ সাল থেকে। ঐতিহ্যগতভাবে সূর্যোদয় থেকে বাংলা দিন গণনার রীতি থাকলেও ১৪০২ বঙ্গাব্দের ১ বৈশাখ (১৯৯৫ সাল) থেকে বাংলা একাডেমি এ নিয়ম বাতিল করে আন্তর্জাতিক রীতির সাথে সামঞ্জস্য রাখতে রাত ১২টায় দিন গণনা শুরুর নিয়ম চালু করে।

**বিশেষ কয়েকটি বাংলা তারিখ** > ১ বৈশাখ বাংলা নববর্ষ ❙ ২৫ বৈশাখ রবীন্দ্র জয়ন্তী ❙ ১১ জ্যৈষ্ঠ নজরুল জয়ন্তী ❙ ২২ শ্রাবণ রবীন্দ্র প্রয়াণ দিবস ❙ ১২ ভাদ্র নজরুলের মৃত্যু দিবস।

**ঐতিহাসিক ঘটনা ও বাংলা তারিখ**

| ঘটনা | খ্রিষ্টীয় সাল | বঙ্গাব্দ |
|---|---|---|
| একুশে ফেব্রুয়ারি | ২১ ফেব্রুয়ারি ১৯৫২ | ৮ ফাল্গুন ১৩৫৮ |
| স্বাধীনতা দিবস | ২৬ মার্চ ১৯৭১ | ১২ চৈত্র ১৩৭৭ |
| বিজয় দিবস | ১৬ ডিসেম্বর ১৯৭১ | ২৯ অগ্রহায়ণ ১৩৭৮ |

## মঙ্গল শোভাযাত্রার ইতিকথা



দেশের লোকজ সংস্কৃতির উপস্থাপনের মাধ্যমে মানুষকে একত্র করার লক্ষ্যে ১৯৮৬ সালে যশো 'চারুপীঠ' নামের একটি সংগঠন প্রথমবারের মতো বর্ষ করতে আনন্দ শোভাযাত্রার আয়োজন করে। নান্দনি শোভাযাত্রা দেশব্যাপী আলোড়ন তৈরি করে। এ শোভাযাত্রার উদ্যোক্তাদের মধ্যে অন্যতম ছিলেন মাহবুব জামাল শামীম, শিল্পী হিরণ্ময় চন্দ, গোলাম দস্তগীর প্রমুখ। যশোরের সেই শোভাযাত্রার পর ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারুকলা ইনস্টিটিউটের উদ্যো আয়োজন করা হয় প্রথম আনন্দ শোভাযাত্রার। ১৯ সালে এ আনন্দ শোভাযাত্রাই 'মঙ্গল শোভাযাত্রা' ন পরিচিতি লাভ করে। বর্তমানে এ শোভাযাত্রা দেশের পেরিয়ে বিদেশেও আয়োজিত হয়।

## বাংলাদেশ ছাড়াও যেসব দেশে বর্ষবর

কেবল বাংলাদেশ নয়, এশিয়ার আরও কয়েকটি দেশে এপ্রিলে নতুন বর্ষবরণের উৎসব পালন করা হয়। এর ম ভারতের কয়েকটি রাজ্য, মিয়ানমার, নেপাল, থাইলা শ্রীলংকা, কম্বোডিয়া এবং ভিয়েতনাম অন্যতম। এছা উল্লেখযোগ্য কিছু দেশের নববর্ষ।

■ **ভারত :** কয়েকটি রাজ্যে বৈশাখ মাসের প্রথম দিন নব উদ্‌যাপন করা হয়। হিন্দু সৌর বছরের প্রথম দিন আস পশ্চিমবঙ্গ, কেরালা, মনিপুর, উড়িষ্যা, পাঞ্জাব, তামিল এবং ত্রিপুরার সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ।

■ **চীন :** চীনে বর্ষবরণ উৎসব আবার প্রতি বছর একই দি হয় না। সাধারণত ২১ জানুয়ারি-২০ ফেব্রুয়ারির মধ্য একটি দিনে শুরু হয় তাদের 'চন্দ্রবর্ষ'। মোট ১২টি প্রাণি থে প্রতি বছর একটি প্রাণিকে কেন্দ্র করে সাজানো হয় উৎস

■ **ইরান :** সূর্য হিজরি বর্ষপঞ্জির প্রথম দিনটি ঘরবাড়ি পরি করার মাধ্যমে শুরু হয় ইরানের নওরোজ বা বর্ষবরণ উৎস সাতটি নির্দিষ্ট উপাদানকে কেন্দ্র করে হয় তাদের বর্ষব যেগুলোকে তাদের রক্ষাকারী পবিত্র উপাদান মনে করা হ

■ **যুক্তরাজ্য :** যুক্তরাজ্যের স্কটল্যান্ডে বর্ষবরণ অনুষ্ঠান হয় ৩০ ডিসেম্বর থেকে। হাজারো মানুষ আগুনের মশ নিয়ে পার্লামেন্ট স্কয়ার থেকে ক্যাল্টন হিল পর্যন্ত তৈরি ক 'রিভার অব ফায়ার' বা আগুনের নদী।

■ **ইন্দোনেশিয়া :** ইন্দোনেশিয়ায় হিজরি বর্ষপঞ্জির প্রথম দি পালন করা হয় রোজা রাখা, প্রার্থনাসহ বিবিধ আয়োজ







# বাংলাদেশের প্রথম সরকার

*১৭ এপ্রিল ১৯৭১ তৎকালীন মেহেরপুর মহকুমার বৈদ্যনাথতলার আম্রকাননে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে।*

**প্রশ্ন :** বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে?
**উত্তর :** ১০ এপ্রিল ১৯৭১।
**প্রশ্ন :** প্রথম সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করে কবে?
**উত্তর :** ১৭ এপ্রিল ১৯৭১।
**প্রশ্ন :** বাংলাদেশের প্রথম সরকারের সময়কাল—
**উত্তর :** ১০ এপ্রিল ১৯৭১-১২ জানুয়ারি ১৯৭২।
**প্রশ্ন :** প্রথম সরকার আর কী নামে পরিচিত ছিল?
**উত্তর :** প্রবাসী বা অস্থায়ী বা মুজিবনগর সরকার।
**প্রশ্ন :** প্রথম সরকারের সদস্য সংখ্যা ছিল কত জন?
**উত্তর :** ৬ জন; ২৭ ডিসেম্বর ১৯৭১ রদবদল করে ১১ সদস্য করা হয়।
**প্রশ্ন :** বাংলাদেশের প্রথম সরকারের দায়িত্বপ্রাপ্তদের শপথবাক্য পাঠ করান কে?
**উত্তর :** অধ্যাপক এম ইউসুফ আলী।
**প্রশ্ন :** শপথগ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে?
**উত্তর :** আব্দুল মান্নান।
**প্রশ্ন :** রাষ্ট্রপতি কে ছিলেন?
**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
**প্রশ্ন :** অস্থায়ী রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি কে ছিলেন?
**উত্তর :** সৈয়দ নজরুল ইসলাম।
**প্রশ্ন :** প্রধানমন্ত্রী কে ছিলেন?
**উত্তর :** তাজউদ্দীন আহমদ।
**প্রশ্ন :** অর্থ, বাণিজ্য, শিল্প ও যোগাযোগ মন্ত্রী কে ছিলেন?
**উত্তর :** ক্যাপ্টেন এম মনসুর আলী।
**প্রশ্ন :** স্বরাষ্ট্র, সাহায্য ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন?
**উত্তর :** আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামান।
**প্রশ্ন :** পররাষ্ট্র, আইন ও সংসদবিষয়ক মন্ত্রী কে ছিলেন?
**উত্তর :** খন্দকার মোশতাক আহমদ।
**প্রশ্ন :** বাংলাদেশের প্রথম সরকারের সদর দপ্তর কোথায় ছিল?
**উত্তর :** ৮নং থিয়েটার রোড, কলকাতা; ভারত।
**প্রশ্ন :** মুজিবনগর সরকারকে দিকনির্দেশনা ও উপদেশ প্রদানের জন্য সর্বদলীয় উপদেষ্টা পরিষদ গঠন করা হয় কবে?
**উত্তর :** ৮ সেপ্টেম্বর ১৯৭১।
**প্রশ্ন :** সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন?
**উত্তর :** মওলানা আবদুল হামিদ খান ভাসানী।
**প্রশ্ন :** দেশের প্রথম সরকারের সর্বদলীয় উপদেষ্টা পরিষদের সদস্য ছিল কতজন?
**উত্তর :** ৮ জন।
**প্রশ্ন :** উপদেষ্টা পরিষদের বৈঠক আহ্বান ও পরিচালনা করেন কে?
**উত্তর :** তাজউদ্দীন আহমদ।
**প্রশ্ন :** সর্বদলীয় উপদেষ্টা পরিষদে কতটি রাজনৈতিক দলের নেতারা স্থান পান?
**উত্তর :** ৫টি।
**প্রশ্ন :** বাংলাদেশের প্রতি প্রথম আনুগত্য প্রকাশকারী কূটনীতিক কে?
**উত্তর :** কে এম শাহাবুদ্দিন আহমেদ ও আমজাদুল হক; ভারতের দিল্লিতে নিযুক্ত এ দুই কূটনীতিক ৬ এপ্রিল ১৯৭১ আনুগত্য প্রকাশ করে।
**প্রশ্ন :** ভারতের কলকাতায় নিযুক্ত পাকিস্তানি ডেপুটি হাইকমিশনের প্রধান হোসেন আলী কবে আনুগত্য প্রকাশ করে?
**উত্তর :** ১৮ এপ্রিল ১৯৭১।

## স্বাধীনতার ঘোষণাপত্র

**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্রের রচয়িতা কে?
**উত্তর :** ব্যারিস্টার এম. আমীর-উল ইসলাম।
**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় কবে?
**উত্তর :** ১০ এপ্রিল ১৯৭১।
**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয় কবে?
**উত্তর :** ১৭ এপ্রিল ১৯৭১।
**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্র কার্যকর করা হয় কবে থেকে?
**উত্তর :** ২৬ মার্চ ১৯৭১।
**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন কে?
**উত্তর :** অধ্যাপক এম ইউসুফ আলী।
**প্রশ্ন :** স্বাধীনতার ঘোষণাপত্র কোথায় পাঠ করা হয়?
**উত্তর :** মুজিবনগর।
**প্রশ্ন :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের কততম তফসিলে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র যুক্ত করা হয়?
**উত্তর :** সপ্তম তফসিলে [১৫০(২) অনুচ্ছেদ]।
**প্রশ্ন :** সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র যুক্ত করা হয়?
**উত্তর :** ২০১১ সালের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে।

## প্রথম অধ্যাদেশ জারি

স্বাধীনতার ঘোষণাপত্রে প্রদত্ত ক্ষমতাবলে ১০ এপ্রিল ১৯৭১ অস্থায়ী ও উপ-রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম প্রথম অধ্যাদেশ জারি করেন। অধ্যাদেশটির শিরোনাম ছিল Laws Continuance Enforcement Order, 1971 (আইনের ধারাবাহিকতা বলবৎকরণ আদেশ, ১৯৭১)। এ অধ্যাদেশের মাধ্যমে ২৫ মার্চ ১৯৭১ পর্যন্ত বাংলাদেশে যে সকল আইন চালু ছিল, তা ঘোষণাপত্রের সাথে সামঞ্জস্য রেখে একইভাবে বলবৎ করা হয়। তবে সার্বভৌম স্বাধীন বাংলাদেশ গঠনের জন্য প্রয়োজনীয় সংশোধন করা যাবে। এ অধ্যাদেশ ২৬ মার্চ ১৯৭১ থেকে কার্যকর করা হয়। স্বাধীনতার ঘোষণাপত্র এবং এ অধ্যাদেশের মাধ্যমে ১২ জানুয়ারি ১৯৭২ পর্যন্ত সরকার পরিচালিত হয়।

# বাংলাদেশের চলচ্চিত্রের তথ্যকথা

চলচ্চিত্র বর্তমান বিশ্বের অন্যতম শক্তিশালী ও জনপ্রিয় গণমাধ্যম হিসেবে পরিচিত। ৩ এপ্রিল জাতীয় চলচ্চিত্র দিবস উপলক্ষে বাংলাদেশের চলচ্চিত্রের নানা তথ্য নিয়ে আমাদের এ আয়োজন।



## বাংলাদেশের চলচ্চিত্রে প্রথম

| ক্যাটাগরি | চলচ্চিত্র | পরিচালক | মুক্তি |
|---|---|---|---|
| সবাক চলচ্চিত্র | মুখ ও মুখোশ | আবদুল জব্বার খান | ০৩.০৮.১৯৫৬ |
| ভাষা আন্দোলনভিত্তিক চলচ্চিত্র | জীবন থেকে নেয়া | জহির রায়হান | ১০.০৪.১৯৭০ |
| মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র | Stop Genocide | জহির রায়হান | ১৯৭১ |
| মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র | ওরা ১১ জন | চাষী নজরুল ইসলাম | ১১.০৮.১৯৭২ |
| মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | আগামী | মোরশেদুল ইসলাম | ১৯৮৪ |
| ডিজিটাল শিশুতোষ চলচ্চিত্র | দূরবীন | জাফর ফিরোজ | ২৯.১০.২০০৯ |
| চাকমা ভাষার চলচ্চিত্র | মর থেংগারি | অং রাখাইন | ২০১৫ |
| মারমা ভাষার চলচ্চিত্র | গিরিকন্যা | প্রদীপ ঘোষ | ২০২২ |
| ম্রো ভাষার চলচ্চিত্র | কিওরি পেক্রা উও | এস কে শুভ সাদিক | ২০২৩ |
| ইংরেজিতে প্রথম বাংলাদেশি চলচ্চিত্র | জেকে ১৯৭১ | ফখরুল আরেফিন খান | ০৩.০৩.২০২৩ |

## জাতীয় চলচ্চিত্র পুরস্কার

বাংলাদেশের চলচ্চি… সবচেয়ে মর্যাদাপূর্ণ পুর… হলো 'জাতীয় চল… পুরস্কার'। ২৪ মার্চ ১… প্রথম জাতীয় চল… পুরস্কার ঘোষণা করা… ৪ এপ্রিল ১৯৭৬ প্রথম… জাতীয় চলচ্চিত্র পুর… প্রদান করা হয়। ২০… সালে চালু করা… আজীবন সম্মাননা পুরস্ক…

## অনুদানের প্রথম চলচ্চিত্র

বাংলাদেশ সরকার ১৯৭৬ সালে চলচ্চিত্রে অনুদান প্রথা চালু করে। চলচ্চিত্রশিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করাই এ অনুদানের মূল লক্ষ্য। ১৯৭৬-৭৭ অর্থবছরে প্রথম চারটি চলচ্চিত্র অনুদান পায়। এগুলো হলো— সূর্যদীঘল বাড়ী, এমিলের গোয়েন্দা বাহিনী, তোলপাড় ও মেহেরজান। এর মধ্যে 'সূর্যদীঘল বাড়ী' ৩০ ডিসেম্বর ১৯৭৯ প্রথম অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র হিসেবে মুক্তি পায়।

| চলচ্চিত্র | পরিচালক | মুক্তি |
|---|---|---|
| সূর্য দীঘল বাড়ী | মসিহউদ্দিন শাকের ও শেখ নিয়ামত আলী | ৩০ ডিসেম্বর ১৯৭৯ |
| এমিলের গোয়েন্দা বাহিনী* | বাদল রহমান | ২৯ আগস্ট ১৯৮০ |
| তোলপাড় | কবীর আনোয়ার | ৪ মার্চ ১৯৮৮ |
| মেহেরজান | বেবী ইসলাম | অসমাপ্ত |

[*এটি শিশুতোষ চলচ্চিত্র]

## অস্কারজয়ী প্রথম বাংলাদেশি

নাফিস বিন জাফর প্রথম বাংলাদেশি ব্যক্তি হিসেবে অস্কার লাভ করেন। ২০০৭ সালের Pirates of the Caribbean : At World's End চলচ্চিত্রে ডিজিটাল ফ্লুয়িড সিমুলেশন কৌশল তৈরির জন্য বৈজ্ঞানিক ও কারিগরি একাডেমি অ্যাওয়ার্ড অর্জন করেন। ২০১৪ সালে How to Train Your Dragon 2 চলচ্চিত্রে ব্যবহৃত ডিজিটাল বিধ্বংসী ইফেক্টস তৈরির স্বীকৃতি হিসেবে ২০১৪ সালে কারিগরি বিভাগে দ্বিতীয়বারের মতো অস্কার লাভ করেন।

## আরও কিছু প্রথম

- প্রথম সিনেমা হল শাবিস্তান, পূর্বনাম পিকচার হাউ…
- প্রথম স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব হয়— ১৯৮৮ সা…
- দ্বিবার্ষিক ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব প্র… অনুষ্ঠিত হয় ১৯৯২ সালে।



- বাংলা চলচ্চিত্রের প্রথম মুসলিম অভিনেত্রী বনানী চৌধুরী, তার আসল নাম বেগম আনোয়ারা নাহার চৌধুরী লিলি। [চলচ্চিত্র : বিশ বছর আগে; ১৯৪৬]
- প্রথম নারী চলচ্চিত্র পরিচালক রেবেকা, তার আসল… মনজর আরা বেগম। [চলচ্চিত্র : বিন্দু থেকে বৃত্ত; ১৯…
- প্রথম বাঙালি মুসলিম চলচ্চিত্র পরিচালক কাজী নজ… ইসলাম; চলচ্চিত্র : ধূপছায়া।
- কান চলচ্চিত্র উৎসবে পুরস্কারপ্রাপ্ত প্রথম বাংলাদে… চলচ্চিত্র— মাটির ময়না (পরিচালক : তারেক মাসুদ…



### আব্দুল জব্বার খান

(১৯১৬-২৮ ডিসেম্বর ১৯৯৩)

বাংলাদেশের চলচ্চিত্রের জনক। … চিত্রনাট্য, অভিনয় এবং পরিচালনায় … ও মুখোশ' চলচ্চিত্র বাংলাদেশের প্র… সবাক চলচ্চিত্র হিসেবে পরিচিত। ৩ আ… ১৯৫৬ চলচ্চিত্রটি মুক্তি পায়। চলচ্চিত্রের নাম প্রথমে রা… হয় 'ডাকাত'। পরে সাংবাদিক ফজল শাহাবুদ্দি… পরামর্শে নাম পরিবর্তন করে রাখা হয় 'মুখ ও মুখো…





# মাইক্রোসফটের সুবর্ণজয়ন্তী

মাইক্রোসফট কর্পোরেশন বিশ্বের অন্যতম বৃহত্তম, সুপরিচিত এবং বহুজাতিক আমেরিকান প্রযুক্তি কোম্পানি। ৪ এপ্রিল ১৯৭৫ এটি প্রতিষ্ঠিত হয়। সেই হিসেবে ৪ এপ্রিল ২০২৫ মাইক্রোসফটের সুবর্ণজয়ন্তী।

মাইক্রোসফট কর্পোরেশন (Microsoft Corporation) মূলত কম্পিউটার সফটওয়্যার, হার্ডওয়্যার, কনজিউমার ইলেকট্রনিক্স এবং ক্লাউড পরিষেবা প্রদান করে থাকে। শুরুতে এটির নাম ছিল মাইক্রো-সফট। ১৯৭৬ সালে - (হাইফেন) চিহ্নটি উঠে যায়। এর নামকরণের ক্ষেত্রে Microcomputer থেকে Micro শব্দটি এসেছে। আর Software থেকে Soft শব্দটি নেওয়া হয়। প্রতিষ্ঠাকালে সদর দপ্তর ছিল যুক্তরাষ্ট্রের নিউ ম্যাক্সিকোর আলবুকুয়ের্ক শহরে। বর্তমান সদর দপ্তর রেডমন্ড, ওয়াশিংটন।

## প্রতিষ্ঠার ইতিহাস

- ১৯৭২ : বিল গেটস, পল অ্যালেন ও পল গিলবার্ট মাইক্রোসফটের পূর্ব প্রতিষ্ঠান Traf-O-Data প্রতিষ্ঠা করেন।
- ৪ এপ্রিল ১৯৭৫ : বিল গেটস এবং পল অ্যালেন মাইক্রোসফট প্রতিষ্ঠা করেন। এর ফলে Traf-O-Data বিলুপ্ত হয়ে যায় • মাইক্রোসফট তাদের প্রথম পণ্য উন্মুক্ত করে যার নাম Altair BASIC (ইন্টারপ্রিটার)।
- ১ নভেম্বর ১৯৭৮ : জাপানে কোম্পানির প্রথম আন্তর্জাতিক অফিস প্রতিষ্ঠিত হয়।
- ২০ নভেম্বর ১৯৮৫ : উইন্ডোজ অপারেটিং সিস্টেমের প্রথম সংস্করণ উইন্ডোজ ১.০ চালু করে।
- ১৯ নভেম্বর ১৯৯০ : মাইক্রোসফট অফিস প্যাকেজ উন্মুক্ত করে, যা মাইক্রোসফট ওয়ার্ড, মাইক্রোসফট এক্সেল এবং মাইক্রোসফট পাওয়ার পয়েন্টকে সমন্বয় করে।
- ২৪ আগস্ট ১৯৯৫ : ওয়েব ব্রাউজার Internet Explorer উন্মুক্ত করে।
- ১৯৯৮ : ভারতে তাদের সদর দপ্তর চালু করে, যা যুক্তরাষ্ট্রে সদর দপ্তরের পরে দ্বিতীয় বৃহত্তম।
- ১৫ নভেম্বর ২০০১ : এক্সবক্স (হোম ভিডিও গেম প্ল্যাটফর্ম) বাজারে আনে।
- ২৩ জুন ২০০৩ : উইন্ডোজ মোবাইল চালুর ঘোষণা করে।
- ১ আগস্ট ২০০৭ : ফাইল-হোস্টিং পরিষেবা OneDrive চালু করে।
- ২৭ অক্টোবর ২০০৮ : ক্লাউড কম্পিউটিং প্লাটফর্ম মাইক্রোসফট আজুরে প্রাথমিকভাবে উন্মুক্ত করে।
- ৩ জুন ২০০৯ : সার্চ ইঞ্জিন 'বিং' চালু করে।
- ৫ অক্টোবর ২০২১ : উইন্ডোজ ১১ প্রকাশ করে।

## উল্লেখযোগ্য পণ্যসমূহ

■ স্কাইপ (Skype) : স্কাইপ একটি ভিওআইপি সেবা এবং সফটওয়্যার অ্যাপ্লিকেশন। এই সেবার মাধ্যমে ব্যবহারকারীরা ইন্টারনেটে যুক্ত হয়ে পরস্পরের সাথে ভয়েস, ভিডিও এবং তাৎক্ষণিক বার্তার মাধ্যমে যোগাযোগ করতে পারে। ১০ মে ২০১১ মাইক্রোসফট কর্পোরেশনস স্কাইপ লিমিটেডকে কিনে নিলেও ৫ মে ২০২৫ থেকে এটি বন্ধ হয়ে যাবে। তবে স্কাইপের সেবা 'মাইক্রোসফট টিমস' নামের প্লাটফর্ম থেকে পাওয়া যাবে।

■ লিংকডইন (LinkedIn) : লিংকডইন হলো সামাজিক যোগাযোগের একটি ওয়েবসাইট। ৫ মে ২০০৩ এটি আনুষ্ঠানিকভাবে চালু করা হয়। ২০১৬ সালে মাইক্রোসফট লিংকডইন অধিগ্রহণ করে।

■ আউটলুক (Outlook) : আউটলুক.কম মাইক্রোসফটের একটি মুক্ত ওয়েবমেইল সেবা। ১৯৯৬ সালে সাবীর ভাটিয়া এবং জ্যাক স্মিথ যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াতে হটমেইল নামে একটি ওয়েবমেইল চালু করেন। মাইক্রোসফট ১৯৯৭ সালে এটি অধিগ্রহণ করে। ২০১৩ সালে হটমেইলকে Outlook.com নামকরণ করা হয়।

■ সারফেস (Surface) : মাইক্রোসফট সারফেস হলো টাচস্ক্রিন-ভিত্তিক ব্যক্তিগত কম্পিউটার, ট্যাবলেট এবং ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড হার্ডওয়্যার পণ্যের একটি পরিসেবা যা মাইক্রোসফট কর্তৃক ডিজাইন এবং ডেভেলপ করা হয়েছে।



### বিল গেটস (Bill Gates)

(জন্ম : ২৮ অক্টোবর ১৯৫৫)

উইলিয়াম হেনরি গেটস তৃতীয় একজন আমেরিকান ব্যবসায়িক সফটওয়্যার বিকাশকারী এবং সমাজসেবী। তিনি মাইক্রোসফট কর্পোরেশনের সহ-প্রতিষ্ঠাতা। ২০০০ সালের জানুয়ারিতে সিইও হিসেবে পদত্যাগ না করা পর্যন্ত গেটস কোম্পানির নেতৃত্বে ছিলেন। উল্লেখ্য, ৫ ডিসেম্বর ২০০৫ বিল গেটস ঢাকা সফরে আসেন।



### পল অ্যালেন (Paul Allen)

(২১ জানুয়ারি ১৯৫৩-১৫ অক্টোবর ২০১৮)

পল গার্ডনার অ্যালেন একজন মার্কিন উদ্যোক্তা যিনি বিল গেটসের সাথে মাইক্রোসফট কোম্পানি গঠন করেন। পল অ্যালেন একাধারে শিল্পপতি, কম্পিউটার প্রোগ্রামার, গবেষক, বিনিয়োগকারী, চলচ্চিত্র প্রযোজক ও দানশীল ব্যক্তি হিসেবে পরিচিত ছিলেন। মাইক্রোসফট নামটি পল অ্যালেনের দেওয়া।



# বিশ্ব পরিক্রমা

## কংগ্রেসের যৌথ অধিবেশন

৪ মার্চ ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কংগ্রেসের যৌথ অধিবেশনে স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ দেন। ২০ জানুয়ারি ২০২৫ দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতা গ্রহণের পর এই প্রথম কংগ্রেসের যৌথ অধিবেশনে ভাষণ দেন। ভাষণটি ১০০ মিনিট স্থায়ী ছিল, যা যুক্তরাষ্ট্রের ইতিহাসে কংগ্রেসে দেওয়া প্রেসিডেন্টের সবচেয়ে দীর্ঘ ভাষণ। এর আগে ট্রাম্প তার প্রথম মেয়াদে ৪ ফেব্রুয়ারি ২০২০ সর্বশেষ কংগ্রেসের যৌথ অধিবেশনে বার্ষিক 'স্টেট অব দ্য ইউনিয়ন' ভাষণ দেন।

■ **স্টেট অব দ্য ইউনিয়ন**

সাংবিধানিক রীতি অনুযায়ী স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ যুক্তরাষ্ট্রের অনেক পুরানো একটি রীতি। প্রেসিডেন্ট যেসব বিষয়কে প্রয়োজন ও সমীচীন মনে করেন, বিবেচনায় নেওয়ার জন্য সেইসব প্রস্তাবের ব্যাপারে কংগ্রেসের কাছে সুপারিশ করতে পারেন। পরবর্তী এক বছর কীভাবে দেশ পরিচালিত হবে সে সম্পর্কেই ভাষণটি দেওয়া হয়ে থাকে। বিশ্বের অন্যতম পরাশক্তি হওয়ায় প্রত্যেক মার্কিন নাগরিকসহ বিশ্ববাসীও এই ভাষণকে গুরুত্ব দিয়ে থাকেন। ৮ জানুয়ারি ১৭৯০ যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন স্টেট ইউনিয়ন নিয়ে মুখে ভাষণ দিলেও ব্যাপারটি তখন বাধ্যতামূলক ছিল না। তবে ১৯৩৩ সাল থেকে ব্যতিক্রম ছাড়া লিখিত বক্তব্য বাদ দিয়ে সরাসরি ভাষণকে মানসম্মত বলে বিবেচনা করা শুরু হয়। ঐ সময় থেকে অনেকেই রেডিও'র মাধ্যমে ভাষণে জনগণের সঙ্গে সম্পৃক্ত হওয়ার চেষ্টা করেন।

## মিয়ানমারের হাতি কূটনীতি

৪ মার্চ ২০২৫ মিয়ানমারের জান্তাপ্রধান মিন অং হ্লাইং ও রা[শিয়ার] প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ক্রেমলিনে বৈঠক করেন। বৈঠকে মিয়ানমারে একটি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ[ে] চুক্তি স্বাক্ষরিত হয়। মিয়ানমারের জান্তাপ্রধান ভ্লাদিমির পুতি[নকে] ছয়টি হাতি উপহার দেন। ঠিক একই সময়ে মিয়ানমারকে [...] যুদ্ধবিমান সরবরাহ করে রাশিয়া। হাতি উপহার দেওয়া রা[শিয়া] ও মিয়ানমারের সম্পর্ককে আরও দৃঢ় করার একটি প্র[...] প্রয়াস। সামরিক বিশ্লেষকেরা এ উপহারকে 'হাতি কূট[নীতি]' হিসেবে উল্লেখ করেন। ১ ফেব্রুয়ারি ২০২১ জেনারেল মিন [অং] হ্লাইং সামরিক অভ্যুত্থানের মাধ্যমে গণতন্ত্রপন্থি নেত্রী অং [সান] সু চির সরকারকে ক্ষমতা থেকে সরিয়ে দেওয়ার পর রা[শিয়া] প্রকাশ্যে জান্তা সরকারকে সমর্থন জানায়। মিয়ানমারের সা[মরিক] সরকারের দুই প্রধান মিত্র হচ্ছে চীন ও রাশিয়া।

## দীর্ঘ সময় কারাগারে কাটানো রাজনীতিক

ফিলিস্তিনি নাগরিক নায়েল বারগুতি হলেন বিশ্বের সবচেয়ে [দীর্ঘ] সময় কারাগারে কাটানো রাজনীতিক। বারগুতি ফিলিস্তিনি বন্দী[দের] মধ্যে 'আবু আল-নুর' নামে পরিচিত। বারগুতি ৪৫ বছর ইসরা[য়েলের] কারাগারে থেকেছেন। এর মধ্যে একটানা ৩৪ বছর কারাগা[রে] [থাকার] মধ্য দিয়ে বিশ্বে সবচেয়ে দীর্ঘ সময় কারাগারে থাকা রাজনীতি[ক] হিসেবে ২০০৯ সালে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে তার নাম উ[ঠে।] টানা ১৫ মাস বিরামহীন হামলা চালিয়ে গাজা উপত্যকা[কে] নরকে পরিণত করে সম্প্রতি ফিলিস্তিনের স্বাধীনতাকামী সং[গঠন] হামাসের সঙ্গে যুদ্ধবিরতি করে ইসরায়েল। যুদ্ধবিরতির জন্য [...] শর্ত, ফিলিস্তিনি বন্দী ও ইসরায়েলি জিম্মি বিনিময়ের অ[ংশ] হিসেবে বারগুতিকে মুক্তি দেওয়া। বয়স আর দুঃসহ কারাজী[বনে] অনেকটা নাজুক হয়ে পড়া নায়েলকে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ মু[ক্তি] দেয় ইসরায়েল। রামাল্লার উত্তরে ফিলিস্তিনি গ্রাম কোবারে [...] অক্টোবর ১৯৫৭ জন্মগ্রহণ করেন বারগুতি।

## কানাডার নতুন প্রধানমন্ত্রী



৯ মার্চ ২০২৫ দলীয় সদস্যদের ১,৩১,৬৭৪ ভোট পেয়ে কানাডার লিবারেল পার্টির নতুন নেতা নির্বাচিত হন সাবেক গভর্নর মার্ক কার্নি। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ক্রিস্টিনা ফ্রিল্যান্ড পান ১১,১৩৪ ভোট। নিয়ম অনুযায়ী দলীয় প্রধানই নতুন প্রধানমন্ত্রী হন। ১৪ মার্চ ২০২৫ কানাডার গভর্নর জেনারেলের কাছে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন মার্ক কার্নি। গভর্নর জেনারেল যুক্তরাজ্যের রাজা তৃতীয় চার্লসের প্রতিনিধি। ৯ বছর দায়িত্ব পালনের পর, রাজনৈতিক চাপের জেরে ৬ জানুয়ারি ২০২৫ পদত্যাগের ঘোষণা দেন প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। তিনি ৪ নভেম্বর ২০১৫ দেশটির প্রধান[মন্ত্রী] হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। ১৬ মার্চ ১৯৬৫ জন্মগ্রহণ করা মার্ক কার্নি তিন দেশের (কানাডা, যুক্তরাজ্য ও আয়ারল্যা[ন্ড]) নাগরিক। তিনি ১ ফেব্রুয়ারি ২০০৮-১ জুন ২০১৩ পর্যন্ত ব্যাংক অব কানাডার অষ্টম গভর্নর এবং ১ জুলাই ২০১[৩-] মার্চ ২০২০ পর্যন্ত ব্যাংক অব ইংল্যান্ডের ১২০তম গভর্নর ছিলেন। ২০০৮ সালের বৈশ্বিক অর্থনৈতিক মন্দার স[ময়] তিনি তাৎক্ষণিক ও কার্যকর সিদ্ধান্তের মাধ্যমে কানাডাকে বড় ধরনের অর্থনৈতিক বিপর্যয় থেকে রক্ষা করেন।

## [৪]৮ বছর পর ট্রেন ছিনতাই

[দী]র্ঘ ৪৮ বছর পর আরেক ট্রেন ছিনতাই দেখল বিশ্ব। ২৩ মে [১]৯৭৭ প্রথমটি নেদারল্যান্ডসে সংঘটিত হয়, দ্বিতীয়টি ১১ মার্চ [২]০২৫ ঘটল পাকিস্তানে। নেদারল্যান্ডসের ডি পুন্ট গ্রামের কাছে [সে]দিন ৯ জনের একটি দল সকাল ৯টার দিকে ট্রেনটি ছিনতাই [ক]রে। তারা প্রত্যেকেই সশস্ত্র মোলুকান জাতীয়তাবাদী। ট্রেনের [জ]রুরি ব্রেক টেনে ৫০ জনেরও বেশি লোককে জিম্মি করে। টানা [২]০ দিন ধরে ট্রেনটি জিম্মি করে রাখে গোষ্ঠীটি। জিম্মি উদ্ধারে [অ]ভিযানে নামে ডাচ সন্ত্রাসবিরোধী বিশেষ বাহিনীও। অবশেষে [২]০ দিন পর শেষ হয় জিম্মি মুক্ত অভিযান। এ সময় দু'জন জিম্মি [এ]বং ছয়জন ছিনতাইকারী নিহত হয়। আর এবারের ঘটনা [বে]লুচিস্তানে। বেলুচিস্তানের রাজধানী কোয়েটা থেকে প্রায় ১৫৭ [কি]লোমিটার দূরে বোলান জেলার মাশকাফ টানেলের কাছে জাফর [এ]ক্সপ্রেস নামের ট্রেনটি জিম্মি করে বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী বেলুচ লিবারেশন আর্মি (BLA)। এরপর দুদিন ধরে চলা পাকিস্তান [সে]নাবাহিনীর জিম্মি মুক্তি অভিযান শেষ হয়।

■ **বেলুচ লিবারেশন আর্মি :** পাকিস্তানের দক্ষিণ-পশ্চিমের প্রদেশ বেলুচিস্তান। উত্তরদিকে আফগানিস্তান। পশ্চিমে ইরানের সীমানা। [বি]রাট এ অঞ্চলজুড়ে থাকা বেলুচিস্তানের স্বাধীনতা চায় বেলুচিস্তান লিবারেশন আর্মি (BLA)। BLA-এর আদর্শিক ভিত্তি মূলত, বেলুচ জাতীয়তাবাদ। তেল ও বিভিন্ন খনিজ সম্পদে সমৃদ্ধ বেলুচিস্তানের মানুষ পাকিস্তানের অন্য জনগণের তুলনায় মানবেতর জীবনযাপন করে। মূলত বেলুচিস্তানে BLA'র কার্যক্রম ১৯৪০-এর দশকে শুরু হয়। ১৯৪৮ সালে পাকিস্তানের সঙ্গে বেলুচিস্তানের যুক্ত হওয়ার বিষয়টি তখন থেকেই বিতর্কিত ছিল।

## ফোর্ট উইলিয়াম দুর্গের নতুন নাম

১৭৮১ সালে নির্মিত ব্রিটিশ সাম্রাজ্যের কর্তৃত্বের প্রতীক ফোর্ট উইলিয়াম দুর্গ। ফোর্ট উইলিয়ামের



মাধ্যমেই ভারতবর্ষে ব্রিটিশদের ঘাঁটি নির্মাণের প্রক্রিয়া শুরু হয়। বিখ্যাত এই দুর্গটি কলকাতায় অবস্থিত। ভারতবর্ষে ব্রিটিশদের সামরিক শক্তি প্রদর্শনের একটি বড় নিদর্শন এই দুর্গ। এতদিন এই দুর্গটিকে ভারতীয় সেনাবাহিনী কলকাতার ইস্টার্ন কমান্ড হেডকোয়ার্টার হিসেবে ব্যবহার করে আসছিল। সম্প্রতি সেই ফোর্ট উইলিয়াম দুর্গের নাম পরিবর্তন করে 'বিজয় দুর্গ' নাম রাখা হয়। এছাড়া এর অভ্যন্তরে আরও কিছু ভবনের নামও পরিবর্তন করা হয়। যেমন- সেনাবাহিনী সেন্ট জর্জ গেটের নাম পরিবর্তন করে শিবাজি গেট, কিচেনার হাউসের নাম পরিবর্তন করে মানেকশ হাউস, রাসেল ব্লকের নাম বাঘা যতীন ব্লক করা হয়।

## যুক্তরাষ্ট্রের দাপ্তরিক ভাষা ইংরেজি

১ মার্চ ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইংরেজিকে যুক্তরাষ্ট্রের দাপ্তরিক তথা সরকারি ভাষা হিসেবে ঘোষণা করে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। এ আদেশের ফলে যুক্তরাষ্ট্রের সরকারি সংস্থা ও যেসব প্রতিষ্ঠান ফেডারেল অর্থায়ন পায়, তাদের নথিপত্র ও যোগাযোগের ক্ষেত্রে অবশ্যই ইংরেজি ব্যবহার করতে হবে। এ আদেশের কারণে সরকারি সংস্থা ও প্রতিষ্ঠানগুলো যারা কেন্দ্রীয় সরকারের তহবিল পায় ইংরেজি ছাড়া অন্য ভাষায় নথি সরবরাহ ও সেবা দিবে কিনা; সেই সিদ্ধান্ত নিতে পারবে। অর্থাৎ অন্য ভাষায় যদি তারা সেবা দিতে না চান, তাহলে আইনগতভাবে তাদের বাধ্য করা যাবে না। ১১ আগস্ট ২০০০ তৎকালীন প্রেসিডেন্ট বিল ক্লিনটন অ-ইংরেজিভাষীদের ভাষাগত সহায়তা করতে সরকার কিংবা সংস্থাগুলোকে বাধ্য করে একটি ম্যান্ডেট জারি করেন। নতুন এই আদেশের মাধ্যমে সেটি বাতিল হয়ে যায়। বর্তমানে যুক্তরাষ্ট্রের ৩২টি অঙ্গরাজ্যে ইংরেজিকে সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দিয়ে আইন পাশ করা হয়। তবে আলাস্কা ও হাওয়াইয়ের মতো কিছু রাজ্যে বেশ কয়েকটি স্থানীয় ভাষাও সরকারি মর্যাদা পায়। মার্কিন আদমশুমারি ব্যুরোর তথ্যমতে, যুক্তরাষ্ট্রের ৩৪ কোটি জনসংখ্যার মধ্যে প্রায় ৬ কোটি ৮০ লাখ মানুষ ইংরেজি ছাড়া অন্য ভাষায় কথা বলে। ইংরেজির পর যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষা হলো স্প্যানিশ। বিশ্বের প্রায় ১৮০টি দেশে সরকারি ভাষা রয়েছে এবং বেশিরভাগ দেশ একাধিক ভাষাকে সরকারিভাবে স্বীকৃতি দিয়েছে।

■ **ইংরেজি আইনগতভাবে সরকারি ভাষা :** বাহামাস, বার্বাডোস, বেলিজ, বতসোয়ানা, বুরুন্ডি, কানাডা, ক্যামেরুন, ডমিনিকা, ইসওয়াতিনি, ফিজি, ঘানা, গাম্বিয়া, গ্রানাডা, গায়ানা, ভারত, আয়ারল্যান্ড, জ্যামাইকা, কেনিয়া, কিরিবাতি, লেসেথো, লাইবেরিয়া, মালাউই, মাল্টা, মার্শাল দ্বীপপুঞ্জ, মাইক্রোনেশিয়া, নামিবিয়া, নাউরু, নাইজেরিয়া, পাকিস্তান, পালাউ, পাপুয়া নিউগিনি, ফিলিপাইন, রুয়ান্ডা, সেন্ট কিটস অ্যান্ড নেভিস, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স, সামোয়া, সিচেলেস, সিয়েরা লিওন, সিঙ্গাপুর, সলোমন দ্বীপপুঞ্জ, দক্ষিণ আফ্রিকা, দক্ষিণ সুদান, সুদান, তানজানিয়া, টোঙ্গা, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো, টুভ্যালু, উগান্ডা, ভানুয়াতু, জাম্বিয়া ও জিম্বাবুয়ে।

■ **ইংরেজি প্রধান ভাষা কিন্তু স্বীকৃতি নেই :** এন্টিগুয়া অ্যান্ড বারবুডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও যুক্তরাজ্য।

■ **ইংরেজি কার্যকরি ভাষা :** বাহরাইন, বাংলাদেশ, ভুটান, ব্রুনাই, ইসরায়েল, জর্ডান, কুয়েত, মালয়েশিয়া, মরিশাস, নেপাল, ওমান, কাতার, শ্রীলংকা, পূর্ব তিমুর ও সংযুক্ত আরব আমিরাত।

*[সূত্র : উইকিপিডিয়া]*

## ইরানের ক্রুজ ক্ষেপণাস্ত্রযুক্ত যুদ্ধজাহাজ



মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যেই একের পর এক উচ্চ-ক্ষমতা সম্পন্ন সমরাস্ত্র, ক্ষেপণাস্ত্র, ড্রোন ও যুদ্ধজাহাজ উন্মোচন করছে ইরান। এরই ধারাবাহিকতায় ২৭ ফেব্রুয়ারি ২০২৫ দেশটি একটি উচ্চ-গতির নৌযান উন্মোচন করে। যা বিধ্বংসী যুদ্ধজাহাজ মোকাবিলার জন্য উন্নত ক্রুজ ক্ষেপণাস্ত্র বহন করতে সক্ষম। এটি ইরানের নৌ-প্রতিরক্ষা সক্ষমতায় গুরুত্বপূর্ণ উন্নয়ন হিসেবে বিবেচিত হবে। 'শহিদ দেলওয়ারি' (Shahid Delvari) নামের এ নৌযানটি প্রতি ঘণ্টায় ১১০ নট গতিতে চলতে পারে এবং এতে অ্যান্টি-শিপ ক্রুজ ক্ষেপণাস্ত্র ব্যবহারের সুবিধা রয়েছে।

## উত্তর কোরিয়ার প্রথম পারমাণবিক সাবমেরিন

৮ মার্চ ২০২৫ উত্তর কোরিয়া প্রথমবারের মতো পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন উন্মোচন করে। ৮৪১ নম্বরের এই সাবমেরিনটি পরমাণু অস্ত্র বহন করতে পারে এবং দূরপাল্লার ব্যালেস্টিক মিসাইল, অল্প দূরত্বের ব্যালেস্টিক মিসাইল, এমনকি ক্রুজ মিসাইলও ছুড়তে পারে। ২০২১ সালে একটি বড় রাজনৈতিক সম্মেলনে কিম জং উন মার্কিন নেতৃত্বাধীন সামরিক হুমকি মোকাবিলায় অত্যাধুনিক অস্ত্র তৈরির ঘোষণা দেন। এর মধ্যে পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন ছাড়াও সলিড-ফুয়েল আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, হাইপারসনিক অস্ত্র, গুপ্তচর উপগ্রহ এবং মাল্টি-ওয়ারহেড ক্ষেপণাস্ত্র অন্তর্ভুক্ত ছিল। নিউক্লিয়ার থ্রেট ইনিশিয়েটিভ অনুসারে উত্তর কোরিয়ার কাছে পৃথিবীর অন্যতম বড় সাবমেরিন বহরগুলোর একটি রয়েছে। সেখানে আনুমানিক ৭০ - ৯০টি সাবমেরিন রয়েছে।

## জার্মানিতে জোট সরকার

২৩ ফেব্রুয়ারি ২০২৫ জার্মানির জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে কোনো দল সংখ্যাগরিষ্ঠতা বা সরকার গ মতো ভোট পায়নি। এখন জার্মানিতে বেঁধে সরকার গঠনের প্রক্রিয়া চ বিষয়টি জার্মানির রাজনীতিতে মোটেও নয়। জার্মানির পার্লামেন্টের নির্বাচনে স ফলাফল অনুযায়ী ৬৩০ আসনের ক্রিশ্চিয়ান ডেমোক্রেটিক ইউনিয়ন (CDU/CSU) ২০৮ আসন, কট্টর অলটারনেটিভ ফর ডয়েচল্যান্ড (AfD) আসন, সোশ্যাল ডেমোক্রেটিক পার্টি (S ১২০টি আসন, পরিবেশবাদী গ্রিন পার্টি আসন এবং বাম দল দ্য লিংকে লাভ ৬৪ আসন। জার্মানি মৌলিক শাসনত আইন অনুসারে, নতুন পার্লামেন্ট বুন্দেস্ট্যাগে নির্বাচনের ৩০ দিনের মধ্যে প্রথম অধিবেশন আহ্বান করতে হ মৌলিক আইন অনুসারে, জার্মান প্রেসিডে পার্লামেন্ট অধিবেশন শুরু করার সম্ভ দিতে হবে। এ ক্ষেত্রে দলগুলো আলো সাপেক্ষে জোট সরকার রূপরেখা তৈরি ক এবং এই রূপরেখা জোটের দলগুলো পৃথকভাবে বিশেষ সম্মেলনের মাধ্যমে দ কর্মীদের সমর্থন পেতে হবে। সদ্য নির্বা পার্লামেন্ট সদস্যদের ভোটে নতুন চ্যান্সে নির্বাচিত না হওয়া পর্যন্ত বর্তমান চ্যান্সে ওলাফ শলৎজ তার পদে বহাল থাকবেন

## পবিত্র কোরআন জাদুঘর উদ্বোধন

৫ মার্চ ২০২৫ সৌদি আরবের মক্কার হেরা সাংস্কৃতিক জেলায় উদ্বোধন করা হয় 'পবিত্র কোরআন জাদুঘর'। এটি ইসলামি জ্ঞান ও ঐতিহ্যের এক অনন্য সংযোজন। মক্কার পবিত্র স্থানগুলো সংরক্ষণে নিযুক্ত রয়্যাল কমিশনের তত্ত্বাবধানে এটি নির্মিত হয়। এটি শুধু জাদুঘর নয়, বরং কোরআনের সৌন্দর্য, ইতিহাস ও বার্তা নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার এক আধুনিক কেন্দ্র।

■ কী আছে এ জাদুঘরে

- বিশ্বের নানা স্থান থেকে সংগ্রহ করা বিভিন্ন যুগের, বিভিন্ন খলিফা ও শাসকদের হাতে লেখা কোরআনের পাণ্ডুলিপি সংরক্ষণ করা হয়েছে। যার মধ্যে অন্যতম খলিফা উসমান বিন আফফানের হাতে লেখা কোরআনের পাণ্ডুলিপির একটি আলোকচিত্রিত কপি এবং প্রাচীন পাথরের শিলালিপিতে উৎকীর্ণ কোরআনের আয়াত।
- স্বর্ণাক্ষরে লেখা কোরআন, মূল্যবান রত্নখচিত কোরআন, আরবি ক্যালিগ্রাফির অনন্য নিদর্শনসহ বিভিন্ন ভাষায় অনূদিত কোরআনের সংগ্রহ রয়েছে।



- কীভাবে কোরআন নাজিল হয়েছে, কীভাবে সংকলিত হয়ে কোন কোন সাহাবির ভূমিকা ছিল— এই সব বিষয়ের মাল্টিমিডিয়া ডিসপ্লে ও ইন্টার অ্যাকটিভ প্রদর্শনী রয়ে
- থ্রি-ডি মডেল, ভার্চুয়াল রিয়েলিটি (VR) ও অভি ভিজ্যুয়াল প্রযুক্তির মাধ্যমে দর্শনার্থীরা কোরআনের সম্পর্কে আধুনিকভাবে জানতে পারবেন।
- বিভিন্ন দেশের সংস্কৃতিতে কোরআনের উপস্থিতি তাদের আলাদা আলাদা শিল্পশৈলীও তুলে ধরা হয়ে
- কীভাবে কোরআনের পুরাতন পাণ্ডুলিপি সংরক্ষণ করা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য কোরআনের নিদর্শন সংরক্ষণ করা হচ্ছে— এমন বিষয়ও এখানে তুলে ধরা হয়ে





# মহাকাশ বিজ্ঞান ও প্রযুক্তি



## প্রথম হাইব্রিড কোয়ান্টাম সুপারকম্পিউটার

সম্প্রতি জাপানে বিশ্বের প্রথম হাইব্রিড কোয়ান্টাম সুপারকম্পিউটার চালু হয়। ২০ কিউবিটের এই কোয়ান্টাম কম্পিউটারের নাম 'রেইমেই' (Reimei)। দ্রুতগতির দিক থেকে পৃথিবীর ৬ষ্ঠ সুপারকম্পিউটার 'ফুগাকু'র সঙ্গে একে জুড়ে দেওয়া হয়। নতুন এ হাইব্রিড সুপারকম্পিউটার প্রচলিত সুপারকম্পিউটারের চেয়ে জটিল হিসাব করতে পারবে আরও দ্রুততম সময়ে। টোকিওর রিকেন সায়েন্টিফিক ইনস্টিটিউটে এটি স্থাপন করা হয়। রেইমেই নির্মাতা প্রতিষ্ঠান কোয়ান্টিনুম এবং রিকেন সায়েন্টিফিক ইনস্টিটিউট।

## এক কাতারে ৭ গ্রহ

২৫-২৭ ফেব্রুয়ারি ২০২৫ বিরল এক মহাজাগতিক ঘটনার সাক্ষী হয় বিশ্ববাসী। পৃথিবী থেকে একসঙ্গে দেখা যায় সৌরজগতের সাতটি গ্রহ। সেগুলো হলো মঙ্গল, বৃহস্পতি, ইউরেনাস, শুক্র, নেপচুন, বুধ ও শনি। জোতির্বিজ্ঞানের ভাষায় যাকে বলা হয় 'প্ল্যানেটারি প্যারেড' বা গ্রহের কুচকাওয়াজ। পৃথিবীসহ সৌরজগতের আটটি গ্রহ একই কক্ষপথে থেকে সূর্যকে প্রদক্ষিণ করে। তবে তাদের প্রদক্ষিণ করার গতি ভিন্ন ভিন্ন হয়। এ কারণে কখনো কখনো কিছু গ্রহ সূর্যের একই পাশে সারিবদ্ধ হয়ে প্রদক্ষিণ করতে থাকে। গ্রহগুলো যদি সূর্যের ডানদিকে থেকে প্রদক্ষিণ করতে থাকে, তখন সেগুলো পৃথিবী থেকে দৃশ্যমান হয়।

## চাঁদে মহাকাশযান অ্যাথেনার মৃত্যু

৬ মার্চ ২০২৫ যুক্তরাষ্ট্রের বেসরকারি কোম্পানি ইনটুইটিভ মেশিনস (Intuitive Machines) পরিচালিত অ্যাথেনা (Athena) মহাকাশযান চাঁদের দক্ষিণ মেরুর কাছে হেলে অবতরণ করে। তবে এর বিভিন্ন সৌর প্যানেলের অবস্থান ও পাথুরে অঞ্চলের ঠাণ্ডা তাপমাত্রার কারণে সূর্যের আলো পায়নি এটি। ফলে চার্জ না থাকায় অ্যাথেনার 'মৃত্যু' ঘটে। অ্যাথেনা ইনটুইটিভ মেশিনসের তৈরি দ্বিতীয় কোনো মহাকাশযান যেটি অস্বাভাবিক অবস্থানে থেকে চাঁদে অবতরণ করে। ২৭ ফেব্রুয়ারি ২০২৫ ইনটুইটিভ মেশিনস 'আইএম ২' নামের মিশন পরিচালনা করে। এর আগে ১৫ ফেব্রুয়ারি ২০২৪ প্রথমবারের মতো ওডিসিয়াস মহাকাশযান উৎক্ষেপণ করে। ২২ ফেব্রুয়ারি ২০২৪ এর ল্যান্ডারটিও কাত হয়ে চাঁদে অবতরণ করে।

## জিকা ভাইরাসের 'ক্লাস্টার' শনাক্ত

২০১৪ সালে দেশে জিকা ভাইরাসে আক্রান্ত প্রথম রোগী শনাক্ত হয়। এবার এক স্থানে একাধিক ব্যক্তির শরীরে ভাইরাসটির সংক্রমণ শনাক্ত হয়েছে, যাকে ক্লাস্টার (গুচ্ছ) সংক্রমণ বলা হয়। ২০২৩ সালে সংগ্রহ করা নমুনা পর্যালোচনা করে ৩ মার্চ ২০২৫ এ তথ্য জানায় আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (icddr,b)। ডেঙ্গু, চিকুনগুনিয়ার মতো জিকাও ছড়ায় এডিস মশার মাধ্যমে। এই ভাইরাস বছরজুড়ে মানুষের শরীরে সুপ্ত অবস্থায় থাকতে পারে।

## হাঁসের নতুন জাত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগের গবেষকরা হাঁসের নতুন জাত উদ্ভাবন করেন। উদ্ভাবিত জাতের নাম 'বাউ-ডাক'। বাউ-ডাক জাতের হাঁস বছরে ২২০-২৩০টি ডিম দেয়। এটি ডুয়েল টাইপ মাংস ও ডিম উৎপাদনে উপযোগী জাত।



## তথ্য কণিকা

■ সম্প্রতি দেশীয় প্রজাতির বিপন্ন গোটালি মাছের কৃত্রিম প্রজনন ও পোনা উৎপাদনে সফলতা অর্জন করে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (BFRI) একদল গবেষক। গোটালি মাছ অঞ্চলভেদে 'কলা বাটা' নামেও পরিচিত।

■ সম্প্রতি চীনে নতুন একটি করোনাভাইরাসের সন্ধান পাওয়া যায়। HKU5-COV-2 নামের এই ভাইরাসের সঙ্গে মহামারি ভাইরাসের বেশ মিল রয়েছে। এতে শঙ্কা দেখা দিয়েছে, আরেকটি মহামারির কবলে পড়তে পারে বিশ্ব। নতুন করোনাভাইরাসটির সন্ধান দেন সংক্রামকবিদ শি ঝেংলি। করোনাভাইরাস নিয়ে কাজ করেন বলে তিনি 'ব্যাটওমেন' নামে পরিচিত।

## চাঁদে দ্বিতীয় বেসরকারি মহাকাশযান

২ মার্চ ২০২৫ চাঁদে সফলভাবে অবতরণ করে বেসরকারি মার্কিন মহাকাশযান ব্লু ঘোস্ট মিশন-১। ফায়ারফ্লাই অ্যারোস্পেসের তৈরি মহাকাশযান ১৫ জানুয়ারি ২০২৫ যাত্রার পর চাঁদের উত্তর-পূর্ব দিকের কাছাকাছি মেয়ার ক্রিসিয়াম এলাকার কাছে মন্স ল্যাট্রেইল নামক স্থানে অবতরণ করে। এ মিশনের ডাকনাম Ghost Riders in the Sky। উল্লেখ্য, চাঁদে বেসরকারি কোনো মহাকাশযানের সফল অবতরণের দ্বিতীয় ঘটনা এটি। ১৫ ফেব্রুয়ারি ২০২৪ প্রথম বেসরকারি প্রতিষ্ঠান হিসেবে চাঁদে মহাকাশযান পাঠায় যুক্তরাষ্ট্রের কোম্পানি 'ইনটুইটিভ মেশিনস'। এর আগে সরকারি পর্যায়ে ৫টি দেশের নভোযান চাঁদে অবতরণ করে। দেশগুলো হলো তৎকালীন সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাষ্ট্র, চীন, ভারত ও জাপান।

# ট্রাম্প শুল্কে বাণিজ্য যুদ্ধ

২০ জানুয়ারি ২০২৫ ট্রাম্প ২.০ যুক্তরাষ্ট্রে শুরু হয়। এর সঙ্গে আবারও শুরু হয় বাণিজ্যযুদ্ধ। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিশ্বাস করেন শুল্ক সর্বরোগের মহৌষধ। এরই প্রেক্ষিতে শুল্ক নিয়ে নানান আলোচনা।



বাণিজ্য যুদ্ধ (Trade War) বলতে এমন এক অবস্থাকে বোঝায়, যেখানে একটি দেশ আরেকটি দেশের ক্ষতি করতে পণ্যের ওপর বিভিন্ন শুল্ক আরোপ ও কোটা সীমাবদ্ধতা প্রয়োগ করে। সহজ ভাষায় বলতে গেলে একটি দেশ প্রথম অন্য আরেকটি দেশ থেকে আমদানি করা পণ্যে শুল্ক আরোপ করবে। তারপর সেই দেশ শুল্ক আরোপ করা দেশটির পণ্যেও একই ধরনের শুল্ক আরোপ করে। ব্রিটিশ ন্যাভিগেশন অ্যাক্ট (১৬৫১-১৮৪৯) ছিল প্রাচীনতম বাণিজ্য বিরোধগুলোর একটি। ১৯শ শতকে যুক্তরাজ্য ও চীনের মধ্যে আফিম যুদ্ধ (১৮৩৯-১৮৬০) ছিল বাণিজ্য যুদ্ধের আরেকটি উদাহরণ। ১৯২০ এবং ১৯৩০ এর দশকে আধুনিক শুল্ক যুদ্ধের শুরু হয় যখন পোল্যান্ড ও জার্মানির মধ্যে শুল্ক যুদ্ধ সংঘটিত হয়। যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে স্নায়ুযুদ্ধ মিত্রদেশগুলোর সাথে দীর্ঘস্থায়ী বাণিজ্য যুদ্ধ তৈরি করে।

*শুল্ক (Tariff) হলো এক প্রকার কর যা সরকার কর্তৃক দেশের আন্তর্জাতিক বাণিজ্য পর্যায়ে আরোপ করা হয়। এরমধ্যে আবার আমদানি শুল্ক আমদানিকৃত পণ্যের ওপর আরোপকৃত কর। অন্যদিকে রপ্তানি পণ্যের ওপর আরোপকৃত করের নাম রপ্তানি শুল্ক। আবার আমদানি চালানের মূল্যের ভিত্তিতে একটি নির্দিষ্ট হারে যে শুল্ক আদায় করা হয় তাকে বলা হয় মূল্যভিত্তিক শুল্ক।*

## ট্রাম্প শাসনামলে বাণিজ্য যুদ্ধ

■ প্রথম শাসনামল

বিশ্বের ১ ও ২ নম্বর অর্থনীতির দেশ যুক্তরাষ্ট্র ও চীন। ট্রাম্পের প্রথম দফায় বিশ্বের শীর্ষ অর্থনীতির এ দু'দেশের মধ্যে শুরু হয় 'বাণিজ্য যুদ্ধ'। আর এ যুদ্ধের শুরুটা প্রথম করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ডট্রাম্প। চীন এবং ইউরোপ যুক্তরাষ্ট্রে নিম্নমানের স্টিল ও অ্যালুমিনিয়াম রপ্তানি করে, যা স্বল্পমূল্যে আমদানি করে মার্কিন ব্যবসায়ীরা। এ অজুহাতে ৩ মার্চ ২০১৮ ডোনাল্ডট্রাম্প স্টিলের ওপর ২৫% এবং অ্যালুমিনিয়ামের ওপর ১০% আমদানি শুল্ক আরোপের ঘোষণা দেন। এর পাল্টা ব্যবস্থা হিসেবে যুক্তরাষ্ট্র থেকে আমদানি করা হয় এমন ১২০টি পণ্যের ওপর ১৫% শুল্ক ও আরও ৮টি পণ্যের ওপর ২৫% পর্যন্ত শুল্ক আরোপ করে চীন। ২ এপ্রিল ২০১৮ এই নির্দেশ কার্যকর হয়। উল্লেখযোগ্য কিছু দেশের উপর শুল্ক আরোপ—

| দেশ | অনুমোদন | প্রত্যাহার |
|---|---|---|
| দ. কোরিয়া | ২৮ মার্চ ২০১৮ | - |
| আর্জেন্টিনা | ২ মে ২০১৮ | ২ ডিসেম্বর ২০১৯ |
| অস্ট্রেলিয়া | ২ মে ২০১৮ | - |
| ব্রাজিল | ২ মে ২০১৮ ও ডিসেম্বর ২০১৯ | ২ ডিসেম্বর ২০১৯ |
| কানাডা | ১ জুলাই ২০১৮ | ১৭ মে ২০১৯ |
| মেক্সিকো | জুন ২০১৮ | ১৭ মে ২০১৯ |

■ দ্বিতীয় শাসনামল

১ ফেব্রুয়ারি ২০২৫ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাহী আদেশে কানাডা, মেক্সিকোর পণ্য আমদানিতে অতিরিক্ত ২৫% এবং চীনের পণ্য আমদানিতে অতিরিক্ত ১০% শুল্ক আরোপ করেন। এ সংক্রান্ত নির্বাহী আদেশ শুধুমাত্র চীনের উপর ৪ ফেব্রুয়ারি ২০২৫ থেকে কার্যকর হয়। ৪ মার্চ ২০২৫ চীন যুক্তরাষ্ট্রের পণ্যগুলোতে ১০-১৫% শুল্ক আরোপ করে যা ১০ মার্চ ২০২৫ থেকে কার্যকর হয়। এছাড়াও ১০ ফেব্রুয়ারি ২০২৫ স্টিল ও অ্যালুমিনিয়াম আমদানির ওপর ২৫% শুল্ক আরোপের ঘোষণা দেয় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ডট্রাম্প। এর ফলে বাইরে থেকে যুক্তরাষ্ট্রে স্টিল ও অ্যালুমিনিয়াম রপ্তানি করতে হলে ২৫% শুল্ক দিতে হবে। ১২ মার্চ ২০২৫ প্রেসিডেন্ট ট্রাম্পের সংক্রান্ত নির্বাহী আদেশ কার্যকর হয়। এছাড়াও কিছু উল্লেখযোগ্য শুল্ক ঘোষণা—

| দেশ | ঘোষণা | কার্যকর | শতাংশ |
|---|---|---|---|
| কানাডা | ১ ফেব্রুয়ারি ২০২৫ | ৪ মার্চ ২০২৫* | ২৫% |
| মেক্সিকো | ১ ফেব্রুয়ারি ২০২৫ | ৪ মার্চ ২০২৫* | ২৫% |
| চীন | ১ ফেব্রুয়ারি ২০২৫ | ৪ ফেব্রুয়ারি ২০২৫ | ১০% |
| ভারত | ৪ মার্চ ২০২৫ | ২ এপ্রিল ২০২৫ | ১০০% |

* ৭ মার্চ ২০২৫ - ২ এপ্রিল ২০২৫ পর্যন্ত এ শুল্ক সাময়িক স্থগিত করা হয়।

## EU'র ওপর শুল্কের হুমকি

ট্রাম্পের স্টিল ও অ্যালুমিনিয়ামের ২৫% শুল্কের প্রতিক্রিয়ায় ১৩ মার্চ ২০২৫ ইউরোপীয় ইউনিয়নও ২৫% শুল্ক আরোপ করে। পাল্টা প্রতিক্রিয়ায় ট্রাম্প ইউরোপীয় অ্যালকোহলের ওপর ২০০% শুল্ক আরোপের ঘোষণা দেন। এ হুমকির পর পাল্টা ব্যবস্থা হিসেবে বোরবন (একধরনের যুক্তরাষ্ট্রের হুইস্কি), মোটরবাইক, নৌকাসহ ২৮ বিলিয়ন মার্কিন ডলারের পণ্যতে ৫০% শুল্ক আরোপের ঘোষণা দেয় EU।

লিথুয়ানিয়া উত্তর ইউরোপের ৩টি বাল্টিক রাষ্ট্রের অন্যতম একটি



# বিশ্ব মানচিত্রে বিরোধপূর্ণ অঞ্চল

পর্ব-১

আঞ্চলিক বিরোধ হলো দুটি বা তার বেশি রাষ্ট্র বা রাজনৈতিক সত্তার মধ্যে নির্দিষ্ট ভূখণ্ডের মালিকানা বা নিয়ন্ত্রণ নিয়ে সংঘর্ষ বা মতবিরোধ। ইতিহাসে দেখা যায়, ভূখণ্ডগত স্বার্থ, প্রাকৃতিক সম্পদ, কৌশলগত অবস্থান বা জাতিগত সংযুক্তির কারণে বিভিন্ন দেশ বা গোষ্ঠীর মধ্যে আঞ্চলিক বিরোধ সৃষ্টি হয়। এই ধরনের বিরোধ অনেক সময় কূটনৈতিক আলোচনার মাধ্যমে সমাধান করা গেলেও, অনেক ক্ষেত্রে তা সামরিক সংঘাতে রূপ নেয়।

## গোলান মালভূমি

সিরিয়ার দক্ষিণ-পশ্চিমে দেশটির রাজধানী দামেস্ক থেকে মাত্র ৬০ কিমি দূরে অবস্থিত গোলান মালভূমি। এর উত্তর ও পশ্চিমে ইসরায়েল, পূর্বে সিরিয়া ও দক্ষিণে জর্ডান অবস্থিত। ১,৮০০ বর্গকিমি আয়তনের এ পাথুরে মালভূমি এলাকার ১,২০০ বর্গকিমি বর্তমানে ইসরায়েলের দখলে। ৫-১০ জুন ১৯৬৭ ছয়দিনের আরব-ইসরায়েল যুদ্ধে আরবদের পরাজয়ে সিরিয়ার ভূখণ্ড গোলান মালভূমি দখল করে নেয় দখলদার ইসরায়েল। ৬-২৫ অক্টোবর ১৯৭৩ আরব-ইসরায়েল যুদ্ধে সিরিয়া এটি পুনর্দখল করার চেষ্টা করে। কিন্তু সিরিয়া এ যুদ্ধে সফলকাম হতে পারেনি। ১৪ ডিসেম্বর ১৯৮১ ইসরায়েল গোলান মালভূমি আইন পাশ করে তা নিজেদের ভূখণ্ড হিসেবে অঙ্গীভূত করে নেয়। কিন্তু তা কখনোই আন্তর্জাতিকভাবে স্বীকৃত হয়নি। ১৬ নভেম্বর ২০১৮ জাতিসংঘের সাধারণ পরিষদে গোলান মালভূমির মালিকানা সংক্রান্ত এক ভোটাভুটি অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ১৫৩টি দেশের মধ্যে ইসরায়েল এবং যুক্তরাষ্ট্র ছাড়া বাকী সবাই রায় দেয় যে, গোলান মালভূমিতে সিরিয়ার মালিকানা স্বীকৃত। আন্তর্জাতিকভাবে গোলান মালভূমি 'ইসরায়েল অধিকৃত সিরীয় ভূমি' হিসেবে পরিচিত। ২৫ মার্চ ২০১৯ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ডট্রাম্প গোলান মালভূমিকে ইসরায়েলের ভূ-খণ্ড হিসেবে স্বীকৃতি দেয়। ১৬ জুন ২০১৯ গোলান মালভূমিতে ট্রাম্পের নামানুসারে নতুন একটি শহর তৈরির কাজ উদ্বোধন করে ইসরায়েল। শহরের নাম রাখা হয় Trump Height।



## সিয়াচেন হিমবাহ

পৃথিবীর সবচেয়ে উঁচু যুদ্ধক্ষেত্র কাশ্মীরের সিয়াচেন হিমবাহ। সিয়াচেন ভারত-পাকিস্তানের নিয়ন্ত্রণ রেখার (Line of Control-LoC) ঠিক উত্তর-পূর্বদিকে অবস্থিত। LoC'র উত্তরতম বিন্দুটি 'এন জে ৯৮৪২' নামে পরিচিত। আশির দশকের গোড়া থেকে কারাকোরাম পর্বতের সিয়াচেন হিমবাহ দখলে রাখা নিয়ে দুই চিরবৈরী দেশ ভারত ও পাকিস্তানের মধ্যে লড়াই শুরু হয়। আর এ দ্বন্দ্বের বীজ লুকিয়ে ছিল দুই দেশের মধ্যে স্বাক্ষরিত হওয়া করাচি আর সিমলা চুক্তির মধ্যে। ২৭ জুলাই ১৯৪৯ স্বাক্ষরিত করাচি চুক্তি আর ২ জুলাই ১৯৭২ স্বাক্ষরিত সিমলা চুক্তিতে 'এন জে ৯৮৪২' নামের বিন্দু নিয়ে নির্দিষ্ট করে উল্লেখ করা হয়নি। মনে করা হতো ঐ এলাকার আবহাওয়া এতটাই প্রতিকূল, যেখানে কোনো মানুষ থাকতে পারবে না। ১৩ এপ্রিল ১৯৮৪ ভারতীয় সেনাবাহিনী অপারেশন মেঘদূত নামক সামরিক অভিযানের মাধ্যমে সিয়াচেন দখল করে নেয়।

## ফকল্যান্ড দ্বীপপুঞ্জ

ফকল্যান্ড দ্বীপপুঞ্জের অবস্থান দক্ষিণ আটলান্টিক মহাসাগরে। দীর্ঘদিন ব্রিটিশ শাসনাধীন থাকা ফকল্যান্ড দ্বীপপুঞ্জের আয়তন ১২,১৭৩ বর্গকিমি। আর্জেন্টিনার মূল ভূখণ্ড থেকে এটি প্রায় ৪৮০ কিমি এবং ব্রিটেন থেকে প্রায় ১৩,০০০ কিমি দূরে অবস্থিত। এগুলোকে 'মালভিনাস দ্বীপপুঞ্জ' নামে ডাকে দেশটির অধিবাসীরা। আর্জেন্টিনা উপকূলের কাছে অবস্থিত হওয়ায় উনিশ শতকের শুরু থেকেই এ দ্বীপগুলোকে নিজেদের বলে দাবি করে আসছিল আর্জেন্টিনা। ১৮৩৩ সালে এখানে ব্রিটিশদের বসতি ও নিয়ন্ত্রণ স্থাপিত হয়। তখন থেকেই ব্রিটেন দ্বীপগুলোর ওপর আর্জেন্টিনার দাবি অগ্রাহ্য করতে থাকে। ২ এপ্রিল ১৯৮২ এক সামরিক অভিযানের মাধ্যমে আর্জেন্টিনা ফকল্যান্ড দখল করে নিলে ব্রিটেনের সাথে দেশটির যুদ্ধ বেঁধে যায়, যা ইতিহাসে 'ফকল্যান্ড যুদ্ধ' নামে পরিচিত। ১৪ জুন ১৯৮২ আর্জেন্টিনা যুদ্ধে পরাজয় স্বীকার করে আত্মসমর্পণ করলে ৭৪ দিনব্যাপী যুদ্ধের সমাপ্তি ঘটে। ২০০৯ সালে জাতিসংঘের মহীসোপানের সীমা নির্ধারণবিষয়ক কমিশনে (CLCS) আর্জেন্টিনা এ দ্বীপপুঞ্জের মালিকানা দাবি করে মামলা দায়ের করে। এ মামলার পরিপ্রেক্ষিতে CLCS ২৮ মার্চ ২০১৬ ফকল্যান্ড দ্বীপপুঞ্জ আর্জেন্টিনার মহীসোপানের মধ্যে অবস্থিত বলে রায় দেয়। তবে এ রায় চূড়ান্ত নয় এবং এটি মানার আইনগত কোনো বাধ্যবাধকতা নেই। ১০-১১ মার্চ ২০১৩ ফকল্যান্ড দ্বীপপুঞ্জে অনুষ্ঠিত গণভোটে ৯৯.৮০% ভোটার যুক্তরাজ্যের সঙ্গে থাকার পক্ষে মত দেন। তবে আর্জেন্টিনা আগেই এ গণভোট প্রত্যাখ্যান করে।



লিথুয়ানিয়া রাষ্ট্রটি বাল্টিক সাগরের দক্ষিণ-পশ্চিম রেখায় অবস্থিত

# শান্তির পথে তুরস্কের কুর্দি



তুরস্কের সঙ্গে চার দশক ধরে সংঘাতে জড়িত নিষিদ্ধ ঘোষিত গোষ্ঠী কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি। ১ মার্চ ২০২৫ তাদের নেতা আবদুল্লাহ ওজালান অস্ত্রবিরতির ঘোষণা দেন। এ ঘোষণার মধ্য দিয়ে সশস্ত্র এ সংগঠন এবং তুরস্কের সামরিক বাহিনীর ৪০ বছর ধরে চলা সংঘাতের ইতি ঘটতে যাচ্ছে।

## কুর্দিস্তান

কুর্দিস্তান (Kurdistan) মধ্যপ্রাচ্যে অবস্থিত ভৌগোলিক ও সাংস্কৃতিকভাবে একতাবদ্ধ একটি অঞ্চল। কুর্দিস্তান অর্থ কুর্দিদের দেশ। ভৌগোলিকভাবে কুর্দিস্তান অঞ্চলটি জগ্রাস পর্বতমালার উত্তর-পশ্চিম অংশ এবং তোরোস পর্বতমালার পূর্বাংশ নিয়ে গঠিত। আড়াই থেকে সাড়ে তিন কোটি কুর্দি এসব পাহাড়ি অঞ্চলে বসবাস করে। তারা মধ্যপ্রাচ্যের চতুর্থ বৃহত্তম নৃতাত্ত্বিক গোষ্ঠী। এরা জাতিতে কুর্দি কিন্তু সম্প্রদায়ে বৃহৎ অংশ সুন্নি মুসলীম। ইয়ারসানবাদ নামের প্রাচীন জরথুস্ত্রবাদের সঙ্গে সম্পর্কিত কুর্দি লোকধর্মেরও কিছু অনুসারী রয়েছে। কুর্দি জাতির লোক কুর্দি ভাষায় কথা বলে ও কুর্দি সংস্কৃতি লালন করে। আধুনিককালে কুর্দিস্তান বলতে তুরস্কের পূর্বের কিছু অংশ (তুর্কি কুর্দিস্তান), উত্তর ইরাক (ইরাকি কুর্দিস্তান), দক্ষিণ-পশ্চিম ইরান (ইরানি কুর্দিস্তান) এবং উত্তর সিরিয়ার (সিরীয় কুর্দিস্তান) কুর্দি-অধ্যুষিত অঞ্চলগুলোকে বোঝায়। এছাড়া আজারবাইজান ও আর্মেনিয়ার সামান্য কিছু এলাকাকেও কুর্দিস্তানের অন্তর্গত গণ্য করা হয়। নিজ ভূখণ্ডে বসবাসের পরও পৃথক রাষ্ট্রাধীনের নাগরিক, অধিকারবিহীন জাতি।

## ইতিহাস

দ্বাদশ শতকে সেলজুক সুলতান আহমাদ সাঞ্জার প্রথম সরকারিভাবে কুর্দিস্তান নামটি ব্যবহার করেন। তিনি সেসময় কুর্দিদের আবাসভূমি বিজয় করেন এবং কুর্দিস্তান নামের একটি প্রদেশ গঠন করেন। এর রাজধানী ছিল বাহার শহর, যা বর্তমান ইরানি হামাদান শহরের কাছেই অবস্থিত। সেলজুকদের পরে সেই অঞ্চলের ক্ষমতা চলে যায় অটোমান সাম্রাজ্যের হাতে। বিংশ শতকে পতনের পূর্ব পর্যন্ত কুর্দিস্তানের ক্ষমতা ও কর্তৃত্ব ছিল অটোমান সাম্রাজ্যের নিয়ন্ত্রণে। প্রথম বিশ্বযুদ্ধের পর অটোমান সাম্রাজ্যের পতন ঘটলে অন্যান্য জাতির মতো কুর্দিরাও স্বাধীন কুর্দিস্তানের দাবিতে সোচ্চার হয়ে ওঠে। প্রথম বিশ্বযুদ্ধে বিজয়ী মিত্রশক্তি ১০ আগস্ট ১৯২০ উসমানিয়া সাম্রাজ্যের সাথে সেভ্রেস চুক্তি (Treaty of Sèvres) স্বাক্ষর করে। মিত্রশক্তি সেভ্রেস চুক্তির মাধ্যমে গণভোটের ভিত্তিতে স্বাধীন কুর্দিস্তান প্রতিষ্ঠার প্রচেষ্টা চালায়। ২৪ জুলাই ১৯২৩ সুইজারল্যান্ডের লুজান শহরে মিত্রশক্তি সঙ্গে লুজান চুক্তির (Treaty of Lausanne) মাধ্যমে তুরস্ককে স্বাধীনতা দেওয়া হয়। কিন্তু সেই চুক্তির মাধ্যমে কুর্দিস্তানের গণভোটের প্রতিশ্রুতি বাতিল করে স্বাধীনতা দেওয়ার প্রক্রিয়াটিকে সম্পূর্ণ অগ্রাহ্য করা হয়। ব্রিটিশ ফ্রান্সের প্রত্যক্ষ হস্তক্ষেপে ১৯১৬ সালে স্বাক্ষরিত গোপ সাইকস-পিকো চুক্তির (Sykes–Picot Agreement মাধ্যমে কুর্দিস্তানকে ইরাক, ইরান, তুরস্ক ও সিরিয়া- চা রাষ্ট্রের মধ্যে খণ্ড খণ্ড করে ভাগ করে দেওয়া হয়। সে বিভক্তি কারণে কুর্দি জাতিসত্তা তাদের নিজস্ব ভূখণ্ড হারি ফেলে। তুরস্কের সঙ্গে কুর্দিস্তানের যে অংশ জুড়িয়ে দেওয়া হয়, তার বিরোধিতা করে ১৯২৫ সালে কুর্দি নেতা শে সাইদ পিরানের নেতৃত্বে স্বাধীনতা লাভের জন্য সংগ্রা শুরু করেন। পরবর্তীতে ২৯ জুন ১৯২৫ শেখ সাইদ, ফুয়াদসহ বহু কুর্দি নেতাকে মোস্তফা কামাল আতাতু ফাঁসিতে ঝুলিয়ে ছিলেন। ১৯২৯ সালে কুর্দিরা পুনরা বিদ্রোহ করে। দু'বার কুর্দি অভ্যুত্থানের পর সেখানে কুর্দি নাম ও পোশাক নিষিদ্ধ করা হয়, কুর্দি ভাষার ব্যবহা সীমিত করা হয়। এমনকি কুর্দিদের বলা হয় 'পাহা তুর্কি' নামে। ২৭ নভেম্বর ১৯৭৮ আব্দুল্লাহ ওজালানে নেতৃত্বে স্বাধীন কুর্দিস্তানের দাবিতে কুর্দিরা গঠন করে মার্ক্সবাদী কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টি (PKK)। তার লক্ষ্য ছিল তুরস্কের কুর্দিদের জন্য



একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা। ১৯৮৪ সালে সশস্ত্র যুদ্ধ শুরু হলে তাতে ৪০,০০০ লোক নিহত এবং লক্ষ লক্ষ লোক গৃহচ্যুত হয়। তুরস্ক সরকার কমিউনিস্ট অভিধায় কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টিকে সন্ত্রাসী সংগঠন হিসেবে কালো তালিকাভুক্ত করে। ১৯৯০ সালের পর থেকে তুরস্ক সরকারের ক্রমাগত সামরিক অভিযানে কুর্দিদের স্বাধীনতার স্বপ্ন স্তিমিত হতে শুরু করে। ১৯৯১ সাল পর্যন্ত তুরস্কে কুর্দিদের মাতৃভাষা কুর্দি ছিল সম্পূর্ণরূপে নিষিদ্ধ। ১৯৯৫ সালের দিকে PKK স্বাধীনতার দাবি বাদ দিয়ে সাংস্কৃতিক এবং রাজনৈতিক স্বায়ত্ত শাসনের দাবিতে আন্দোলন চালায়। তবে সেসময়ও সশস্ত্র সংগ্রাম অব্যাহত রাখে তারা। তুরস্কের সাড়ে আট কোটি জনসংখ্যার মধ্যে প্রায় ২০% কুর্দি।





## শান্তি উদ্যোগ

১৭ মার্চ ১৯৯৩ আব্দুল্লাহ ওজালান PKK কর্তৃক একতরফা যুদ্ধবিরতি ঘোষণা করেন। ১৬ এপ্রিল ১৯৯৩ যুদ্ধবিরতি পুনরায় অনির্দিষ্টকালের জন্য বাড়ানো হয়। ১৭ এপ্রিল ১৯৯৩ তুরস্কের তৎকালীন প্রেসিডেন্ট তুরগুত ওজালের মৃত্যুর পর যুদ্ধবিরতি শেষ হয়। ১৯৯৫ সালের ডিসেম্বরে PKK দ্বিতীয় একতরফা যুদ্ধবিরতি ঘোষণা করে। ১ সেপ্টেম্বর ১৯৯৮ PKK আরেকটি একতরফা যুদ্ধবিরতি ঘোষণা করে। এ সময় কুর্দিদের সমর্থন অব্যাহত রাখলে তুরস্ক সিরিয়াকে সামরিক সংঘর্ষের হুমকি দেয়। এরপর ওজালানকে সিরিয়া থেকে বহিষ্কার করা হয়। ৯ অক্টোবর ১৯৯৮ তিনি ইউরোপে চলে যান। ১৯৯৯ সালে ওজালানকে ধরে তুরস্কে নিয়ে আসা হয়। যেখানে তিনি শান্তি আলোচনার জন্য তার প্রস্তাব পুনর্নবীকরণ করেন। ২০০৪ সালে যুদ্ধবিরতি শেষ হয় এবং সশস্ত্র সংঘাত আবার শুরু হয়। এরপর ২০০৯-২০১১ ও ২০১৩-২০১৫ পর্যন্ত যুদ্ধবিরতির দু'টি প্রচেষ্টা চালানো হয়, কিন্তু সেগুলো ব্যর্থ হওয়ার পর সহিংসতা আরও বেড়ে যায়। সর্বশেষ তুরস্ক সরকারের সহযোগী এবং কট্টর-জাতীয়তাবাদী দল ন্যাশনালিস্ট মুভমেন্ট পার্টির (MHP) নেতা দেবলেত বাহচেলির মধ্যস্থতায় শুরু হয় শান্তি উদ্যোগ। ২৭ ফেব্রুয়ারি ২০২৫ PKK'র কারাবন্দী নেতা আব্দুল্লাহ ওজালান তার সংগঠনকে তুরস্কের বিরুদ্ধে দীর্ঘদিনের লড়াই বন্ধ করার ঐতিহাসিক আহ্বান জানান। ১ মার্চ ২০২৫ PKK তুরস্ক সরকারের সঙ্গে অস্ত্রবিরতির ঘোষণা দেয়। এ ঘোষণার মধ্য দিয়ে সশস্ত্র এ সংগঠন এবং তুরস্কের সামরিক বাহিনীর ৪০ বছর ধরে চলা সংঘাতের ইতি ঘটতে যাচ্ছে। তবে পরবর্তী পদক্ষেপ কী হবে, শান্তি প্রক্রিয়া কীভাবে বাস্তবায়িত হবে তা এখনো জানায়নি PKK বা তুরস্ক সরকার।

## আব্দুল্লাহ ওজালান

আব্দুল্লাহ ওজালান কুর্দি রাজনীতিবিদ ও কুর্দিস্তান ওয়ার্কার্স পার্টির (PKK) প্রতিষ্ঠাতা সদস্য। তিনি ৪ এপ্রিল ১৯৪৮ (মতান্তরে ১৯৪৯) তুরস্কের শানলিউরফা প্রদেশের হালফেতি গ্রামে জন্মগ্রহণ করেন। কুর্দি স্বাধীনতাকামীরা তাকে 'আপো' (Apo) নামে ডাকে। কুর্দিদের ভাষায় আপো মানে আংকেল। আব্দুল্লাহ ১৯৭৯-১৯৯৮ সাল পর্যন্ত সিরিয়ায় ছিলেন। তিনি



১৯৭৮ সালে PKK প্রতিষ্ঠা করতে সাহায্য করেন এবং ১৯৮৪ সালের কুর্দি-তুর্কি সংঘর্ষে নেতৃত্ব দেন। এরপর সিরিয়া ত্যাগ করতে বাধ্য হয়ে ১৫ ফেব্রুয়ারি ১৯৯৯ গ্রিস দূতাবাস থেকে নাইরোবির জোমো কেনিয়াত্তা আন্তর্জাতিক বিমানবন্দরে যাওয়ার পথে তাকে অপহরণ করা হয়। এরপর CIA'র সহায়তায় তাকে বিচারের জন্য তুরস্কে ফিরিয়ে নেওয়া হয়। ২৯ জুন ১৯৯৯ তুর্কি দণ্ডবিধির ১২৫ ধারা অনুসারে মৃত্যুদণ্ড দেওয়া হয়। ২০০২ সালের আগস্টে তুরস্কে মৃত্যুদণ্ড বাতিলের পর, একই বছরের অক্টোবরে আদালত তার মৃত্যুদণ্ডকে যাবজ্জীবন কারাদণ্ডে রূপান্তরিত করে। ১৯৯৯–২০০৯ সাল পর্যন্ত, তিনি তুরস্কের মারমারা সাগরের ইমরাল কারাগারে ছিলেন, যেখানে তাকে এখনও আটকে রাখা হয়েছে। কারাবাস সত্ত্বেও, তিনি PKK'র উপর উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে চলেছেন। আব্দুল্লাহ কারাগার থেকে বেশ কয়েকটি বইও প্রকাশ করেছেন।

## ■ ইরাকি কুর্দিস্তান

১৯৬১ সালে প্রথম ইরাকি কুর্দিদের সশস্ত্র লড়াই শুরু হয়। এরপর ১১ মার্চ ১৯৭০ তাদের কার্যত স্বায়ত্বশাসন দেওয়া হয় কিন্তু তা অচিরেই ভেঙে পড়ে। সত্তরের দশকে কুর্দিদের বিভিন্ন এলাকা থেকে উচ্ছেদ করে সেখানে আরবদের বসতি স্থাপন করানো শুরু হয়। ১৯৭৯ সালে ইরান-ইরাক যুদ্ধের সময় কুর্দিরা ইরানকে সমর্থন দেয়। ১৯৮৮ সালে তৎকালীন প্রেসিডেন্ট সাদ্দাম হুসেইন কুর্দিদের বিরুদ্ধে প্রতিহিংসাবশত অভিযান শুরু করেন,যার অংশ হিসেবে হালাবজা অঞ্চলে রাসায়নিক অস্ত্র প্রয়োগ করা হয়। ১৯৯১ সালের উপসাগরীয় যুদ্ধে যখন ইরাকের পরাজয় হয়, কুর্দি বিদ্রোহীরা তখন ইরাকের বিরুদ্ধে সংগ্রাম শুরু করে। ঐ বিদ্রোহ দমনে ইরাকের কর্তৃপক্ষের নেওয়া সহিংস পদক্ষেপের কারণে যুক্তরাষ্ট্র ও তার জোট উত্তরে ১ মার্চ ১৯৯১ 'নো ফ্লাই জোন' ঘোষণা করে যার ফলে কুর্দিরা সেসব অঞ্চলে নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। ২০০৩ সালে মার্কিন নেতৃত্বাধীন যেই আক্রমণে সাদ্দাম হুসেইন ক্ষমতাচ্যুত হন, ঐ অভিযানে যুক্তরাষ্ট্রকে সমর্থন করে কুর্দিরা। ২০০৫ সালে ইরাকের নতুন সংবিধানেও ইরাকি কুর্দিস্তানের স্বায়ত্তশাসন পুনরায় স্বীকৃতি পায়। কুর্দিস্তান ডেমোক্র্যাটিক পার্টি ও প্যাট্রিয়টিক ইউনিয়ন অব কুর্দিস্তান এখন কুর্দিস্তানকে স্বায়ত্বশাসিত অঞ্চল হিসেবে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। ১ মার্চ ২০০৬ কুর্দিরা উত্তর ইরাকের তিনটি প্রদেশ—ইরবিল, ডোহুক ও সুলাইমানিয়ায়-কুর্দিস্তান রিজিওনাল গভর্নমেন্ট (KRG) প্রতিষ্ঠা করে। ইরাকি কুর্দিস্তানের নিজস্ব পতাকা, জাতীয় সঙ্গীত এবং সেনাবাহিনী রয়েছে। সবচেয়ে বড় কথা, তাদের রয়েছে তেল। তবে আশপাশের দেশে থাকা সব কুর্দিদের নিয়ে একটি দেশ গঠনের স্বপ্ন অনেক কুর্দিই দেখে থাকেন।

## ■ ইরানি কুর্দিস্তান

ইরাকের প্রতিবেশী ইরানের কুর্দি-অধ্যুষিত এলাকাটিকে 'কোর্দেস্তন' নামের একটি প্রদেশের অন্তর্গত করা হয়। কিন্তু ইরানের এই প্রদেশটি কোনো স্বায়ত্তশাসিত প্রদেশ নয়।

## ■ সিরীয় কুর্দিস্তান

সিরিয়ায় কুর্দিদের সংখ্যা জনসংখ্যার ৭-১০%। এখানকার কুর্দি নেতাদের কথা হলো সিরিয়া সমস্যার সমাধান করতে হলে তাতে কুর্দিদের অধিকার এবং স্বীকৃতি থাকতে হবে। ১০ মার্চ ২০২৫ কুর্দি-নেতৃত্বাধীন সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সেসকে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের সঙ্গে একীভূত করার লক্ষ্যে ঐতিহাসিক চুক্তি স্বাক্ষর করে সিরিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট আহমেদ আল-শারা।



# বিশ্ব ক্রীড়াঙ্গনে বাংলাদে

৬ এপ্রিল 'জাতীয় ক্রীড়া দিবস' এবং 'উন্নয়ন ও শান্তির
আন্তর্জাতিক ক্রীড়া দিবস'। এ দিবসকে সামনে রেখে
ক্রীড়াঙ্গনে বাংলাদেশের নানান তথ্য নিয়ে এই আয়োজ

## প্রথম অংশগ্রহণ

| নাম | সাল | যততম | স্বাগতিক |
|---|---|---|---|
| কমনওয়েলথ গেমস | ১৯৭৮ | একাদশ | এডমন্টন, কানাডা |
| এশিয়ান গেমস | ১৯৭৮ | অষ্টম | ব্যাংকক, থাইল্যান্ড |
| আইসিসি ট্রফি | ১৯৭৯ | প্রথম | ইংল্যান্ড |
| অলিম্পিক গেমস | ১৯৮৪ | ২৩তম | লস অ্যাঞ্জেলস, যুক্তরাষ্ট্র |
| এসএ গেমস | ১৯৮৪ | প্রথম | কাঠমান্ডু, নেপাল |
| বিশ্বকাপ ফুটবল বাছাই | ১৯৮৬ | ১৩তম | মেক্সিকো |
| বিশ্বকাপ ক্রিকেট | ১৯৯৯ | সপ্তম | ইংল্যান্ড |
| টেস্ট ক্রিকেট | ২০০০ | দশম | ঢাকা, বাংলাদেশ |

## সদস্যপদ লাভ

| সংস্থা | সদস্যপদ লাভ |
|---|---|
| এশিয়ান ফুটবল কনফেডারেশন (AFC) | ১৯৭৩ সালে |
| আইসিসির সহযোগী সদস্য | ২৬ জুলাই ১৯ |
| ফিফা | ১ জানুয়ারি ১৯ |
| আন্তর্জাতিক দাবা ফেডারেশন (FIDE) | ১৯৭৯ সালে |
| এশিয়ান ক্রিকেট কাউন্সিল (ACC) | ১৯৮৩ সালে |
| আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (IOC) | ১৫ ফেব্রুয়ারি ১৯ |
| আন্তর্জাতিক হ্যান্ডবল ফেডারেশন (IHF) | ১৯৮৬ সালে |
| আইসিসির পূর্ণ সদস্য | ২৬ জুন ২০০০ |

## ফুটবল

✓ ফুটবল খেলার জন্ম চীনে।
✓ ১৯৩০ সালে বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয়।
✓ ১৫ জুলাই ১৯৭২ বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) গঠিত হয়।
✓ স্বাধীনতা-উত্তর বাংলাদেশের জাতীয় ফুটবল দলের প্রথম অধিনায়ক জাকারিয়া পিন্টু।



✓ ১৯৭৩ সালে বাংলাদেশ জাতীয় ফুটবল দল প্রথম কোনো আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।
✓ ১৯৮৬ সালে বাংলাদেশ বিশ্বকাপ ফুটবলের বাছাই পর্বে প্রথম অংশগ্রহণ করে।
✓ বাংলাদেশ এএফসি এশিয়ান কাপ ফুটবলের বাছাই পর্বে অংশগ্রহণ করে ১৯৮০ সালে।
✓ ২৯ জানুয়ারি ২০১০ নারী ফুটবল দলটি সর্বপ্রথম নেপালের বিপক্ষে ম্যাচ খেলার মাধ্যমে আন্তর্জাতিক ফুটবলে প্রবেশ করে।
✓ ২০১১ সালের বিশেষ অলিম্পিক ফুটবলে স্বর্ণজয়ী দেশ বাংলাদেশ (স্পেনকে ১১-১ গোলে হারিয়ে)।
✓ ২০২৫ সালে বাংলাদেশ নারী ফুটবল দল একুশে পদক লাভ করে।



### বৈশ্বিক ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন

| পুরুষ | নারী |
|---|---|
| ১৯৯০ : আন্তর্জাতিক ডানা কাপ (ডেনমার্ক) | ২০১৫ : এএফসি অনূর্ধ্ব-১৪ চ্যাম্পিয়নশিপ |
| ১৯৯০ : অন্তর্জাতিক গোথিয়া কাপ (সুইডেন) | ২০১৭ : সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপ |
| ২০০৩ : সাফ চ্যাম্পিয়নশিপ | ২০১৮ : জকি কাপ অনূর্ধ্ব-১৫ |
| ২০১৫ : সাফ অনূর্ধ্ব-১৬ চ্যাম্পিয়নশিপ | ২০১৮ : এএফসি অনূর্ধ্ব-১৬ |
| ২০১৮ : সাফ অনূর্ধ্ব-১৫ চ্যাম্পিয়নশিপ | ২০১৮ : সাফ অনূর্ধ্ব-১৮ |
| ২০২৪ : সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ | ২০২১ : সাফ অনূর্ধ্ব-১৯ চ্যাম্পিয়নশিপ |
| | ২০২২ : সাফ নারী চ্যাম্পিয়নশিপ |
| | ২০২৪ : সাফ নারী চ্যাম্পিয়নশিপ |

## দাবা

✓ দাবা খেলার উৎপত্তি ভারতে। আদি নাম চতুরঙ্গ।
✓ ১৯৮৭ সালে উপমহাদেশের প্র গ্র্যান্ড মাস্টার খেতাব অর্জন দাবাড়ু নিয়াজ মোর্শেদ (বাংলাদে
✓ প্রথম বাঙালি গ্র্যান্ড মাস্টার দা নিয়াজ মোর্শেদ।
✓ দাবায় সর্বোচ্চ খেতাব গ্র্যান্ড মাস্ট
✓ বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপ চালু ১৮৮৬ সালে।
✓ ১৪ বছর ৩ মাসে দেশের সর্বক আন্তর্জাতিক মাস্টার হন দাব মনন রেজা নীড়।
✓ বাংলাদেশ মহিলা দাবা প্রতিযোগি শুরু হয় ১৯৭৯ সাল থেকে।
✓ বাংলাদেশের একমাত্র আন্তর্জাতি মহিলা দাবাড়ু রানী হামিদ।
✓ বাংলাদেশে এখন পর্যন্ত গ্র্যান্ড মাস্ট হয় ৫ জন— নিয়াজ মোর্শেদ ১৯ জিয়াউর রহমান ২০০২; রিফা বিন সাত্তার ২০০৬, আব্দুল্লাহ আ রাকিব ২০০৭ ও এনামুল হোসে রাজীব ২০০৮।







## ক্রিকেট

✓ ক্রিকেট খেলার জন্ম ইংল্যান্ডে।
✓ বিশ্বকাপ ক্রিকেট শুরু হয় ৭-২১ জুন ১৯৭৫, ইংল্যান্ড।
✓ ১৯৯৯ সালে ৭ম বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের অভিষেক ঘটে।
✓ বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB) গঠিত হয় ১৯৭২ সালে।
✓ ১৭ মে ১৯৯৮ বাংলাদেশ ওয়ানডে ক্রিকেটে প্রথম জয়লাভ করে (কেনিয়ার বিপক্ষে)।
✓ বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিরুদ্ধে।
✓ একই টেস্টে সেঞ্চুরি ও হ্যাটট্রিককারী প্রথম ক্রিকেটার সোহাগ গাজী।
✓ ২৬ জানুয়ারি ২০১২ এনামুল হক মনির প্রথম বাংলাদেশি হিসেবে টেস্ট আম্পায়ারিংয়ে অভিষেক ঘটে।
✓ ২৮ নভেম্বর ২০০৬ টি-২০ ক্রিকেটে বাংলাদেশ প্রথম জয়লাভ করে (জিম্বাবুয়ের বিপক্ষে)।
✓ ২০০৭ সালে আইসিসি টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের প্রথম জয় ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে।
✓ বাংলাদেশে নারী ক্রিকেটের যাত্রা শুরু হয় ২০০৭ সালে।
✓ আইসিসি ট্রফিতে বাংলাদেশ ২৪ মে ১৯৭৯ ফিজির বিপক্ষে প্রথম খেলে।
✓ আইসিসির প্রথম বাংলাদেশি সভাপতির নাম আ হ ম মোস্তফা কামাল।

### বিশ্ব ক্রিকেটে চ্যাম্পিয়ন



| সময় | টুর্নামেন্ট |
|---|---|
| | পুরুষ |
| ১৯৯৭ | আইসিসি ট্রফি |
| ২০২০ | অনূর্ধ্ব-১৯ পুরুষ ক্রিকেট বিশ্বকাপ |
| ২০২৩ | অনূর্ধ্ব-১৯ পুরুষ এশিয়া কাপ |
| ২০২৪ | অনূর্ধ্ব-১৯ পুরুষ এশিয়া কাপ |
| | নারী |
| ২০১৮ | নারী এশিয়া কাপ |

### ক্রিকেটে মর্যাদা লাভ

| ক্যাটাগরি | পুরুষ | নারী |
|---|---|---|
| টেস্ট | ২৬ জুন ২০০০ | ১ এপ্রিল ২০২১ |
| ওয়ানডে | ১৫ জুন ১৯৯৭ | ২৪ নভেম্বর ২০১১ |
| টি-২০ | ২৮ নভেম্বর ২০০৬ | ২০১২ সালে |

### ক্রিকেটে অভিষেক ও প্রথম জয়

| ফরম্যাট | অভিষেক | | প্রথম জয় | |
|---|---|---|---|---|
| | তারিখ | প্রতিপক্ষ | তারিখ | প্রতিপক্ষ |
| | পুরুষ | | | |
| ওয়ানডে | ৩১ মার্চ ১৯৮৬ | পাকিস্তান | ১৭ মে ১৯৯৮ | কেনিয়া |
| টেস্ট | ১০ নভেম্বর ২০০০ | ভারত | ৬ জানুয়ারি ২০০৫ | জিম্বাবুয়ে |
| টি-২০ | ২৮ নভেম্বর ২০০৬ | জিম্বাবুয়ে | ২৮ নভেম্বর ২০০৬ | জিম্বাবুয়ে |
| | নারী | | | |
| ওয়ানডে | ২৬ নভেম্বর ২০১১ | আয়ারল্যান্ড | ২৬ নভেম্বর ২০১১ | আয়ারল্যান্ড |
| টি-২০ | ২৮ আগস্ট ২০১২ | আয়ারল্যান্ড | ২৮ আগস্ট ২০১২ | আয়ারল্যান্ড |

[Note : নারী ক্রিকেট দলের এখন পর্যন্ত টেস্টে অভিষেক হয়নি।]

## কাবাডি

✓ কাবাডি খেলা সর্বপ্রথম শুরু হয় ভারতে।
✓ প্রথম বিশ্বকাপ কাবাডি অনুষ্ঠিত হয় ১৯-২১ নভেম্বর ২০০৪; ভারতে।
✓ বাংলাদেশ পুরুষ কাবাডি বিশ্বকাপে অংশগ্রহণ করে ২০০৪ সালে।
✓ বাংলাদেশ মহিলা কাবাডি বিশ্বকাপে অংশগ্রহণ করে ২০১২ সালে।
✓ বাংলাদেশ পুরুষ এশিয়ান কাবাডি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে ১৯৮০ সালে।
✓ বাংলাদেশ মহিলা এশিয়ান কাবাডি চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে ২০০৫ সালে।



✓ বাংলাদেশের জাতীয় খেলা কাবাডি।
✓ হাডুডুকে কাবাডি নামকরণ করা হয় এবং জাতীয় খেলা হিসেবে স্বীকৃতি দেওয়া হয় ১৯৭২ সালে।
✓ বঙ্গবন্ধু কাপ আন্তর্জাতিক কাবাডি টুর্নামেন্টে বাংলাদেশ পুরুষ কাবাডি দল ২০২১, ২০২২, ২০২৩ এবং ২০২৪ সালে চ্যাম্পিয়ন হয়।

## হকি

✓ বিশ্বের অন্যতম প্রাচীন খেলা হকির উৎপত্তি গ্রিসে।
✓ বিশ্বকাপ হকি প্রথম অনুষ্ঠিত হয় ১৯৭১ সালে (চ্যাম্পিয়ন পাকিস্তান)।
✓ এশিয়ান হকি ফেডারেশন (AHF) কাপে বাংলাদেশ পুরুষ হকি দল ২০০৮, ২০১২, ২০১৬ এবং ২০২২ সালে চ্যাম্পিয়ন হয়।



✓ ২০২৫ সালে অনূর্ধ্ব-২১ পুরুষ জাতীয় হকি দল প্রথমবারের মতো ভারতে অনুষ্ঠিতব্য যুব বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে।
✓ ২০১৯ সালে মহিলা হকি দল প্রথমবারের মতো জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করে।
✓ হকি খেলার জাদুকর বলা হয় ধ্যানচাঁদকে।
✓ হকি পাকিস্তান ও ভারতের জাতীয় খেলা।
✓ হকি খেলার সাথে সম্পর্কিত কিছু শব্দ হলো বুলি, ক্যারি, বোল-ইন, সর্ট কর্নার, স্ট্রাইকিং, সার্কেল ও স্ট্রাইক।

## অন্যান্য

✓ ইংলিশ চ্যানেল অতিক্রমকারী প্রথম এশীয় বাংলাদেশের ব্রজেন দাস (১৯৫৮ সালে)।
✓ ১৫-১৯ মার্চ ১৯৭৮ প্রথম বাংলাদেশ গেমস অনুষ্ঠিত হয়।
✓ বাংলাদেশ গেমসের আয়োজক বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন।
✓ গিনিস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে অন্তর্ভুক্ত একমাত্র বাংলাদেশি মহিলা ক্রীড়াবিদের নাম জোবেরা রহমান লীনু।
✓ ১৯৭৮ সালে বাংলাদেশ প্রথম এশিয়ান গেমসে অংশ নেয়।
✓ বাংলাদেশি তীরন্দাজ রোমান সানা ২০১৯ সালে এশিয়া কাপ র‍্যাংকিং টুর্নামেন্টের ব্যক্তিগত ইভেন্টে স্বর্ণপদক লাভ করেন।
✓ ২০০২ সালে আসিফ হোসেন খান কমনওয়েলথ শুটিংয়ে স্বর্ণ পদক অর্জন করেন।
✓ ২০১৬ রিও অলিম্পিকে সরাসরি গলফ খেলার যোগ্যতা অর্জন করেন সিদ্দিকুর রহমান।



# খেলাধুলা



## ফুটবলে সময় নষ্ট করলে কর্নার

এখন থেকে কোনো গোলকিপার বল হাতে নিয়ে বেশি সময় নষ্ট করলে প্রতিপক্ষ কর্নার পাবে। ১ মার্চ ২০২৫ আন্তর্জাতিক ফুটবল এসোসিয়েশন বোর্ড (IFAB)-এর সভায় নতুন এ নিয়ম অনুমোদন করা হয়। ২০২৫ সালের জুনে ৩২ দল নিয়ে আয়োজিত ফিফা ক্লাব বিশ্বকাপ থেকে এ নিয়ম কার্যকর হবে। আগের নিয়মে গোলকিপার ৬ সেকেন্ডের বেশি সময় নষ্ট করলে প্রতিপক্ষকে পরোক্ষ ফ্রি-কিক দেওয়া হয়। পরোক্ষ ফ্রি-কিকে গোল হওয়ার সম্ভাবনা বেশি থাকে বলে রেফারিরা শাস্তি দিতে নিরুৎসাহিত বোধ করেন। গোলকিপারদের সময় নষ্টের ঘটনায় যথাযথ শাস্তি নিশ্চিত করতে শাস্তির ধরনে পরিবর্তন এনে কর্নারের নিয়ম করে IFAB। গোলকিপাররা বল ধরে রাখতে পারবেন সর্বোচ্চ ৮ সেকেন্ড। কর্নার সিদ্ধান্ত দেওয়ার আগে রেফারি ৫ সেকেন্ড সতর্কতামূলক গণনা (কাউন্টডাউন) করবেন।

## ফিফার নিষেধাজ্ঞামুক্ত বাফুফে

৭ মার্চ ২০২৫ প্রায় সাত বছর পর ফিফার নিষেধাজ্ঞা থেকে মুক্ত হয় বাংলাদেশ। এখন থেকে বাফুফে ফিফার অনুদান আবার স্বাভাবিক কিস্তিতে পাবে। পাশাপাশি উন্নয়নমূলক আরও অনেক কর্মসূচিতে আবেদনের সুযোগও বাড়বে। ২০১৮ সাল থেকে বাফুফে ফিফার আর্থিক অস্বচ্ছতার তালিকায় ছিল। বাফুফের আয়ের সিংহভাগ আসে ফিফার কোষাগার থেকে। সেই অর্থ ব্যয়ে নির্দেশনা না মানায় ফিফা বাফুফেকে অনুদান পেত ধাপে ধাপে। বাফুফেকে পর্যবেক্ষণের পর ফিফা সেই অর্থছাড় দেওয়ার শিথিলতা এবার প্রত্যাহার করে।

## Dhaka Premier League ২০২৪-২৫

আয়োজন : ১১তম ▌আয়োজক : বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB) ▌সময়কাল : ১-১৩ মার্চ ২০২৫- ▌ভেন্যু : ৩টি— ঢাকা ও সাভারে ২টি ▌অংশগ্রহণকারী দল : ১২টি। মোট ম্যাচ : ১৮টি।

## জাতীয় জিমন্যাস্টিকস চ্যাম্পিয়নশিপ



আয়োজন : ৩৭তম ▌আয়োজক : বাংলাদেশ জিমন্যাস্টিকস ফেডারেশন ▌সময়কাল : ১৬-১৮ ফেব্রুয়ারি ২০২৫ ▌ভেন্যু : ঢাকায় জাতীয় ক্রীড়া পরিষদের জিমনেসিয়াম। এবার সেরা অ্যাথলেট হয় বান্দরবানের কোয়ান্টাম কসমো স্কুল অ্যান্ড কলেজের রাজীব চাকমা। এই প্রথম দেশসেরা হলেও রাজীব আন্তর্জাতিক পদক পান আগেই। সর্বশেষ ২০১৯ সালে জাতীয় সিনিয়র প্রতিযোগিতার আয়োজন করে ফেডারেশন।

## দুই দশক পর কাবাডিতে পদক

এশিয়ান কাবাডি চ্যাম্পিয়নশিপে সর্বশেষ ২০০৫ সালে ব্রোঞ্জ জিতে বাংলাদেশ নারী কাবাডি দল। দীর্ঘ দুই দশক পর ৭ মার্চ ২০২৫ ইরানের তেহরানে ষষ্ঠ এশিয়ান নারী কাবাডি চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জপদক জিতে বাংলাদেশের মেয়েরা। গ্রুপ পর্বের শেষ ম্যাচে থাইল্যান্ডের বিপক্ষে বাংলাদেশ জিতে ৪২-২৭ পয়েন্টে। ১৯৮০ সাল থেকে হচ্ছে এশিয়ান কাবাডি-চ্যাম্পিয়নশিপ। যদিও নারীদের অংশগ্রহণ ২০০৫ সাল থেকে। প্রথম আসরে অংশ নিয়েই বাংলাদেশের মেয়েরা ব্রোঞ্জ পদক লাভ করে।

## আত্মজীবনী 'জীবনজালের এপার-ওপার'

দেশের টেবিল টেনিসের কিংবদন্তি জোবেরা রহমান লিনু তার বর্ণিল ক্যারিয়ারের নানা মুহূর্ত ও টেবিল টেনিসের সঙ্গে কাটানো আলো-আঁধারের দিনগুলো নিয়ে লিখেন আত্মজীবনীমূলক বই 'জীবনজালের এপার-ওপার'। ২১ ফেব্রুয়ারি ২০২৫ বইটির প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয় জাতীয় প্রেসক্লাবে। ১৯৭৩ সালে মাত্র ৯ বছর বয়সে টেবিল টেনিসের সঙ্গে পথচলা শুরু লিনুর। লিনু জাতীয় চ্যাম্পিয়ন হন ১৬ বার, ২০০২ সালের মে মাসে নাম লেখান গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে।

## জাতীয় অ্যাথলেটিকস




আয়োজন : ৪৮তম ▌আয়োজক : বাংলাদেশ অ্যাথলেটিকস ফেডারেশন ▌সময়কাল : ১৭-১৯ ফেব্রুয়ারি ২০২৫ ▌ভেন্যু : জাতীয় স্টেডিয়াম, ঢাকা ▌মোট অংশগ্রহণকারী : ৪৪৫ জন অ্যাথলেট ▌মোট ইভেন্ট : ৪০টি।

- ছেলেদের বিভাগে ১০০ মিটার স্প্রিন্টে ১০.৬১ সেকেন্ড সময় নিয়ে দ্রুততম মানব হন বাংলাদেশের নৌবাহিনীর ইসমাইল। মেয়েদের বিভাগে ১০০ মিটার স্প্রিন্টে ১২.০১ সেকেন্ড সময় নিয়ে দ্রুততম মানবী হন নৌবাহিনীর শিরিন। ১৬তম বারের মতো দ্রুততম মানবী হয় শিরিন।





## বিশ্বকাপের ১০০ বছরে খেলবে ৬৪ দেশ!

ফুটবল বিশ্বকাপের প্রথম আসর বসে ১৯৩০ সালে। বিশ্বকাপের ১০০ বছর পূর্ণ হবে ২০৩০ সালে। তাই সেই বছর বিশ্বকাপ বিশেষভাবে উদ্‌যাপন করতে চায় ফিফা। ৫ মার্চ ২০২৫ ফিফার সভায় প্রস্তাব দেওয়া হয় ২০৩০ বিশ্বকাপে ৬৪টি দল খেলবে। ২০৩০ বিশ্বকাপ মিলিতভাবে আয়োজন করবে মরক্কো, স্পেন ও পর্তুগাল। ২০২৬ বিশ্বকাপ হবে ৪৮টি দেশ নিয়ে। আয়োজক আমেরিকা, মেক্সিকো ও কানাডা।

## CONMEBOL Sub-20 Championship

আয়োজন : ৩১তম ▌আয়োজক : দক্ষিণ আমেরিকান ফুটবল কনফেডারেশন ▌সময়কাল : ২৩ জানুয়ারি-১৬ ফেব্রুয়ারি ২০২৫ ▌স্বাগতিক : ভেনিজুয়েলা ▌ভেন্যু : ৫টি ▌অংশগ্রহণকারী দল : ১০টি। ম্যাচ : ৩৫টি ▌চ্যাম্পিয়ন : ব্রাজিল (১৩ বারের মতো) ▌রানার্সআপ : আর্জেন্টিনা ▌সর্বোচ্চ গোলদাতা : নেইসার ভিল্লারিল (নাইজেরিয়া); ৮ গোল।

## ওয়ানডেতে মুশফিকের বিদায়

৫ মার্চ ২০২৫ ফেসবুকে এক পোস্টে ওয়ানডে ক্রিকেটকে বিদায় জানান মুশফিকুর রহিম। ২০০৬ সালে প্রথম ওয়ানডে খেলা মুশফিক ১৯ বছরে খেলেন ২৭৪ ম্যাচ। ৯ সেঞ্চুরি ও ৪৯ ফিফটিতে ৩৬.৪২ গড়ে করেন মোট ৭,৭৯৫ রান যা বাংলাদেশের ব্যাটসম্যানদের মধ্যে তামিম ইকবালের পর দ্বিতীয় সর্বোচ্চ। ২০১১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত বাংলাদেশ দলকে ওয়ানডেতে নেতৃত্বও দেন তিনি।

## স্মিথের অবসর

ওয়ানডে ক্রিকেটকে বিদায় বলে দিলেন অস্ট্রেলিয়ার অন্যতম ব্যাটিং স্তম্ভ স্টিভেন স্মিথ। ৫০ ওভারের ক্রিকেটকে বিদায় বললেও টেস্ট ও টি-টোয়েন্টি এখনই ছাড়ছেন না তিনি।

একনজরে > ওয়ানডে ১৭০ • ইনিংস ১৫৪ • রান ৫৮০০ • সর্বোচ্চ ১৬৪ • গড় ৪৩.২৮ • স্ট্রাইক রেট ৮৬.৯০ • অপরাজিত ২০ • সেঞ্চুরি ১২ • হাফ সেঞ্চুরি ৩৫।

## আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি



আয়োজন : নবম ▌আয়োজক : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) ▌সময়কাল : ১৯ ফেব্রুয়ারি-৯ মার্চ ২০২৫ ▌স্বাগতিক : পাকিস্তান ও সংযুক্ত আরব আমিরাত ▌ভেন্যু : ৪টি— করাচি, লাহোর, রাওয়ালপিন্ডি ও দুবাই ▌অংশগ্রহণকারী দল : ৮টি ▌মোট ম্যাচ : ১৫টি ▌চ্যাম্পিয়ন : ভারত (তৃতীয়বারের মতো) ▌রানার্সআপ : নিউজিল্যান্ড। সর্বোচ্চ রান : রাচিন রবিন্দ্র (নিউজিল্যান্ড); ২৬৩ রান ▌সর্বোচ্চ উইকেট : ম্যাট হেনরি (নিউজিল্যান্ড); ১০টি ▌ফাইনাল সেরা : রোহিত শর্মা (ভারত) ▌ম্যান অব দ্যা টুর্নামেন্ট : রাচিন রবিন্দ্র (নিউজিল্যান্ড)।

প্রাইজমানি (ডলার) > চ্যাম্পিয়ন দল : ২২,৪০,০০০ • রানার্সআপ দল : ১১,২০,০০০ • সেমিফাইনালে পরাজিত দল : ৫,৬০,০০০ • পঞ্চম ও ষষ্ঠ দল : ৩,৫০,০০০ • সপ্তম ও অষ্টম দল : ১,২৫,০০০ • অংশগ্রহণ ফি : ১,২৫,০০০ • গ্রুপপর্বে প্রতিটি জয়ে : ৩৪,০০০। চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্য নিয়ে চ্যাম্পিয়নস ট্রফিতে গিয়ে আসরের ছয় নম্বর দল হয় বাংলাদেশ। তাতে প্রায় ৫ কোটি ৭০ লাখ টাকা পান তারা।

- চ্যাম্পিয়ন্স ট্রফির সব ম্যাচ সরাসরি টেলিভিশনে দেখা যায় ১২টি দেশ ও অঞ্চল থেকে। এছাড়া এই প্রথম কোনো আইসিসি ইভেন্ট ডিজিটাল প্ল্যাটফর্মে সম্প্রচারিত হয়।
- অস্ট্রেলিয়ার বিপক্ষে ইংল্যান্ডের বেন ডাকেটের করা ১৬৫ রানের রেকর্ড ভাঙা জাদরানের ইনিংসটি আইসিসির এই প্রতিযোগিতায় ব্যক্তিগত সর্বোচ্চ।

### ইনিংসে সর্বোচ্চ ব্যক্তিগত রান

| খেলোয়াড় (দেশ) | রান | প্রতিপক্ষ | ভেন্যু | সাল |
|---|---|---|---|---|
| জাদরান (আফগানিস্তান) | ১৭৭ | ইংল্যান্ড | লাহোর | ২৬ ফেব্রুয়ারি ২০২৫ |
| ডাকেট (ইংল্যান্ড) | ১৬৫ | অস্ট্রেলিয়া | লাহোর | ২২ ফেব্রুয়ারি ২০২৫ |
| অ্যাস্টল (নিউজিল্যান্ড) | ১৪৫* | যুক্তরাষ্ট্র | ওভাল | ১০ সেপ্টেম্বর ২০০৪ |
| ফ্লাওয়ার (জিম্বাবুয়ে) | ১৪৫ | ভারত | কলম্বো | ১৪ সেপ্টেম্বর ২০০২ |
| গাঙ্গুলী (ভারত) | ১৪১* | দক্ষিণ আফ্রিকা | নাইরোবি | ১৩ অক্টোবর ২০০০ |

■ লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে টসে হেরে আগে ব্যাট করতে নেমে ৮ উইকেটে ৩৫১ রানের রেকর্ড সংগ্রহ দাঁড় করায় ইংল্যান্ড। জশ ইংলিসের দাপুটে সেঞ্চুরিতে ১৫ বল হাতে রেখে উল্টো চ্যাম্পিয়নস ট্রফিতে সর্বোচ্চ দলীয় সংগ্রহের (৩৫৬) রেকর্ড গড়ে অস্ট্রেলিয়া। আইসিসি'র ৫০ ওভারে টুর্নামেন্টে সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ডও এটি।

### সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড

| | দল | প্রতিপক্ষ | সাল |
|---|---|---|---|
| ৩৫৬/৫ | অস্ট্রেলিয়া | ইংল্যান্ড | ২০২৫ |
| ৩২২/৩ | শ্রীলংকা | ভারত | ২০১৭ |
| ৩০৮/২ | ইংল্যান্ড | বাংলাদেশে | ২০১৭ |
| ২৯৭/৩ | শ্রীলংকা | ইংল্যান্ড | ২০১৩ |
| ২৮৩/৪ | দক্ষিণ আফ্রিকা | ইংল্যান্ড | ১৯৯৮ |

## তেলের বাজারের কেন্দ্রীয় ব্যাংক

# OPEC

Organization of the Petroleum Exporting Countries (OPEC) হলো পেট্রোলিয়াম রপ্তানিকারক দেশগুলোর একটি আন্তঃসরকারি সংস্থা। বৈশ্বিক তেলের মূল্য নির্ধারণ, রপ্তানি ও আমদানিতে বেশ গুরুত্ব বহন করে এই OPEC।



## ইতিহাস

বিংশ শতাব্দীর বেশির ভাগ সময় জুড়েই বিশ্ববাজারে তেলের মজুতের ৮৫% নিয়ন্ত্রণ করতো সাতটি বড় পশ্চিমা কোম্পানির একটি চক্র। এদের বলা হতো Seven Sisters বা সাত বোন। তারাই দাম নির্ধারণ করতো এবং তারা দাম কমিয়ে রাখতো। কোম্পানিগুলো হলো— Anglo-Persian Oil Company • Gulf Oil • Shell • Standard Oil of California • Standard Oil of New Jersey • Standard Oil of New York • Texaco। তেল কোম্পানির একচেটিয়া ব্যবসার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে ১০-১৪ সেপ্টেম্বর ১৯৬০ পাঁচটি দেশ (ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব এবং ভেনিজুয়েলা) ইরাকের বাগদাদে একটি বৈঠকে মিলিত হয়। বৈঠকে ১৪ সেপ্টেম্বর ওপেকের জন্ম হয়। ওপেকের সদর দপ্তর স্থাপন করা হয় সুইজারল্যান্ডের জেনেভায়। ১ সেপ্টেম্বর ১৯৬৫ অস্ট্রিয়ার ভিয়েনায় সদর দপ্তর স্থানান্তর করা হয়, যদিও অস্ট্রিয়া ওপেক সদস্যভুক্ত দেশ নয়। ১৯৭৩ সালে ওপেক সিদ্ধান্ত নেয় যে তারা তেল শিল্পের জন্য একটি নতুন নীতি অবলম্বন করবে। তেল উৎপাদনকারী দেশগুলোই তেলের দাম নির্ধারণ করবে, সেভেন সিস্টার্স নামে পরিচিত সাতটি তেল কোম্পানি নয়। ওপেকের চাপের মুখে তেল কোম্পানিগুলোকে অনেক ছাড় দিতে হয়। সে বছরই ওপেকের বৈঠকে ইরাকের তেল মন্ত্রণালয়ের পার্মানেন্ট আন্ডার সেক্রেটারি ডক্টর ফাডহিল চালাবি তেলের দাম ৭০% বাড়ানোর প্রস্তাব করেন। ১৯৭৩ সালের অক্টোবরে ভিয়েনায় ওপেকের তেল মন্ত্রীদের এক বৈঠক ডাকা হয়, সেখানে এই প্রস্তাব নিয়ে আলোচনার সিদ্ধান্ত হয়। কিন্তু তখনই অপ্রত্যাশিতভাবে ৬ অক্টোবর ১৯৭৩ ইসরায়েলের বিরুদ্ধে মিশর এবং সিরিয়া যুদ্ধ শুরু করে। যা সব কিছুর মোড় ঘুরিয়ে দেয়। ইয়োম কিপ্পুর (আরব-ইসরায়েল যুদ্ধ নামে বেশি পরিচিত) নামের যুদ্ধের মধ্যেই ওপেকের আরব দেশগুলো ১৬-১৭ অক্টোবর ১৯৭৩ কুয়েতে মিলিত হয়। সেখানে তারা এক যুগান্তকারী পদক্ষেপ নেন। এই প্রথম তেল উৎপাদনকারী দেশগুলো তেল কোম্পানিগুলোকে বাদ দিয়ে একতরফাভাবে তেলের দাম নির্ধারণের সিদ্ধান্ত ঘোষণা করে। শুধু তাই নয়, তারা তেলের দাম ৭০% বাড়ানোরও ঘোষণা দেয়। ফলে প্রথমবারের মতো তেল কোম্পানিগুলোর কাছ থেকে ক্ষমতা চলে যায় ওপেকভুক্ত তেল উৎপাদনকারী দেশগুলোর হাতে। এছাড়া ইসরায়েলকে সমর্থনকারী দেশগুলোতে তেল সরবরাহের উপর নিষেধাজ্ঞা ঘোষণা করে। তেল সংকটের ফলে ১৭ অক্টোবর ১৯৭৩-১৮ মার্চ ১৯৭৪ পর্যন্ত পাঁচ মাস ধরে প্রতি ব্যারেল তেলের দাম চারগুণ বৃদ্ধি পায় এবং পশ্চিমা অর্থনীতির উপর মারাত্মক প্রভাব পড়ে। ১৮ মার্চ ১৯৭৪ ভিয়েনায় ওপেক সম্মেলনের পর তেল উৎপাদনকারী দেশগুলো তেল সরবরাহের ওপর নিষেধাজ্ঞা তুলে নেওয়ার সিদ্ধান্ত নেয়।

### সদস্য কথন

- বর্তমান সদস্য দেশ : ১২টি— নিরক্ষীয় গিনি, আলজেরিয়া, ইরান, ইরাক, কুয়েত, লিবিয়া, গ্যাবন, নাইজেরিয়া, সৌদি আরব, কঙ্গো প্রজাতন্ত্র, সংযুক্ত আরব আমিরাত এবং ভেনিজুয়েলা।
- আরব দেশ : ৬টি— আলজেরিয়া, ইরাক, কুয়েত, লিবিয়া, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত।
- অ-আরব দেশ : ৬টি— নাইজেরিয়া, ভেনিজুয়েলা, ইরান, গ্যাবন, নিরক্ষীয় গিনি ও কঙ্গো প্রজাতন্ত্র।
- অ-আরব এশীয় দেশ : ১টি— ইরান।
- মধ্যপ্রাচ্যের দেশ : ৫টি— ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত।
- দক্ষিণ আমেরিকার দেশ ১টি— ভেনিজুয়েলা।
- সদস্যপদ প্রত্যাহার করা একমাত্র আরব ও মধ্যপ্রাচ্যের দেশ কাতার।
- একইসাথে OPEC এবং কমনওয়েলথ-এর অন্তর্ভুক্ত নাইজেরিয়া ও গ্যাবন।

### সদস্যপদ প্রত্যাহার ও পুনরায় যোগদান

| দেশ | সদস্যপদ লাভ | প্রত্যাহার | পুনরায় যোগদান | পুনরায় প্রত্যাহার |
|---|---|---|---|---|
| ইন্দোনেশিয়া | ৪ জুন ১৯৬২ | ১ জানুয়ারি ২০০৯ | ১ জানুয়ারি ২০১৬ | ৩০ নভেম্বর ২০১৬ |
| ইকুয়েডর | ১৯ নভেম্বর ১৯৭৩ | ৩১ ডিসেম্বর ১৯৯২ | ২৩ অক্টোবর ২০০৭ | ১ জানুয়ারি ২০২০ |
| গ্যাবন | ৯ জুন ১৯৭৫ | জানুয়ারি ১৯৯৫ | ১ জুলাই ২০১৬ | — |
| কাতার | ১৫ জানুয়ারি ১৯৬১ | ১ জানুয়ারি ২০১৯ | — | — |
| অ্যাঙ্গোলা | ১ জানুয়ারি ২০০৭ | ১ জানুয়ারি ২০২৪ | — | — |





### ওপেক তহবিল

OPEC Fund for International Development বা OPEC Fund বিশ্বব্যাপী স্বীকৃত একমাত্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা, যেটি তার সদস্য নয় এমন দেশগুলোতে আর্থিক সহায়তা প্রদান করে থাকে। ১৯৭৫ সালের মার্চ মাসে আলজেরিয়ার আলজিয়ার্সে অনুষ্ঠিত OPEC সদস্য দেশগুলোর রাষ্ট্রপ্রধানদের সম্মেলনে ওপেক তহবিলের ধারণা সৃষ্টি হয়। ২৮ জানুয়ারি ১৯৭৬ ওপেক তহবিল প্রতিষ্ঠার পর থেকে বিশ্বের নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোর অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক অগ্রগতিতে ভূমিকা রাখতে উন্নয়নশীল দেশের অংশীদার এবং আন্তর্জাতিক উন্নয়ন সম্প্রদায়ের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। ওপেক তহবিল ৮টি বিষয়কে কেন্দ্র করে কার্যক্রম পরিচালনা করে। এগুলো— কৃষি, শিক্ষা, জ্বালানি, আর্থিক, স্বাস্থ্য, বহুক্ষেত্রীয়, পরিবহন, পানি ও স্যানিটেশন।

### ওপেক প্লাস

২৮ সেপ্টেম্বর ২০১৬ আলজেরিয়ার আলজিয়ার্সে স্বাক্ষরিত 'আলজিয়ার্স চুক্তি' এবং একই বছরের ৩০ নভেম্বর অস্ট্রিয়ার ভিয়েনায় ওপেক সম্মেলনের ১৭১তম সভায় গৃহীত 'ভিয়েনা চুক্তি'র ওপর ভিত্তি করে সহযোগিতার ঘোষণা (Declaration of Cooperation-DoC) গৃহীত হয়। ১০ ডিসেম্বর ২০১৬ ওপেকের সদস্য দেশ ও ওপেক বহির্ভূত ১১ দেশের মন্ত্রী পর্যায়ের যৌথ সভায় সহযোগিতার ঘোষণা গৃহীত হয়। DoC'র সাফল্যের উপর ভিত্তি করে অংশগ্রহণকারী দেশগুলো একটি স্থায়ী প্লাটফর্ম প্রতিষ্ঠার প্রচেষ্টা শুরু করে। ২ জুলাই ২০১৯ অনুষ্ঠিত ওপেক ও ওপেক বহির্ভূত দেশগুলোর মন্ত্রী পর্যায়ের ষষ্ঠ বৈঠকে Charter of Cooperation অনুমোদন করে। এই সনদের মাধ্যমে ২০১৯ সালে ওপেক ও ওপেক বহির্ভূত অন্যান্য তেল রপ্তানিকারক দেশকে নিয়ে করা হয় ওপেক প্লাস। যার লক্ষ্য হচ্ছে উৎপাদক, ভোক্তা, বিনিয়োগকারী এবং বিশ্ব অর্থনীতির সুবিধার জন্য একটি নিরাপদ জ্বালানি সরবরাহ এবং স্থায়ী স্থিতিশীলতায় অবদান রাখা। বর্তমানে ওপেক প্লাসের (OPEC+) সদস্য হলো ২৩টি দেশগুলো হলো— ওপেকের ১২টি দেশ এবং আজারবাইজান, বাহরাইন, ব্রুনাই, ব্রাজিল, কাজাখস্তান, মালয়েশিয়া, মেক্সিকো, ওমান, রাশিয়া, দক্ষিণ সুদান ও সুদান।

### Fact File : OPEC

পূর্ণরূপ : Organization of the Petroleum Exporting Countries • প্রতিষ্ঠা : ১৪ সেপ্টেম্বর ১৯৬০ • সদর দপ্তর : ভিয়েনা, অস্ট্রিয়া • সদস্য-দেশ : ১২টি • সর্বশেষ সদস্য : কঙ্গো প্রজাতন্ত্র (২২ জুন ২০১৮) • প্রতিষ্ঠাতা সদস্য দেশ : ৫টি— ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব ও ভেনিজুয়েলা • OPEC প্রধান : মহাসচিব • মহাসচিবের মেয়াদকাল : ৩ বছর • প্রথম মহাসচিব : ফুয়াদ রুহানি (ইরান); ২১ জানুয়ারি ১৯৬১-৩০ এপ্রিল ১৯৬৪ • বর্তমান মহাসচিব : হাইথাম আল-গাইস (কুয়েত); ১ আগস্ট ২০২২-বর্তমান • ওপেক পৃথিবীর মোট তেল উৎপাদনের ৪০% নিয়ন্ত্রণ করে থাকে • সদস্য দেশগুলো নিয়মিত ও জরুরি বৈঠক করে সারা বিশ্বে তেলের দাম ও উৎপাদন স্তরের নীতিগুলো সমন্বয় করে • ওপেকের প্রতিনিধিত্ব সাধারণত প্রতিটি সদস্য দেশের তেলমন্ত্রীদের নেতৃত্বে থাকে।

### পরীক্ষার প্রশ্নে OPEC

১. তেল রপ্তানিকারী দেশগুলোর সংগঠন কোনটি? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ২০১৯]
ⓚ APEC ⓛ OPEC
ⓖ BAPEX ⓘ GCC

২. ওপেক গঠিত হয় [মাভাবিপ্রবি 'ডি' ইউনিট ২০১৭-১৮]
ⓚ ১৯৫৮ ⓛ ১৯৫৯ ⓖ ১৯৬০ ⓘ ১৯৬১

৩. কোন দেশ প্রথম ওপেক সংঘ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছিল? [২৩তম বিসিএস]
ⓚ কুয়েত ⓛ নাইজেরিয়া
ⓖ সৌদি আরব ⓘ ভেনিজুয়েলা

৪. সর্বপ্রথম কোথায় ওপেক এর সদর দপ্তর স্থাপিত হয়? [৩৯তম বিসিএস]
ⓚ জেনেভা ⓛ ভিয়েনা ⓖ জেদ্দা ⓘ বাগদাদ

৫. OPEC ভুক্ত দেশ কয়টি? [২১তম বিসিএস]
ⓚ ১০টি ⓛ ১১টি ⓖ ৮টি ⓘ ১২টি

৬. ওপেকভুক্ত অ-আরব মুসলিম দেশ কোনটি? [নির্বাচন কমিশন সচিবালয়ের সহকারী সচিব ২০০৪]
ⓚ মালয়েশিয়া ⓛ ইন্দোনেশিয়া
ⓖ ব্রুনাই ⓘ ইরান

৭. ওপেকভুক্ত একমাত্র অ-আরব এশীয় দেশ [১৭তম বিসিএস]
ⓚ ইন্দোনেশিয়া ⓛ মালয়েশিয়া
ⓖ থাইল্যান্ড ⓘ ফিলিপাইন
[Note : বর্তমানে OPEC ভুক্ত অ-আরব এশীয় দেশ ইরান।]

৮. OPEC থেকে কোন দেশটি বের হয়ে গেছে? [CGDF'র জুনিয়র অডিটর ২০১৯]
ⓚ ইরাক ⓛ লিবিয়া ⓖ কুয়েত
ⓘ কাতার ⓤ কোনোটিই নয়

৯. একমাত্র কোন দেশ একইসাথে ওপেক এবং কমনওয়েলথের অন্তর্ভুক্ত? [ঢাবি 'ঘ' ইউনিট ২০১৬-১৭]
ⓚ নরওয়ে ⓛ নাইজেরিয়া
ⓖ ওমান ⓘ সৌদি আরব
[Note : বর্তমানে একইসাথে ওপেক এবং কমনওয়েলথের অন্তর্ভুক্ত দেশ নাইজেরিয়া ও গ্যাবন]

১০ OPEC'র সচিবালয় কোথায় অবস্থিত? [১৫তম শিক্ষক নিবন্ধন ২০১৯]
ⓚ ভিয়েনা ⓛ লিবিয়া ⓖ কাতার ⓘ কুয়েত

উত্তর
১.
২.
৩.
৪.
৫.
৬.
৭. Not
৮.
৯. Not
১০.

# বাংলা শিখন

## একই শব্দের ভিন্ন অর্থ

◆ উত্তর

দিক বিশেষ = হিমালয় বাংলাদেশের উত্তরে অবস্থিত।
জবাব = চুপ করে আছ কেন, উত্তর দাও।
ভবিষ্যৎ = দোয়া করি উত্তরকালে তুমি একজন দেশবরেণ্য নেতা হও।
পরে = শব্দের উত্তরে প্রত্যয় ব্যবহৃত হয়।

◆ অঙ্ক

ক্রোড় = শিশুর কাছে মাতৃঅঙ্কই সবচেয়ে নিরাপদ।
গণিত = সে অঙ্কে ভালো নম্বর পেয়েছে।
নাটকের অধ্যায় = নাটকটি তিন অঙ্কে বিভক্ত।
হিসাব = যেভাবে ঋণের অঙ্ক বাড়াচ্ছো, শোধ করবে কেমনে?
রেখা = সে কাগজে বিচিত্র অঙ্কপাত করল।

◆ কাঁচা

অপক্ব = কাঁচা আমের স্বাদই আলাদা।
অদক্ষ = তোমার এ কাঁচা হাতের লেখা অনেকেই বোঝবে না।
অসিদ্ধ = মাংস ভালোভাবে সিদ্ধ হয়নি, কাঁচাই রয়েছে।
মাটির তৈরি = বন্যায় বহু কাঁচা ঘর-বাড়ি ভেসে গেছে।
অপরিমিত = এ কাঁচা বয়সে মেয়েটাকে বিয়ে দেওয়া ঠিক হয়নি।

◆ কথা

প্রতিশ্রুতি = কথা দিচ্ছি, তোমার কাজটি আমি করে দেব।
অনুরোধ = আশা করি আমার কথা রাখবেন।
প্রসঙ্গ = এ প্রজন্মকে মুক্তিযুদ্ধের কথা জানতে হবে।
বাক্যালাপ = তার সাথে কথা বলে বড় আনন্দ পেয়েছি।
গল্প = অনেক দিন আগের কথা, এক দেশে এক রাজা ছিল।

## 'বড় কে?' কবিতার কবি কে?

প্রাথমিকের পাঠ্যবইয়ে বহুল পঠিত কবিতার একটি 'বড় কে?' শিশুদের আদর্শের পাঠ দেওয়ার ক্ষেত্রেও অভিভাবকদের পছন্দের তালিকায় শীর্ষে রয়েছে এ কবিতা। প্রজন্মের পর প্রজন্ম ধরে কবিতাটি পড়ানো হচ্ছে শিক্ষার্থীদের। ২০১৫ সালের পূর্ব পর্যন্ত পাঠ্যবইয়ে এ কবিতার কবি হিসেবে লেখা ছিল ঈশ্বরচন্দ্র গুপ্তের নাম। তবে ২০১৫ সালের পাঠ্যবইয়ে কবির নামের জায়গায় লেখা হয়েছে হরিশচন্দ্র মিত্রের নাম। মো. আব্দুল হাই সম্পাদিত 'গীতি কবিতা সংগ্রহগ্রন্থ' অনুযায়ী 'বড় কে?' কবিতাটির কবি হরিশচন্দ্র মিত্র। আর এটাই সঠিক তথ্য। কবিতাটি ছাপা হয়েছে ২০২২ সালের তৃতীয় শ্রেণির বাংলা পাঠ্যবইয়ের ৯০ নং পৃষ্ঠায়। নামের বানান লেখা হয়েছে 'হরিশ্চন্দ্র মিত্র', যা ভুল। কবির নামের প্রকৃত বানান হবে হরিশচন্দ্র মিত্র।

২০২২ সালের তৃতীয় শ্রেণির পাঠ্য বইয়ের কবিতাটি হলো–

বড় কে?
হরিশচন্দ্র মিত্র

আপনারে বড় বলে
বড় সে নয়,
লোকে যারে বড় বলে
বড় সে হয়।
বড় হওয়া সংসারেতে
কঠিন ব্যাপার,
সংসারে সে বড় হয়,
বড় গুণ যার।
গুণেতে হইলে বড়,
বড় বলে সবে,
বড় যদি হতে চাও,
ছোট হও তবে।

## বানানগত পার্থক্য

অবলা = বলহীন, নারী
অবোলা = নিরীহ, কথা বলতে পারে না

পরামর্শ = যুক্তি, আলোচনা, উপদেশ
পরামর্ষ = সহন, সহ্য করা, ক্ষমা

গুণ = দক্ষতা, স্বভাব, প্রকৃতি
গুন = চট, মোটা সুতলি

স্বজন = আত্মীয়, আপনজন, বন্ধুবান্ধব
সজন = জনসমাজ, জনগণের সহিত

সংগঠিত = নির্মিত, গঠন করা হয় এমন
সংঘটিত = অনুষ্ঠিত, ঘটেছে এমন

লক্ষ = খেয়াল, লাখ, অসংখ্য
লক্ষ্য = উদ্দেশ্য, বিষয়।

## এককথায় প্রকাশের ব্যতিক্রম

✓একই বিষয়ে যার চিত্ত নিবিষ্ট— একাগ্রচিত্ত।
✓একই সময়ে— যুগপৎ।
✓একই সময়ে বর্তমান— সমসাময়িক।
✓একই মাতার উদরে জন্ম যাদের— সহোদর।
✓অক্ষির অগোচরে— পরোক্ষ।
✓অক্ষির সম্মুখে— প্রত্যক্ষ।
✓অতি দীর্ঘ নয়— নাতিদীর্ঘ।
✓অতি শীতলও নয় অতি উষ্ণও নয়— নাতিশীতোষ্ণ
✓অহংকার করে যে— অহংকারী।
✓অহংকার নেই এমন— নিরহংকার।
✓উপকার করেন যিনি— উপকারক।
✓উপকারীর উপকার স্বীকার করে যে— কৃতজ্ঞ
✓জানা আছে যা— জ্ঞাত।
✓জানা নেই যা— অজ্ঞাত।

## বিভিন্ন রাজ সভার কবি

| রাজা | কবি |
|---|---|
| বিক্রমাদিত্য | কালিদাস |
| হর্ষবর্ধন | বাণভট্ট |
| লক্ষ্মণ সেন | হলায়ুধ, জয়দেব |
| সুলতান মাহমুদ | ফিরদৌসী |
| ফিরোজ শাহ তুঘলক | জিয়াউদ্দিন বারানী |
| সম্রাট আকবর | আবুল ফজল |
| শিবাজী | ভগত পরমানন্দ |
| অমোঘবর্ষ | মহাবীরাচার্য |
| কৃষ্ণচন্দ্র রায় | ভারতচন্দ্র রায়গুণাকর |
| শাহজাহান | জগন্নাথ পণ্ডিত |
| দ্বিতীয় বাহাদুর শাহ | মির্জা গালিব |
| সাদ উমাদার | আলাওল |

লিথুয়ানিয়ার এক কক্ষবিশিষ্ট আইনসভা রয়েছে



# English Erudition

## লেজ দেখে যায় চেনা

un-এর গঠন দেখে Singular কিংবা Plural চেনা। যেমন Man-এর Plural হলো Men এবং Cow-Plural হলো Cows। Subject verb agreement-কি ধরনের Verb হবে তা Noun-এর গঠনের ওপর র করে। কিন্তু ব্যতিক্রম ক্ষেত্রে Verb দেখে Noun, gular নাকি Plural তা নির্ধারণ করতে হয় যা কটা লেজ থেকে শরীর চেনার মতো বিষয়। নিচে ন কিছু উদাহরণ দেওয়া হলো।

রণত, Noun-এর শেষে s বা es প্রত্যয় দেখে Singular বা Plural চেনা যায়। যেমন—



The bird is singing.
The birds are singing.

রের বাক্যগুলোতে, Noun-এর Number, s এর পস্থিতি বা উপস্থিতির মাধ্যমে চিহ্নিত হয়েছে। নে, একবচন এর জন্য is এবং বহুবচন এর জন্য ব্যবহৃত হয়েছে।

যেসকল Noun-এর Singular এবং Plural form ই (যেমন— sheep, deer, fish, moose, bison, lmon, offspring, species ইত্যাদি) সেকল ক্ষেত্রে rb দ্বারা চিনতে হয় Subject, ngular নাকি Plural। যেমন—



The sheep is running.
The sheep are running.

ই ক্ষেত্রে, Subject, Singular নাকি Plural তা rb, is এবং are-এর মাধ্যমে প্রকাশিত হয়েছে। তবে,

The sheep can run.

ই বাক্যে, Noun ও Verb কোনোটির মাধ্যমে আমরা ngular কিংবা Plural নির্ধারণ করতে পারছি না। ক্ষেত্রে Singular কিংবা Plural এককভাবে শুধু ntence টি দ্বারা প্রতিফলিত হয়না বরং Sentence টি বর্ণনায় পাওয়া যায় (যেমন কবিতা বা গল্প) তার ধ্যমে বুঝে নিতে হয়।

## শেক্সপিয়ারের কিছু বিখ্যাত বাক্যাংশ

শেক্সপিয়ার এমন অনেক জনপ্রিয় বাক্যাংশ তৈরি করেছেন, যা আধুনিক ইংরেজিতে প্রচলিত রয়েছে। যেমন—



◆ Wild-goose chase – অসফল অনুসন্ধান
◆ All that glitters is not gold – চকচকে সবকিছু সোনা নয় (দেখতে ভালো হলেই ভালো নয়)
◆ Love is blind – ভালোবাসা অন্ধ
◆ Fair play – ন্যায্যতা বা সুষ্ঠু খেলা
◆ Fight fire with fire – প্রতিপক্ষের সঙ্গে একই কৌশলে মোকাবিলা করা
◆ Heart of gold – মহৎ হৃদয়
◆ Good riddance – খারাপ কিছু থেকে মুক্তি পাওয়ার স্বস্তি
◆ The world is my oyster – জীবন সম্ভাবনাময়
◆ Too much of a good thing – অতিরিক্ত ভালো কিছু যা শেষ পর্যন্ত ক্ষতিকর
◆ Method in the madness – অগোছালো কিছুতে লুকানো যুক্তি থাকা
◆ Devil incarnate – খলনায়কের মতো ব্যক্তি

## Dissection of idioms & phrase

প্রবাদ প্রবচনের উৎপত্তি হয় বিভিন্ন প্রেক্ষাপটে। প্রেক্ষাপটসহ এমন দু'টি প্রবাদ প্রবচনের উদাহরণ দেওয়া হলো—

### Bite the bullet

অর্থ : কঠিন বা অপ্রিয় কিছু মেনে নেওয়া

উৎপত্তি : প্রাচীনকালে, যখন অস্ত্রোপচারের সময় অ্যানেস্থেশিয়ার অভাব ছিল বা সময়ের সংকট ছিল, তখন রোগীদের ব্যথা থেকে মনোযোগ সরানোর জন্য গুলি কামড়াতে বলা হত। এই বাক্যটি প্রথম ১৮৯১ সালে The Light that Failed গ্রন্থে ব্যবহৃত হয়।

### Break the ice

অর্থ : সংঘাত নিরসন করা বা বন্ধুত্ব শুরু করা

উৎপত্তি : শীতকালে জাহাজ যখন বরফে আটকে যেত, তখন বন্ধুদেশ ছোট ছোট জাহাজ পাঠিয়ে বরফ ভেঙে পথ তৈরি করত, যা বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতীক হয়ে ওঠে।

## Vocabulary শেখার সহজ উপায়

যেসকল শব্দের উৎপত্তি একই শব্দ থেকে সেগুলো একসাথে পড়লে আমরা সহজে অল্পসময়ে অনেক বেশি Vocabulary মুখস্ত করতে পারি। নিচে '-cide' প্রত্যয়যুক্ত কিছু শব্দের তালিকা দেওয়া হলো, যার অর্থ সাধারণত 'হত্যা করা' বা 'ধ্বংস করা' সম্পর্কিত।

- Suicide– আত্মহত্যা
- Homicide– হত্যা
- Pesticide – কীটনাশক
- Genocide– গণহত্যা
- Infanticide– শিশুহত্যা
- Regicide– রাজহত্যা
- Tyrannicide– স্বৈরশাসক হত্যা
- Matricide– মাতৃহত্যা
- Patricide– পিতৃহত্যা
- Fratricide– ভ্রাতৃহত্যা (ভাই হত্যা)
- Sororicide– সহোদরী বোন হত্যা
- Filicide– পুত্র বা কন্যা হত্যা
- Uxoricide– স্ত্রী হত্যা
- Mariticide– স্বামী হত্যা
- Ecocide– পরিবেশ ধ্বংস
- Insecticide– কীটনাশক
- Herbicide– আগাছানাশক
- Fungicide– ছত্রাকনাশক

লিথুয়ানিয়ার আইনসভার নাম পার্লামেন্ট বা সিয়ামাস



# ম্যাথ মেডিসিন



## মৌলিক সংখ্যা

১ এর চেয়ে বড় যে সকল সংখ্যা ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য সংখ্যা দ্বারা বিভাজ্য নয় তাকে মৌলিক সংখ্যা বলে। অন্যভাবে, যে সকল সংখ্যার স্বাভাবিক গুণনীয়ক ২টি তাকে মৌলিক সংখ্যা বলে। যেমন- ২, ৩, ৫, ৭ ইত্যাদি।

### সহমৌলিক

দুইটি সংখ্যার মধ্যে যদি ১ ব্যতীত আর কোনো সাধারণ গুণনীয়ক না থাকে তাহলে তাদেরকে পরস্পরের সহমৌলিক বলা হয়। যেমন- ৫ ও ৭ এদের মধ্যে ১ ছাড়া আর কোনো সাধারণ উৎপাদক নেই তাই ৫ ও ৭ একে অপরের সহমৌলিক সংখ্যা।

### মার্সেন মৌলিক

২-এর মৌলিক ঘাত বা প্রাইম পাওয়ার, এমন কোনো সংখ্যা থেকে ১ বিয়োগ করলে যে সংখ্যা পাওয়া যায়, তাই মার্সেন মৌলিক সংখ্যা। এটাকে গাণিতিকভাবে লেখা হয়, $২^{(\text{মৌলিক})} – ১$। যেমন- ৩১ একটি মৌলিক সংখ্যা। একে $২^{(\text{মৌলিক})} – ১$ আকারে প্রকাশ করা যায়। অর্থাৎ ৩১ হলো $২^৫ – ১ = ৩২ – ১ = ৩১$। এখানে, ২-এর পাওয়ার বা ঘাত ৫ একটি মৌলিক সংখ্যা। উল্লেখ্য, সকল মার্সেন মৌলিক সংখ্যা আসলে মৌলিক নয়।

### যমজ মৌলিক

যে ধরনের মৌলিক সংখ্যাগুলোর মধ্যে ব্যবধান ২ থাকে তাকে যমজ মৌলিক সংখ্যা বলে। যেমন- (১১, ১৩), (১৭, ১৯) ইত্যাদি।

## মৌলিক সংখ্যা (১-১০০)

১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা রয়েছে ২৫টি। যেখানে ১-৫০ পর্যন্ত ১৫ টি এবং ৫০-১০০ পর্যন্ত ১০টি মোট ২৫টি। কোন দশকে কয়টি মৌলিক সংখ্যা আছে তা আমরা একটি মোবাইল নম্বর দিয়ে মনে রাখতে পারি। ৪৪২২ ৩২২ ৩২১।

| সীমা | মৌলিক সংখ্যা | মোট |
|---|---|---|
| ১ - ১০ | ২, ৩, ৫, ৭ | ৪ |
| ১১ - ২০ | ১১, ১৩, ১৭, ১৯ | ৪ |
| ২১ - ৩০ | ২৩, ২৯ | ২ |
| ৩১ - ৪০ | ৩১, ৩৭ | ২ |
| ৪১ - ৫০ | ৪১, ৪৩, ৪৭ | ৩ |
| ৫১ - ৬০ | ৫৩, ৫৯ | ২ |
| ৬১ - ৭০ | ৬১, ৬৭ | ২ |
| ৭১ - ৮০ | ৭১, ৭৩, ৭৯ | ৩ |
| ৮১ - ৯০ | ৮৩, ৮৯ | ২ |
| ৯১ - ১০০ | ৯৭ | ১ |
| সর্বমোট | | ২৫টি |

## মনে রাখার টেকনিক

৬ এর ঘরের নামতা দ্বারা মৌলিক সংখ্যা বের কর
২, ৩ এবং

| মৌলিক সংখ্যা | নামতা | মৌলিক সংখ্যা | মৌলিক সংখ্যা | নামতা |
|---|---|---|---|---|
| ৫ | ← ৬ → | ৭ | ৫৩ | ← ৫৪ → |
| ১১ | ← ১২ → | ১৩ | ৫৯ | ← ৬০ → |
| ১৭ | ← ১৮ → | ১৯ | ৬৫* | ← ৬৬ → |
| ২৩ | ← ২৪ → | ২৫* | ৭১ | ← ৭২ → |
| ২৯ | ← ৩০ → | ৩১ | ৭৭* | ← ৭৮ → |
| ৩৫* | ← ৩৬ → | ৩৭ | ৮৩ | ← ৮৪ → |
| ৪১ | ← ৪২ → | ৪৩ | ৮৯ | ← ৯০ → |
| ৪৭ | ← ৪৮ → | ৪৯* | ৯৫* | ← ৯৬ → |

* চিহ্নগুলো মৌলিক সংখ্যা নয়।

## গুরুত্বপূর্ণ প্রশ্নাবলি

■ ৩০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌ
সংখ্যার ব্যবধান কত?

→ ৭৯ - ৩১ = ৪৮ ৩০ → ৩১ → ক্ষুদ্রতম
৭৭* ← ৭৮ → ৭৯ → বৃ
৮০।

■ ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌ
সংখ্যার অন্তর কত হবে?

→ ৭৯ - ৬১ = ১৮ ৫৯ ← ৬০ → ৬১
৭৭* ← ৭৮ → ৭৯

## জানা আছে কী?

- ♦ ১ মৌলিক সংখ্যা নয়।
- ♦ একমাত্র জোড় মৌলিক সংখ্যা ২।
- ♦ ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর যোগফল ১০
- ♦ বর্তমানে সবচেয়ে বড় মৌলিক সংখ্যা আবিষ্কার
নাম লুক ডুরান্ট।
- ♦ সবচেয়ে বড় মৌলিক সংখ্যাটির নাম M-১৩৬২৭৯৮
- ♦ বড় মৌলিক সংখ্যাটি সম্পূর্ণ পড়তে প্রতি সেকেন্ডে
সংখ্যা পড়লেও প্রায় ২৩৭ দিন সময় লাগবে।
- ♦ বড় মৌলিক সংখ্যাটি ৫২তম মার্সেন মৌলিক সং



## মগজ ধোলাই

প্রদত্ত চিত্রে কয়টি ত্রিভুজ আছে?



**উত্তর :** ৯টি। চিত্রে বড় একটি ত্রিভুজ আছে সেটার জ
এবং ভিতরে ত্রিভুজ রয়েছে ২টি। তাই ২টির জন্য ত্রি
হবে (৪ + ৪) = ৮টি। তাহলে মোট ত্রিভুজ সংখ্যা ৯টি



- রোগমুক্ত বাংলাদেশ
- বিজ্ঞানীদের মজার গল্প
- শব্দ কাহন ▮ স্বাস্থ্যকথা

# রকমারি বিজ্ঞান

## রোগমুক্ত বাংলাদেশ

■ **পোলিও :** পোলিও (Polio) রোগ সৃষ্টি হয় Polio virus দ্বারা। ১৮৪০ সালে জার্মান অর্থোপেডিক সার্জন জ্যাকব হেইন সর্বপ্রথম পোলিও রোগ আবিষ্কার করেন। পোলিওভাইরাস জীবাণুর উপস্থিতি চিহ্নিত করেন কার্ল ল্যান্ডস্টেইনার। আর পোলিও টিকার আবিষ্কার করেন জোনাস ই স্যাক। ২২ নভেম্বর ২০০৬ বাংলাদেশে সর্বশেষ পোলিও রোগী শণাক্ত হয়। ২৭ মার্চ ২০১৪ আনুষ্ঠানিকভাবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) বাংলাদেশকে পোলিওমুক্ত ঘোষণা করে।

■ **গুটিবসন্ত :** গুটিবসন্তের (smallpox) জন্য দায়ী হলো ভ্যারিওলা ভাইরাস। ১৭৯৬ সালে এডওয়ার্ড জেনার গুটিবসন্তের প্রথম সফল টিকা তৈরি করেন। এটি ছিল মানব ইতিহাসে প্রথম টিকা আবিষ্কার। ১৬ অক্টোবর ১৯৭৫ বাংলাদেশে শণাক্ত হওয়া গুটিবসন্তের সর্বশেষ রোগী ছিল ভোলার তিন বছরের শিশু রহিমা বানু। ১৯৭৭ সালে বাংলাদেশকে গুটিবসন্তমুক্ত ঘোষণা করা হয়। ১৯৮০ সালে বিশ্ব স্বাস্থ্য (WHO) ঘোষণা করে পৃথিবী থেকে গুটি বসন্ত নির্মূল হয়েছে। বিশ্বে সেই প্রথম কোনো রোগ এভাবে নির্মূল করা হয়।

■ **গোদ রোগ বা ফাইলেরিয়া :** গোদ রোগ বা ফাইলেরিয়া (Filariasis) একধরনের পরজীবীর সংক্রমণের কারণে হয়ে থাকে। কিউলেক্স, অ্যানোফিলিস বা এডিস মশার কামড়ের মাধ্যমে এই জীবাণু মানুষের শরীরে প্রবেশ করে। বাংলাদেশে গোদ রোগ বা ফাইলেরিয়া নির্মূলে ২০০১ সালে জাতীয় কর্মসূচি চালু হয়। ১৩ মে ২০২৩ বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশে লিম্ফ্যাটিক ফাইলেরিয়াসিস (গোদ রোগ) নির্মূল ঘোষণা করে। উল্লেখ্য, বিশ্বের একমাত্র ফাইলেরিয়া অ্যান্ড জেনারেল হাসপাতাল নীলফামারীর সৈয়দপুরে অবস্থিত।

■ **কালা জ্বর :** কালা জ্বর (Kala-azar) একটি পরজীবী ঘটিত দীর্ঘস্থায়ী ও প্রাণঘাতী রোগ। কালাজ্বরের জীবাণুবাহী স্ত্রী বেলে মাছির দংশনে এর সংক্রমণ ঘটে। বিশ্বের প্রথম দেশ হিসেবে কালাজ্বর নির্মূলে বাংলাদেশকে স্বীকৃতি দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)। ৩১ অক্টোবর ২০২৩ এ স্বীকৃতির সনদ দেওয়া হয়।



## বালুর গর্তে জগদীশচন্দ্র বসু

রবীন্দ্রনাথ ঠাকুর তখন কুষ্টিয়ার শিলাইদহে থাকেন। কবিকে দেখতে বিজ্ঞানী জগদীশচন্দ্র বসু মাঝে মধ্যেই কলকাতা থেকে পাড়ি দিতেন শিলাইদহে এবং অনেক দিন থাকতেন। রবীন্দ্রনাথ ঠাকুর পারিবারিক বোটে চেপে সপরিবারে বেরিয়ে পড়তেন পদ্মার কোনো চরে। নির্জন চরে কিছুদিন সন্তানদের নিয়ে বাস করতেন বেদে-বেদেনীদের মতো। সঙ্গে থাকতেন জগদীশচন্দ্র বসুও। শীতকালে পদ্মার পানি কমে যায়। দুপাশে বালুচর। নরম বালুতে কবরের মতো গর্ত খুঁড়তেন জগদীশচন্দ্র বসু। অনেকগুলো গর্ত। সেই গর্তের একটাতে তিনি শুয়ে পড়তেন।

## যেভাবে 'অক্সিজেন' শব্দ

১৮ শতকের দিকে সুইডিশ রসায়নবিদ কার্ল উইলহেম শিলি মারকিউরিক অক্সাইড আর বেশ কয়েকটি নাইট্রেড উত্তপ্ত করে একটি স্বাদ ও বর্ণহীন গ্যাস আলাদা করতে পারেন। ইতিমধ্যে ব্রিটিশ রসায়নবিদ জোসেফ প্রিস্টলে মারকিউরিক অক্সাইড উত্তপ্ত করে একই গ্যাস আলাদা করতে সক্ষম হন। ১৭৭৪ সালে এই আবিষ্কার প্রকাশ করেন প্রিস্টলে। ফরাসি রসায়নবিদ অ্যান্টোনি ল্যাভয়সিয়েকে এ সম্পর্কে জানান তিনি। ল্যাভয়সিয়ের ধারণা ছিল নতুন আবিষ্কৃত এই গ্যাসটিই সব অ্যাসিডে থাকে। তাই তিনি গ্যাসটির নামকরণ করেন অক্সিজেন বা অ্যাসিড প্রস্তুতকারক। গ্রিক শব্দ অক্সি (oxys) যার অর্থ অ্যাসিড এবং জেন (genes) অর্থ উৎপাদনকারী। অবশ্য পরে প্রমাণিত হয় সব অ্যাসিডে অক্সিজেন থাকে না। তবে ল্যাভয়সিয়ের এই ভুল ধারণাটি একসময় বাংলা ভাষাতেও চলে আসে। তাই অক্সিজেনের বাংলা অনুবাদ করা হয় অম্লজান। অর্থাৎ, অ্যাসিডের মূল উপাদান।

## কতদিন ?
### টুথব্রাশের ব্যবহার



প্রতি ৩ মাস থেকে ৪ মাস অন্তর দাঁত মাজার ব্রাশ অবশ্যই পরিবর্তন করা উচিত। কারণ টুথব্রাশের নরম ব্রিসেল বাঁকা হয়ে নষ্ট হয়ে গেলে বা ছিঁড়ে গেলে সঠিকভাবে দাঁত পরিষ্কার করতে পারে না। এতে করে দাঁতের কোণায় খাবারের কণা ও জীবাণু জমে থাকবে। টুথব্রাশ অতিরিক্ত ব্যবহারের কারণে, বার বার টুথপেস্ট ব্যবহার, ধোয়া, অতিরিক্ত জোর দিয়ে ব্রাশ ব্যবহারের কারণে এর ব্রিসলগুলো দ্রুত নষ্ট হয়ে যায়, টুথব্রাশের কার্যকারিতা কমতে থাকে। সে কারণে তিন মাস পর পর টুথব্রাশ পরিবর্তন করা ভালো।

লিথুয়ানিয়ার বর্তমান প্রধানমন্ত্রী গিন্টোটাস পালুকাস

# সাহিত্যিক পরিচিতি

এপ্রিল মাসে কবি সাহিত্যিকের জন্ম-মৃত্যু নিয়ে আয়াদের বিশে[ষ] আয়োজন। এবারের আয়োজনে থাকছে শহিদ বুদ্ধিজীবী আনো[য়ার] পাশা ও নাট্যকার দীনবন্ধু মিত্র।



## আনোয়ার পাশা

- ♦ **জন্ম** : ১৫ এপ্রিল ১৯২৮ (২ বৈশাখ ১৩৩৫ বঙ্গাব্দ)
- ♦ **জন্মস্থান** : পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বহরমপুরের ডাবকাই গ্রামে
- ♦ **পিতা** : হাজী মকরম আলী
- ♦ **মাতা** : সাবেরা খাতুন
- ♦ **মৃত্যুস্থান** : ১৪ ডিসেম্বর ১৯৭১ ঢাকার মিরপুরের বধ্যভূমিতে
- ♦ **সমাধি** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের জামে মসজিদের পাশে।
- ♦ **শিক্ষা জীবন** : রাজশাহী কলেজ থেকে বিএ (১৯৫১) এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় এমএ (১৯৫৩) পাস করেন।
- ♦ **কর্মজীবন** : পাবনা এডওয়ার্ড কলেজ এবং ১৯৬৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন।

### উল্লেখযোগ্য রচনাবলি

- ♦ **উপন্যাস** : 'নীড় সন্ধানী' (১৯৬৮), 'নিশুতি রাতের গাথা' (১৯৬৮), 'রাইফেল, রোটি, আওরাত' (১৯৭৩)।
- ♦ **কাব্যগ্রন্থ** : নদী নিঃশেষিত হলে (১৯৬৩), সমুদ্র শঙ্খলতা উজ্জয়িনী ও অন্যান্য কবিতা (১৯৭৪) ইত্যাদি।
- ♦ **প্রবন্ধগ্রন্থ** : সাহিত্যশিল্পী আবুল ফজল (১৯৬৮), রবীন্দ্র ছোটগল্প সমীক্ষা (২ খণ্ড-১৯৬৩, ১৯৭৩)।
- ♦ **গল্পগ্রন্থ** : নিরুপায় হরিণী (১৯৭০)।

### পুরস্কার ও সম্মাননা

বাংলা একাডেমি সাহিত্য পুর[স্কার] (১৯৭২) • স্বাধীনতা পুরস্কার (২০[...]

### গুরুত্বপূর্ণ তথ্য

- বাংলাদেশের মুক্তিযুদ্ধের [...] উপন্যাস 'রাইফেল, রোটি, আওরা[ত]'
- রাজশাহী কলেজে বিএ শ্রে[ণিতে] পড়ার সময় 'হাস্নাহেনা' শিরো[নামে] একটি রম্যরচনা প্রকাশ করেন
- মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে [...] বাংলা সাহিত্যের একমাত্র উপ[ন্যাস] রাইফেল, রোটি, আওরাত।
- ১৪ ডিসেম্বর ১৯৭১ পাকি[স্তানি] হানাদার বাহিনী মিরপুরের বধ্যভূ[মিতে] আনোয়ার পাশাকে হত্যা করে

### রাইফেল, রোটি, আওরাত

১৯৭১ সালের এপ্রিল থেকে জুন মাসে রচিত ঘটনা নিয়ে উপন্যাস রচিত।। শহিদ বুদ্ধিজীবী আনোয়ার পাশার প্রথম উপন্যাস 'রাইফে[ল], রোটি, আওরাত'; যা বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের অন্যান্য দলি[ল] ১৯৭১ সালের ২৫ মার্চ বিভীষিকাময় রাত থেকে শুরু হয়ে ২৮ মার্চ স[কাল] পর্যন্ত উপন্যাসের কাহিনি বিস্তৃত। মাত্র তিন দিন ও তিন রাতের পাকিস্তা[নি] হানাদার বাহিনী ও এ দেশীয় দোসরদের ঢাকার নিরস্ত্র বাঙালিদের ও[পর] অতর্কিত তাণ্ডবলীলার মধ্যে দুটি পরিবারের বেঁচে থাকার গল্প এই উপন্যাস[...]



## দীনবন্ধু মিত্র

- ♦ **প্রকৃত নাম** : গন্ধর্ব নারায়ন মিত্র
- ♦ **জন্ম** : ১০ এপ্রিল ১৮৩০
- ♦ **জন্মস্থান** : পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চৌবেড়িয়া গ্রামে
- ♦ **পিতা** : কালাচাঁদ মিত্র
- ♦ **মৃত্যু** : ১ নভেম্বর ১৮৭৩
- ♦ **শিক্ষা জীবন** : কলুটোলা ব্রাঞ্চ স্কুল (বর্তমান হেয়ার স্কুল) থেকে জুনিয়র স্কলারশিপ (১৮৫০) পরীক্ষায় পাস করেন। পরে হিন্দু কলেজে পড়েন।
- ♦ **কর্মজীবন** : ১৮৭২ সালে তিনি ইন্ডিয়ান রেলওয়ের ইন্সপেক্টর পদ লাভ করেন।

### উল্লেখযোগ্য রচনাবলি

- ♦ **নাটক** : নবীন তপস্বিনী (১৮৬৩), লীলাবতী (১৮৬৭), কমলে কামিনী (১৮৭৩), নীলদর্পণ (১৮৬০), কুড়ে গরুর ভিন্ন গোঠ (অপ্রকাশিত)।
- ♦ **প্রহসন** : বিয়ে পাগলা বুড়ো (১৮৬৬), জামাই বারিক (১৮৭২), সধবার একাদশী (১৮৬৬), প্রভৃতি।
- ♦ **কাব্যগ্রন্থ** : দ্বাদশ কবিতা (১৮৭২) ও সুরধুনী কাব্য (২ ভাগ ১৮৭১, ১৮৭৬)।
- ♦ **গল্প** : যমালয়ে জীবন্ত মানুষ ও পোড়া মহেশ্বর (১২৭৯ বঙ্গাব্দ)।

### গুরুত্বপূর্ণ তথ্য

- নীলদর্পণ বিদেশি ভাষায় অনূদিত প্রথম বাংলা নাটক।
- নীলকরদের অত্যাচার ও নীলচাষীদের দুঃখ কষ্ট নিয়ে রচিত নাটক— নীলদর্পণ।
- বঙ্কিমচন্দ্র নীলদর্পণ নাটককে আ[ঙ্কল] টম'স কেবিনের সঙ্গে তুলনা করে[ন]
- ১৮৬০ সালে 'কস্যচিৎ পথিক[স্য]' ছদ্মনামে নাটকটি প্রথম ঢাকা থে[কে] প্রকাশিত হয়
- ১৮৭১ সালে ভারত সরকার কর্তৃ[ক] লাভ করেন— রায়বাহাদুর উপাধি
- নীলদর্পণ নাটকের অভিনয় দে[খে] মঞ্চে জুতা ছুড়ে মারেন— ঈশ্বরচ[ন্দ্র] বিদ্যাসাগর।
- নীলদর্পণ নাটকটি— মেহেরপুর অঞ্চলের [...]
- নীলদর্পণ নাটকটি মধুসূদন দ[ত্ত] অনুবাদ করেন— A Native ছদ্মনামে
- নীলদর্পণ নাটকটি মধুসূদন দত্ত অনু[বাদ] করে নাম দেন— Nil Darpon or Th[e] Indigo Planting Mirror (1861)
- সমাজের প্রাচীনপন্থীদের ব্যঙ্গ ক[রে] তার রচিত প্রহসন-বিয়ে পাগলা বুড়ো
- দীনবন্ধু মিত্রের রচিত শেষ নাট[ক] —কমলে কামিনী।







# মানবযন্ত্র : রোবট

আবিষ্কার পর্ব ০৯

বিজ্ঞান ও প্রযুক্তির অসাধারণ এক সৃষ্টি রোবট। অনেকে একে বলেন কৃত্রিম মানুষ। বর্তমান পৃথিবীতে বিভিন্ন কাজে রোবটের ব্যবহার দিন দিন বাড়ছে।

রোবট (Robot) শব্দটির উৎপত্তি চেক শব্দ 'Robota' থেকে, যার অর্থ 'অনৈচ্ছিক কর্মী' বা 'ক্রীতদাস'। রোবট হলো কম্পিউটার নিয়ন্ত্রিত একটি স্বয়ংক্রিয় ব্যবস্থা, যা মানুষ যেভাবে কাজ করে ঠিক সেই ভাবেই কাজ করতে পারে অথবা-এর কাজের ধরন দেখে মনে হবে এর কৃত্রিম বুদ্ধিমত্তা আছে। এটি নিজে নিজে মানুষের কাজে সাহায্য করে এবং নানাবিধ কাজে মানুষের বিকল্প হিসেবে ব্যবহৃত হয়। ১৯২১ সালে রোবট শব্দটির প্রথম ব্যবহার করেন নাট্যকার ক্যারেল কাপেক।

## ইতিহাস

প্রাচীন গ্রিক প্রকৌশলী আলেকজান্দ্রিয়ার হিরো সাধারণ বাষ্প-চালিত যন্ত্র (যেমন Aeolipile) তৈরি করেন। এই প্রাথমিক উদ্ভাবনগুলো পরবর্তী শতাব্দীতে অটোমেশন (স্বয়ংক্রিয়তা) এবং রোবোটিক্সের বিকাশের ভিত্তি স্থাপন করে। তবে রোবটের ধারণা লুকিয়ে ছিলো খ্রিষ্টপূর্ব ৪০০ অব্দে গ্রিক গণিতবীদ আর্কিটাসের 'The Pigeon' নামের একটি যান্ত্রিক বাষ্পচালিত পাখি তৈরির মধ্যে। এরপর রেনেসাঁকালীন ইতালিতে, লিওনার্দো দ্য ভিঞ্চি ১৪৯৫ সালের কাছাকাছি একটি হিউম্যনোয়েড রোবটের পরিকল্পনা করেন বলে ধারণা করা হয়। ১৯৫০-এর দশকে আবিষ্কৃত দ্য ভিঞ্চির নোটবুকগুলো ছিল একটি যান্ত্রিক নাইটের বিস্তারিত অঙ্কন। লিওনার্দোর আঁকা রোবট বসতে সক্ষম এবং সেটি মাথা এবং চোয়াল নাড়াতে পারত। আধুনিক রোবটের ব্যবহার মূলত রোবটীয় হাত দিয়েই শুরু হয়। ১৯৫৪ সালে পৃথিবীর প্রথম ডিজিটাল ও প্রোগ্রামেবল রোবটীয় হাত আবিষ্কার করেন জর্জ ডেভল। তিনি এর নাম দেন ইউনিমেট (Unimate)। ১৯৬১ সালে এটি জেনারেল মোটরস নামের একটি কোম্পানির কাছে বিক্রি করে দেওয়া হয়। ইউনিমেটের কাজ ছিল লোহা লক্কড় ওঠানামা করানো এবং ভারী ভারী সব বস্তু এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া। এর পর ১৯৬৬ সালে স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় আবিষ্কার করে শেকি রোবট। যেটি ছিলো সর্বপ্রথম স্বয়ংক্রিয় স্বায়ত্তশাসিত, কৃত্রিম বুদ্ধিভিত্তিক রোবট।



মানুষের অবয়বের মত করে মানুষকে সাহয্য করার জন্য 'অ্যাডভান্সড স্টেপ ইন ইনোভেটিভ মবিলিটি'র সংক্ষিপ্ত রূপ আসিমো বিশ্বের প্রথম হিউম্যানয়েড রোবট। ২০০০ সালে প্রথম আসিমোকে বাজারে নিয়ে আসে জাপানি কোম্পানি হোন্ডা। মানুষের মতো দেখতে এই রোবটের উচ্চতা ৪ ফিট ৩ ইঞ্চি এবং ওজন হচ্ছে ১১৯ পাউন্ড। প্রতি ঘন্টায় ৯ কিমি গতিতে দৌড়াতেও পারতো এই মানুষ সদৃশ রোবটটি। বিশ্বে প্রথম নাগরিকত্ব প্রাপ্ত রোবট সোফিয়া দ্য হিউম্যানয়েড। এই রোবটকে নাগরিকত্ব দেয় সৌদি সরকার। সোফিয়া নামের এই রোবটটির নির্মাতা হংকংয়ের সংস্থা হ্যানসন রোবোটিক্স। ১৯ এপ্রিল ২০১৫ সোফিয়াকে প্রথম সক্রিয় করা হয়। এতে ফেসিয়াল রিকগনিশন ব্যবহার করা হয়। এভাবেই দিনদিন রোবটের উন্নত সব সংস্করণ তৈরি হচ্ছে।

## ওয়ার্ল্ড রোবট অলিম্পিয়াড

ওয়ার্ল্ড রোবট অলিম্পিয়াড (WRO) হলো তরুণদের জন্য একটি বিশ্বব্যাপী রোবোটিক্স প্রতিযোগিতা। ২০০৪ সালে সিঙ্গাপুরে প্রথম ওয়ার্ল্ড রোবট অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। ২০১৮ সাল হতে আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডের জন্য বাংলাদেশ রোবট অলিম্পিয়াড দল পাঠানো শুরু করে।

### কোবটের নাম কি শুনেছেন



কোবট (cobot) শব্দটি এখনো খুব পরিচিত নয়। 'কোলাবরেশন' ও 'রোবট' শব্দ দুটি মিলিয়ে 'কোবট' শব্দটি এসেছে। কোবট এমন ধরনের রোবট, যারা কোনো ধরনের জটিলতা ছাড়াই মানুষের সঙ্গে একত্রে কাজ করতে পারে। বিজ্ঞানী ডেভিড হাজিনস ও তার সহযোগীরা ১৯৯০-এর দশকে কোবট বা সহযোগিতাপূর্ণ রোবটের ধারণা প্রথম তুলে ধরেন। তবে কোবটের প্রথম নকশাটি তৈরি হয় ২০০৬ সালে যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব অরিগনে। আর ২০০৮ সালে এর বাণিজ্যিক ব্যবহার শুরু হয়।

### জানেন কী

| বিশ্বের প্রথম | নাম | দেশ |
|---|---|---|
| জীবন্ত রোবট | জেনোবট | যুক্তরাষ্ট্র |
| রোবট চিত্রশিল্পী | আই দা | যুক্তরাজ্য |
| রোবট সিইও | মিকা | পোল্যান্ড |
| রোবট আইনজীবী | ডুনটপে অ্যাপ | যুক্তরাষ্ট্র |
| রোবট সংবাদপাঠক | কডোমোরয়েড | জাপান |
| রোবট চালিত হোটেল | হেন-না-হোটেল, যার অর্থ আশ্চর্য বা পরিবর্তিত | জাপান |
| বাংলাভাষী রোবট | রিবো | বাংলাদেশ |

# সাম্প্রতিক চাকরি পরীক্ষার প্রশ্ন সমাধান

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

**পদ : শিক্ষানবিশ লাইনম্যান ▌ পরীক্ষা : ২৮ ফেব্রুয়ারি ২০২৫**

১. আলাওল কোন রাজসভার কবি ছিলেন?— খ) আরাকানের।
২. 'সিরাজউদ্দৌলা' নাটকের নাট্যকার?— খ) গিরিশচন্দ্র ঘোষ।
৩. 'বিষাদসিন্ধু' একটি— গ) ইতিহাস আশ্রয়ী উপন্যাস।
৪. ভাষার কোন রীতি পরিবর্তনশীল?— খ) চলিত।
৫. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ? — খ) চালকুমড়া।
৬. 'সংশয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি?— খ) নিশ্চয়।
৭. 'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি?— গ) কর্মকারকে শূন্য।
৮. 'চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে।' বাক্যটিতে 'চণ্ডালে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?— গ) কর্মে ৭মী।
৯. চন্দ্রাবতী কী?— খ) কাব্য।
১০. হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?— ঘ) মহামহোপাধ্যায়।
১১. He is — honors graduate.— খ) an।
১২. The young man seems very—.— ক) sensible।
১৩. He was absent due — rain.— খ) to
১৪. After it was repaired, the car — again.— গ) ran perfectly।
১৫. 'Man is mortal' which one is Negative sentence of it— খ) No man is immortal।
১৬. He came home yesterday? এর প্রশ্নবোধক রূপ হলো?— ঘ) Did he Come home yesterday?
১৭. Which one is the synonym of 'adult'?— ক) mature।
১৮. 'ঘরটি আমাদের জন্য খুব ছোট'-এর English translation— — গ) The room is too small for us.
১৯. If it is a genuine picture, it is— গ) real।
২০. My hair <u>stood off</u> ends when I saw the horrible sight.— খ) Stood on ends।
২১. ৪টি আপেল ২০ টাকায় কিনে ৩০ টাকায় বিক্রি করলে কত শতাংশ লাভ হয়?— খ) ৫০%।
২২. দুইটি রাশির অনুপাত ৪ : ৭। পূর্বরাশি ১৬ হলে উত্তর রাশি কত?— খ) ২৮।
২৩. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১০ : ৩। পুত্রের বয়স ১৮ বছর হলে পিতার বয়স কত?— খ) ৬০ বছর।
২৪. ১ ÷ ১০০ = কত?— খ) ০.০১।
২৫. ৩ × ০ × ০.৩ = ?— গ) ০.০।
২৬. ১ মিটার সমান কত সেন্টিমিটার?— খ) ১০০ সে.মি.।
২৭. ১ মাইল = কত কিলোমিটার?— ক) ১.৬০৯ কি.মি
২৮. যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ স[illegible] চলে, ঐ পরিমাণ খাদ্যে কত জন লোকের ৮ স[illegible] চলবে?— খ) ৫০০ জন।
২৯. X ও Y এর মানের গড় ৯ এবং Z = ১২ হলে, X, Y এবং Z এর মানের গড় কত হবে?— গ) ১০।
৩০. পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ অপেক্ষা ২ ব[illegible] বেশি। পিতার বয়স ৬২ বছর হলে, পুত্রের ব[illegible] কত?— গ) ৩০ বছর।
৩১. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x - y)^2$ এর ম[illegible] কত?— গ) 9।
৩২. দুইটি সংখ্যার যোগফল এবং বিয়োগফল যথাক্র[illegible] ২৮ এবং ৪। বড় সংখ্যাটি কত?— ক) ১৬।
৩৩. $a - \{a - (a + 1)\}$ = কত?— ঘ) $a + 1$।
৩৪. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ কর[illegible] ৯০ হয়। সংখ্যাটি কত?— খ) ১৮।
৩৫. একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাণ ৩৫ ডিগ্রি [illegible] ৫৫ ডিগ্রি। ত্রিভুজটি কোন ধরনের?— ক) সমকোণী
৩৬. একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত ২ : ৩ : ৫ এর বৃহত্তম কোণটি কত?— ঘ) ৯০ ডিগ্রি।
৩৭. একটি ত্রিভুজের সর্বোচ্চ কয়টি স্থূলকোণ থাকতে পারে?— ক) ১টি।
৩৮. একটি সমকোণী ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য ৫ মিটার এবং ১২ মিটার হলে, অতিভুজের দৈর্ঘ্য কত?— ঘ) ১৩ মিটার।
৩৯. যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান এবং সমান্তরা[illegible] কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে কী বলে?— খ) রম্বস
৪০. বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত অঙ্কিত সর[illegible] রেখাকে কী বলে?— খ) ব্যাসার্ধ।
৪১. মানুষের শরীরের রক্তের গ্রুপ কয়টি?— গ) চারটি
৪২. কোন পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি?— গ) নদীর পানি।
৪৩. দৈনিক খাদ্য তালিকায় সামুদ্রিক মাছ/শৈবালে[illegible] অন্তর্ভুক্তি, কোন রোগের প্রাদুর্ভাব কমাতে সাহায্য করবে?— ক) হাইপো-থাইরয়ডিজম।
৪৪. জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি — গ) গামা।
৪৫. সর্বাপেক্ষা হালকা গ্যাস কোনটি?— খ) হাইড্রোজেন





৪৬. গ্রিন হাউস ইফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কী হবে?— খ) নিম্নভূমি নিমজ্জিত হবে।
৪৭. বিদ্যুৎ বিলের হিসাব কিভাবে করা হয়?— ঘ) কিলোওয়াট আওয়ারে।
৪৮. তাপ প্রয়োগে সবচেয়ে বেশি প্রসারিত হয় কোন পদার্থ?— খ) বায়বীয় পদার্থ।
৪৯. সাধারণ বৈদ্যুতিক বাল্বের ভিতর সাধারণত কী গ্যাস ব্যবহার করা হয়?— ক) নাইট্রোজেন।
৫০. ইলেকট্রিক বাল্ব এর ফিলামেন্ট কী দিয়ে তৈরি হয়? — ক) টাংস্টেন।
৫১. প্রাকৃতিক কোন উৎস থেকে সবচেয়ে বেশি মৃদু পানি পাওয়া যায়?— খ) বৃষ্টি।
৫২. দেহের প্রধান সৈনিক হিসেবে কাজ করে কোনটি?— খ) অ্যান্টিবডি।
৫৩. নিচের কোনটি চৌম্বক পদার্থ নয়?
ক) কাঁচা লৌহ খ) ইস্পাত
● অ্যালুমিনিয়াম ঘ) কোবাল্ট
৫৪. কাপড় কাচা সোডার রাসায়নিক সংকেত কী?— ঘ) $Na_2CO_3.10H_2O$।
৫৫. ২ নিউটন বল কোনো নির্দিষ্ট বস্তুর উপর প্রয়োগ করায় বস্তুটি ৫ মিটার দূরে সরে গেলো। সম্পন্ন কাজের পরিমাণ কত?— গ) ১০ জুল।
৫৬. সবচেয়ে ভালো তাপ পরিবাহক কোনটি?— খ) তামা।
৫৭. ট্রান্সফর্মারে কোনটি পরিবর্তন হয়?— গ) কারেন্ট ও ভোল্টেজ।
৫৮. বায়ু একটি কী ধরনের পদার্থ?— খ) মিশ্র।
৫৯. ফল পাকানোর জন্য দায়ী কোনটি?— ক) ইথিলিন।
৬০. তামা ও টিনের মিশ্রণে কী হয়?
ক) পিতল খ) কাঁসা গ) ব্রোঞ্জ ঘ) ডুরালুমিন
[Note : খ ও গ উভয়ই সঠিক।]
৬১. কম্পিউটার ভাইরাস কী?— ঘ) একটি ক্ষতিকারক প্রোগ্রাম।
৬২. বিদ্যুৎ শক্তি থেকে শব্দ শক্তিতে রূপান্তরিত করা হয় কোন যন্ত্রের মাধ্যমে?— ক) লাউড স্পিকার।
৬৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রধান উপকরণ কোনটি? — ক) ইন্টারনেট।
৬৪. কম্পিউটার সাধারণত কোন সংখ্যা পদ্ধতি ব্যবহার করে কাজ করে?— ক) বাইনারি।
৬৫. কোনো তথ্য ডিজিটাল উপাত্ত আকারে থাকলে তাকে কী বলে?— খ) ডিজিটাল কনটেন্ট।
৬৬. কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়?— ক) কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ।
৬৭. ALU-এর পূর্ণরূপ কী?— খ) Arithmetic Logic Unit।
৬৮. Wi-Fi-এর পূর্ণরূপ কী?— ক) Wireless fidelity।
৬৯. নেটওয়ার্ক, সিপিইউ, স্টোরেজ ও অন্যান্য রিসোর্স ভাড়া দেওয়া কী ধরনের ক্লাউড কম্পিউটিং?— গ) অবকাঠামোগত সেবা।
৭০. কোন প্রজন্মের মোবাইলে IP ডাটা নেটওয়ার্ক অন্তর্ভুক্ত করা হয়েছে?— ঘ) ৪র্থ।
৭১. হার্ডিঞ্জ ব্রিজ কোন দুটি উপজেলাকে যুক্ত করেছে?— ক) ঈশ্বরদী-ভেড়ামারা।
৭২. কোনটি নদী বন্দর নয়?— গ) বেনাপোল।
৭৩. নিচের চারটি পদের মধ্যে সেনাবাহিনীতে সর্বোচ্চ কোনটি?— খ) লেফটেন্যান্ট জেনারেল।
৭৪. বাংলাদেশের সর্ববৃহৎ ঈদের জামাত সাধারণত কোথায় হয়ে থাকে?
ক) বায়তুল মোকাররম, ঢাকা খ) জাতীয় ঈদগাহ, ঢাকা
গ) শোলাকিয়া, কিশোরগঞ্জ ঘ) শাহ মখদুম মসজিদ, রাজশাহী
[Note : দেশের সর্ববৃহৎ ঈদের জামাত অনুষ্ঠিত হয় দিনাজপুরের গোর-এ শহীদ ঈদগাহ ময়দানে।]
৭৫. টেকনাফ ও তেঁতুলিয়া কোন দুটি জেলায় অবস্থিত? — ঘ) কক্সবাজার ও পঞ্চগড়।
৭৬. প্রাথমিক স্তরে ছেলে-মেয়ে উভয়ের জন্য অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু আছে— ক) ৫ম শ্রেণি পর্যন্ত।
৭৭. বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর কোনটি?
ক) নিউইয়র্ক খ) মুম্বাই গ) ম্যানিলা ঘ) ঢাকা
[Note : বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর জাপানের টোকিও।]
৭৮. শেনজেন কোন দেশের অংশ?— ক) লুক্সেমবার্গ।
৭৯. ড্রোন কী?— খ) চালকবিহীন বিমান।
৮০. OIC-এর পূর্ণরূপ কী?— খ) Organisation of Islamic Cooperation.

## গ্রামীণ ব্যাংক

**পদ : শিক্ষানবিশ কেন্দ্র ব্যবস্থাপক ▌ পরীক্ষা : ২২ ফেব্রুয়ারি ২০২৫**

১. লোভে পাপ পাপে মৃত্যু কোন কারক?— গ) অপাদান।
২. সিঁদুরে মেঘ-বাগধারাটির অর্থ কী?— গ) অল্পে ভয়।
৩. চাঁদের সমার্থক শব্দ কোনটি?— ঘ) বিধু।
৪. কোন কবিতা রচনার কারণে কাজী নজরুল ইসলামের কারাদণ্ড হয়েছিল?— গ) আনন্দময়ীর আগমনে।
৫. কোনটি সঠিক?
ক) গোরা (নাট্যগ্রন্থ) খ) বিদ্রোহী (কাব্যগ্রন্থ)
● পথের দাবী (উপন্যাস) ঘ) একাত্তরের দিনগুলি (উপন্যাস)
৬. 'তুমি আসবে বলে হে স্বাধীনতা' কার কবিতা?— খ) শামসুর রাহমান।
৭. A pilgrim is person who undertakes a journey to a— ক) A holy place।
৮. The word 'dilly dally' means.— ঘ) waste time।
৯. The police — informed yesterday.— ঘ) were।
১০. If I were a bird. I— fly in the sky.— গ) would।
১১. Which is correct?— ঘ) Proceeds।
১২. Prices for bicycles can run— Tk. 2000.00— ক) as high as।
১৩. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে ৬ সেমি ও ৪ সেমি হলে, এর ক্ষেত্রফল কত?— খ) ১২ বর্গ সেমি।

১৪. কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?— খ) ৩৬০ ডিগ্রি।
১৫. a : b = ৪ : ৭ এবং b : c = ১০ : ৭ হলে a : b : c = ?— গ) ৪০ : ৭০ : ৪৯।
১৬. দুটি সংখ্যার যোগফল ৫৬ এবং এদের অনুপাত ৩:১। সংখ্যা দুটির গুণফল কত?— ঘ) ৫৮৮।
১৭. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কোন আসল কত বছরে সুদে-আসলে দ্বিগুণ হবে?— গ) ২০ বছর।
১৮. $x^2 + y^2 =$ ৮ এবং $xy =$ ৭ হলে $(x+y)^2$— এর মান কত?— গ) ২২।
১৯. $a + b =$ ৩ এবং $ab =$ ২ হলে $a^3 + b^3$ এর মান কত?— খ) ৯।
২০. বাংলাদেশের সংবিধান কয়টি ভাষায় রচিত?— খ) ২টি।
২১. স্বাধীনতা যুদ্ধে সর্বপ্রথম শহিদ হন কোন বীরশ্রেষ্ঠ? ক) মহিউদ্দিন জাহাঙ্গীর খ) লেঃ মতিউর রহমান গ) মোহাম্মদ রুহুল আমীন ঘ) মুন্সী আব্দুর রউফ [Note : মুক্তিযুদ্ধে প্রথম শহিদ বীরশ্রেষ্ঠ মোহাম্মদ মোস্তফা কামাল।]
২২. ড. মুহাম্মদ ইউনূস যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক কংগ্রেসন্যাল গোল্ড মেডেল লাভ করেন?— ঘ) ২০১০ সালে।
২৩. ইউনেস্কো কত সালে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে স্বীকৃতি দেয়?— খ) ১৯৯৯।
২৪. অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের তিন শূন্য তত্ত্বের 'তিন শূন্যের অন্তর্ভুক্ত নয় কোনটি?— ঘ) শূন্য ক্ষুধা।
২৫. জুলাই গণঅভ্যুত্থানে আবু সাঈদ শহিদ হন— গ) ১৬ জুলাই।
২৬. বাঁশের কেল্লাখ্যাত স্বাধীনতা সংগ্রামী কে?— গ) তিতুমীর।
২৭. বর্তমান গ্রামীণ ব্যাংক 'গ্রামীণ ব্যাংক প্রকল্প' রূপে কার্যক্রম শুরু করে কবে?— খ) ১৯৭৬ সালে।
২৮. 'আগে কি সুন্দর দিন কাটাইতাম' গানটির গীতিকার কে?— ঘ) শাহ আবদুল করিম।
২৯. Seven Sister কোন দেশে অবস্থিত?— গ) ভারত।
৩০. ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা কী ছিল?— ঘ) ফারসি।
৩১. বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের আইনটি প্রবর্তন করা হয় — কত সালে?— গ) ১৯৯৬।
৩২. 'নিউ সিল্ক রোড'-এর প্রবক্তা কোন দেশ?— গ) চীন।
৩৩. জাতিসংঘ দিবস পালন করা হয় কত তারিখে?— গ) ২৪ অক্টোবর।
৩৪. জুলাই আগস্টের গণঅভ্যুত্থানের সময় ঢাকার দেয়ালে শিক্ষার্থীদের আঁকা গ্রাফিতি চিত্র নিয়ে সংকলিত গ্রন্থের নাম—খ) Art of Triumph।
৩৫. জাপানের পার্লামেন্টের নাম কী?— গ) ডায়েট।
৩৬. বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত?— গ) ২০.৭১।
৩৭. বরফ পানিতে ভাসে কারণ বরফের তুলনায় পানির — ক) ঘনত্ব বেশি।
৩৮. চাঁদে কোন বস্তুর ওজন পৃথিবীর ওজনের— গ) ছয়ভাগের একভাগ।
৩৯. কোন রক্ত গ্রুপকে সার্বিক গ্রহীতা বলে?— গ) AB রক্ত গ্রুপকে।
৪০. বেলা ২:৩০ ঘটিকার সময় ঘণ্টা ও মিনিটের কাটা পরস্পর কত ডিগ্রি কোণ উৎপন্ন করে?— খ) ১০৫ ডিগ্রি।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
### ভর্তি পরীক্ষা : ২০২৪-২৫
ইউনিট : বি | পরীক্ষা : ৮ মার্চ ২০২৫ | সেট : 1

### বাংলা

১. 'কবর' কবিতার পঙ্‌ক্তি কয়টি?— C) ১১৮।
২ 'জুলমাত' শব্দের অর্থ কী?— C) অন্ধকার।
৩. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?— C) মাত্রাবৃত্ত।
৪. 'চোখ খোলা রাখা' কী অর্থে ব্যবহৃত হয়?— D) সতর্ক থাকা।
৫. রদাঁ কে ছিলেন?— B) ভাস্কর।
৬. বাংলায় অনূদিত হয়েছে এমন প্রাচীনতম আইন কোন দেশে প্রচলিত ছিল?— A) ভারত।
৭. কোনটি বাগধারা?— D) ননীর পুতুল।
৮. ষ-ত্ববিধান কোন ধরনের শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?— A) তৎসম।
৯. 'ড়' ও 'ঢ়' ধ্বনি দুটোকে বলে— C) তাড়নজাত ধ্বনি।
১০. 'কথায় কথায় মৃত্যুবিধান করাটাই শাসকের যোগ্যতার পরিচয় কিনা সে বিষয়ে আমি নিঃসন্দেহ নই।' সিরাজউদ্দৌলা নাটকে এই উক্তি করেছে— A) সিরাজ।
১১. আখতারুজ্জামান ইলিয়াস রচিত খোঁয়ারি একটি— C) গল্পগ্রন্থ।
১২. ভাষার মৌলিক রীতি কী?— C) কথা বলার রীতি।
১৩. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রাষ্ট্রপতির উপদেষ্টার দায়িত্ব পালন করেছেন— A) আবুল ফজল।
১৪. সঞ্চয়িতা, সঞ্চিতা ও সুচয়নী কাব্য সংকলনগুলোর কবিত্রয় হলেন— B) রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম ও জসীমউদ্‌দীন।
১৫. 'ক্রোড়পত্র' কোন সমাসের উদাহরণ?— C) ষষ্ঠী তৎপুরুষ।
১৬. বাঙালির ইতিহাস বইটি লিখেছেন?— B) নীহাররঞ্জন রায়।
১৭. 'অপরিচিতা' গল্পে অনুপমের বাবার পেশা কী ছিল? — B) ওকালতি।
১৮. 'নেকলেস' গল্পের ভাববস্তুর সঙ্গে প্রধানত যুক্ত কোনটি?— C) বিলাসিতার পরিণাম।
১৯. কোন সমাসে পূর্বপদের অর্থের প্রাধান্য পায়?— C) অব্যয়ীভাব সমাস।
২০. 'চৌহদ্দি' শব্দটি কোন কোন ভাষার মিশ্ররূপ?— B) ফারসি + আরবি।
২১. 'সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করবে।' এই বাক্যে কোন ধরনের অপপ্রয়োগ হয়েছে?— C) প্রত্যয়ের বাহুল্য।
২২. নিচের কোন্‌টি যোগরূঢ় শব্দ?— D) জলধি।
২৩. শুদ্ধ বানান কোন গুচ্ছ?— B) পূজা, আবিষ্কার, সমীচীন।
২৪. 'পথের রাজা' কোন সমাসের ব্যাসবাক্য?— A) তৎপুরুষ।
২৫. 'হাস কেন?' উক্তিটি কার?— D) চাপরাশির।





২৬. বাংলা ভাষায় যতিচিহ্ন ব্যবহারের সুবিন্যাস কে সাধন করেছিলেন?— C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
২৭. 'বিলাসী' গল্পটি মাসিক ভারতী পত্রিকার কোন সংখ্যায় প্রথম ছাপা হয়?— A) বৈশাখ।
২৮. 'যে মোরে করিল পথের বিরাগী'-এর পরের পঙ্‌ক্তি কোনটি?— A) পথে পথে আমি ফিরি তার লাগি।
২৯. 'ফলের মতো গুটি' বলতে 'অপরিচিতা' গল্পে বোঝানো হয়েছে— D) অনুপমের নিষ্ফল জীবনকে।
৩০. বাক্যের অনুজ্ঞা পদগুলো হচ্ছে— B) ক্রিয়াপদের রূপ।

### English

**Choose the alternative, (A, B, C or D) that best fills in the blank/answers the following:**

১. New York is found on the east — of the United States.— B) coast।
২. The book was released after it got final — from the author.— C) approval।
৩. The supplier has many different models of—.— B) furniture।
৪. The director has asked us to send monthly — to Mr. Jefferson in the finance department— B) statements।
৫. I was late — class yesterday.— B) for।
৬. Unless we — throwing garbage into the river, it will be polluted.— B) stop।
৭. The old man is said — all his money to an old people's home when he died.— D) to have left।

**Read the following passage and choose the best alternative (A, B, C or D) to answer questions 8-17.**

Precipitation, commonly referred to as rainfall, is a measure of the quantity of atmospheric water in the form of either rain, hail, or snow that reaches the ground. The average annual precipitation over the whole of the United States is thirty-six inches per year. It should be understood however, that all precipitation is not measured equally. For example a foot of snow does not equal a foot of precipitation. According to the general formula for computing the precipitation snowfall, ten inches of snow equals one inch of precipitation. In upper New York, for example, where there is typically a large amount of snowfall every year, a hundred inches of snow in one year would be recorded as only ten inches of precipitation. On the other hand, rain is rain. Forty inches rain would be recorded as forty inches of precipitation. The total annual precipitation for an area with forty inches of rain and one hundred inches of snow would be recorded as fifty inches of precipitation.

The amount of precipitation that an area receives is a combined result of several factors, including location, altitude, proximity to the sea, and the direction of prevailing winds. Most of the precipitation in the United States is brought originally by prevailing winds from the Pacific Ocean, the Gulf of Mexico, the Atlantic Ocean, and the Great Lakes. Because these prevailing winds generally come from the west, the Pacific Coast receives more annual precipitation than the Atlantic Coast. Along the Pacific Coast itself however altitude causes some diversity in rainfall. The mountain ranges of the United States, especially the Rocky Mountain Range and the Appalachian Mountain Range, influence the amount of precipitation in their areas. East of the Rocky Mountains, the annual precipitation is substantially less than that of west of the Rocky Mountains. The precipitation north of the Appalachian Mountains is about 40 percent less than that of south of the Appalachian Mountains. As air currents from the oceans move over land, the air must rise to pass over the mountains. The air cools, and the water that is held in the clouds falls as rain or snow on the ascending side of the mountains. The air, therefore, is much drier on the other side of the mountains.

৮. What does the passage mainly dicuss?— A) Precipitation।
৯. Which of the following is another word that is often used in place of Precipitation?— C) Rainfall।
১০. The term 'precipitation' includes—.— B) Rain, hail, and snow।
১১. What is the annual average rainfall in inches in the United States?— A) Thirty-six inches।
১২. If a state has 40 inches of snow in a year, by how much does this increase the annual precipitation?— B) By four inches।
১৩. The phrase 'Proximity to' in paragraph 2 is closest in meaning to—.— C) nearness to।
১৪. Where is the annual precipitation highest?— D) The Pacific Coast।
১৫. Which of the following was not mentioned as a factor in determining the amount of precipitation that an area will receive?— B) Latitude।
১৬. The word substantially in paragraph 2 could best be replaced by—.— A) fundamentally।
১৭. The word that in paragraph 2 refers to—. — B) precipitation।

Choose the most appropriate word(s)/phrase to fill in the blanks in the sentences 18-28.

১৮. If there is nothing to absorb the energy of sound waves, they travel on —, but their intensity — as they further from their source.— A) erratically — mitigates।

১৯. Despite the accounts of many witnesses, what happened there still remains — in secrecy— A) shrouded।

২০. Masculine gender of bee is— B) drone।

২১. The synonym of symphony is— C) harmony।

২২. The murder was carried out in—. C) cold blood।

২৩. The expression 'Enough is enough' means— A) something to stop।

২৪. My students' sleepless nights became — as the finals approched.— B) more frequant।

২৫. — is the government grant of exclusive right to make and sell something.— A) Patent।

২৬. Words inscribed on a tomb is an—. D) epitaph।

২৭. One whose attitude is 'eat, drink and be merry' is a/an— B) epicurean।

২৮. Desdemona is a character in which Shakespearean play?— B) Othello।

২৯. SEDATIVE : DROWSINESS— D) anesthetic : numbness।

৩০. MEDICINE : HEALTH— C) education : knowledge।

## সাধারণ জ্ঞান

১. ড. মুহাম্মদ ইউনূস কত তারিখে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন?— B) ৮ আগস্ট ২০২৪।

২. সরকারি চাকরির নিয়োগে কোটার নতুন প্রজ্ঞাপন জারি হয়— B) ২৩ জুলাই ২০২৪।

৩. SIM-এর পূর্ণরূপ কী?— C) Subscriber Identification Module।

৪. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) বর্তমান সদস্য কত? — D) ১৬৬টি।

৫. ক্যাসাব্লাঙ্কা কোন দেশের সমুদ্র বন্দর?— C) মরক্কো।

৬. 'অরক্ষিত স্বাধীনতাই পরাধীনতা' গ্রন্থটির লেখক কে?— C) মেজর এম এ জলিল।

৭. বিশ্বে প্রথম কাঠ দিয়ে তৈরি স্যাটেলাইটের নাম কী? — C) LignoSat।

৮. বর্তমানে বিশ্বের কতটি দেশে বাংলাদেশের মিশন রয়েছে?— B) ৮০।

৯. 'ধূমকেতু' কার ছদ্মনাম?— B) কাজী নজরুল ইসলাম।

১০. কোন শহরকে 'সম্মেলনের শহর' বলা হয়?— B) জেনেভা।

১১. ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে— B) চীন, ভারত ও ভুটান।

১২. আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস কত তারিখ?— A) ৯ ডিসেম্বর।

১৩. ভারত ও বাংলাদেশের মধ্যকার অভিন্ন নদী কয়টি — D) ৫৪।

১৪. জনশুমারি-২০২২ অনুযায়ী পুরুষ ও নারীর অনুপাত কত?— B) ৯৮ : ১০০।

১৫. বাংলাদেশের প্রথম জি. আই. পণ্য কোনটি?— A) জামদানি।

১৬. উপমহাদেশের ইংরেজ শাসনের সমাপ্তি ঘটে— C) ১৯৪৭ সালে।

১৭. EVM দ্বারা বোঝায়— B) Electronic Voting Machine।

১৮. 'ফোর বি' আন্দোলন কিসের সঙ্গে সম্পর্কিত?— B) নারীবাদী আন্দোলন।

১৯. সম্প্রতি সিরিয়া ক্ষমতা দখলকারী সংগঠনের নাম কী?— A) এইচ. টি. এস.।

২০. Court : Law :: Society : ?— B) Custom।

২১. বৈদ্যুতিক বাল্বে সচরাচর কোন গ্যাস ভর্তি থাকে?— A) নাইট্রোজেন।

২২. 'পৃথিবীর সূর্যের চারিদিকে ঘোরে'-এই তত্ত্বের জনক কে?— D) কোপার্নিকাস।

২৩. বাংলাদেশের নারী ক্রিকেট দল কবে টেস্ট মর্যাদা লাভ করে?— A) ১ এপ্রিল ২০২১।

২৪. কৃত্রিম বুদ্ধিমত্তার জনক কে?— C) জন ম্যাককার্থি।

২৫. 'অপরীক্ষিত জীবন মূল্যবান জীবন নয়'-এটি কার উক্তি?— B) সক্রেটিস।

| স্বাধীনতা সূচক | আটলান্টিক কাউন্সিল | ১৬৪ | ডেনমার্ক | আফগানিস্তান | ১৪১তম |
| নোম্যাড পাসপোর্ট সূচক | Nomad Capitalist | ১৯৯ | সুইজারল্যান্ড | আফগানিস্তান | ১৮২তম |
| বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা সূচক | IIMD | ৬৭ | সিঙ্গাপুর | ভেনিজুয়েলা | - |

প্রবন্ধ

# পরিবেশ দূষণ ও তার প্রতিকার

'ধনধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা'—দ্বিজেন্দ্রলাল রায়।
কবির বহু প্রত্যাশিত এই সুজলা সুফলা সমৃদ্ধ দেশ দূষণের কালো ছায়ার গ্রাসে হারিয়ে যেতে চলেছে। আমাদের পারিপার্শ্বিক যেসব সবুজ রঙা চিত্রসমূহ কবিকে অনুপ্রাণিত করেছিল তা আজ দূষণের দ্বারপ্রান্তে। মানুষসহ পৃথিবীর সকল প্রাণীর জন্য পরিবেশ অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিবেশের ওপর নির্ভর করে মানুষ বা অন্য যে কোনো প্রাণীর জীবনের উদ্ভব ও বিকাশ ঘটে। এই পরিবেশই আমাদের ধাত্রী।

## পরিবেশ

ইংরেজি Environment শব্দটি মূলত ফরাসি শব্দ Viron থেকে এসেছে, যার অর্থ A circle, a round on a country round. সাধারণভাবে বাইরের বস্তুকেই পরিবেশ ধরা হয়। পরিবেশ একটি ব্যাপক ধারণা এবং বহুমুখী বিষয়। সাধারণভাবে পরিবেশ বলতে আমরা যেখানে বাস করি তার চারপাশের সবকিছু নিয়ে যে অবস্থা গড়ে উঠে তাকে বোঝায়। মাটি, পানি, বায়ু, বৃক্ষ-লতা-গুল্ম, নদনদী, খাল-বিল প্রভৃতি পরিবেশের উপকরণ। বিভিন্ন মনীষীগণ পরিবেশের সংজ্ঞা বিভিন্নভাবে প্রদান করেন। তাদের মধ্যে উইলিয়াম পি. স্কটের মতে, "Environment is everything that stimulates and influences the behaviour of the individual or group." অর্থাৎ, পরিবেশ হলো এমন একটি সামগ্রিক অবস্থা যা ব্যক্তি বা গোষ্ঠীর আচরণকে উদ্দীপ্ত ও প্রভাবিত করে।

## পরিবেশ দূষণ

পরিবেশ দূষণ বলতে ভূ-পৃষ্ঠের ভৌত এবং জৈবিক উপাদানসমূহের কলুষিত হওয়াকে বোঝায়, যা পরিবেশের স্বাভাবিক প্রক্রিয়াসমূহের ওপর ক্ষতিকর প্রভাব ফেলে। পরিবেশ দূষণের মূল কারণ হলো মানুষ ও তার লোভ, স্বার্থ ও বুদ্ধিহীনতা। যার ফলে প্রতিনিয়ত সে ধ্বংস করে চলেছে পৃথিবীর ভারসাম্য ও শৃঙ্খলা। পরিবেশ দূষণ একটি সাধারণ বৈশ্বিক সমস্যা যা উন্নত এবং উন্নয়নশীল উভয় প্রকার দেশেই দেখা যায়, যা এর দীর্ঘমেয়াদি পরিণতির জন্য বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করতে পেরেছে।

## দূষণের কারণ

বাংলাদেশে প্রতিবছর যত মানুষের মৃত্যু হয়, তার ২৮%ই মারা যায় পরিবেশ দূষণজনিত অসুস্থতার জন্যে। বাংলাদেশের পরিবেশ এতটা দূষিত যে বেঁচে থাকার জন্য মানুষ পৃথিবীর সবচেয়ে দূষিত বাতাস গ্রহণ করে। স্থান-কালভেদে পরিবেশ দূষণের কারণও ভিন্ন ভিন্ন। তবে সাধারণভাবে পরিবেশ দূষণের প্রধান কারণগুলো হলো— জনসংখ্যা বৃদ্ধি, বিভিন্ন যন্ত্র ও যানবাহনের বিরূপ ব্যবহার, রাসায়নিক সার ও কীটনাশকের ব্যাপক ব্যবহার, নির্বিচারে বন উজাড়, বিভিন্ন ক্ষতিকর রাসায়নিক দ্রব্য ব্যবহার, যুদ্ধ বিগ্রহ ও গ্রিনহাউজ এফেক্ট ইত্যাদি পরিবেশ দূষণের অন্যতম নিয়ামক।

## দূষণের প্রকারভেদ

পরিবেশ দূষণ মূলত দুই উপায়ে হয়ে থাকে। যথা : প্রাকৃতিক উপায় ও কৃত্রিম উপায়। সাধারণত প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হওয়ায় পরিবেশে যে অবনতিশীল অবস্থা বিরাজ করছে তা-ই প্রাকৃতিক দূষণ। প্রাকৃতিক দূষণের মধ্যে রয়েছে সীসা, পারদ, সালফার, কার্বন ডাই-অক্সাইড, কার্বন-মনোক্সাইড ইত্যাদি। কৃত্রিম দূষণের নিয়ামক হচ্ছে কলকারখানা আর যানবাহনের কালো ধোয়া। এছাড়াও রয়েছে কীটনাশক, গুড়াসাবান, ওষুধপত্র ও পলিথিন প্লাস্টিকের মতো প্রসাধনী সামগ্রী যা মূলত মানবসৃষ্ট কারণে দূষিত হয়ে থাকে। পরিবেশের উপাদানসমূহের ওপর ভিত্তি করে পরিবেশ দূষণকে কয়েকভাগে ভাগ করা যায়। যথা- বায়ু দূষণ, পানি দূষণ, খাদ্য দূষণ, শব্দ দূষণ, তেজস্ক্রিয় দূষণ এবং ভূমি দূষণ।

■ **বায়ু দূষণ :** পৃথিবীর বায়ুমণ্ডলের মধ্যে অনিষ্টকর পদার্থের সমাবেশ যখন মানুষ ও তার পরিবেশের ক্ষতি করে সেই অবস্থাকে বায়ু দূষণ বলে। বায়ু দূষণ এখন সারা বিশ্বে এক নম্বরের সমস্যা। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) এক পরিসংখ্যানে দেখা গেছে, পৃথিবীতে প্রতিবছর সড়ক দুর্ঘটনা, ধূমপান ও ডায়াবেটিস-এ তিনটি কারণে যেসংখ্যক মানুষ মারা যায়, তার চেয়ে বেশি মানুষ মারা যায় বায়ুদূষণের কারণে। পরিবেশ ও চিকিৎসাবিদ্যা মতে, বায়ু দূষণ থেকে ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (COPD) নামে শ্বাসতন্ত্রের যে রোগ হয়, তা বিশ্বজুড়ে মানুষের মৃত্যুর তৃতীয় প্রধান কারণ। সুইজারল্যান্ডভিত্তিক প্রতিষ্ঠান ২০২৩ সালের আইকিউএয়ারের প্রতিবেদনে দেখা যায়, বাংলাদেশের ঢাকার অবস্থান পৃথিবীর সবচেয়ে দূষিত বাতাসের শহর এবং দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে যথাক্রমে পাকিস্তান ও ভারতের শহর রয়েছে।

■ **খাদ্য দূষণ :** বেঁচে থাকতে হলে মানুষের প্রথমেই প্রয়োজন খাদ্যের। খাদ্যে ভেজাল কথাটি এখন সারা বিশ্বজুড়ে প্রচলিত। ভেজাল অর্থ এখন শুধু অসৎ ব্যবসায়ীর অসততা নয়, কৃত্রিম উপায়ে রাসায়নিক পদার্থ মিশানোকেও বোঝানো হয়। শাক-সবজি থেকে মাছ-মাংস সর্বত্রই নির্বিচারে রাসায়নিক দ্রব্য ব্যবহারের ফলে এসব খাদ্যদ্রব্যের স্বাভাবিক গুণ হারিয়ে যাচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) তথ্য অনুযায়ী, প্রতিবছর প্রতি ১০ জন মানুষের মাঝে একজন অনিরাপদ খাবার খেয়ে অসুস্থ হয়ে পড়ে। বিশেষ করে, বয়স্ক, গর্ভবতী নারী, পাঁচ বছরের কম শিশুরা, অপেক্ষাকৃত কম রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন মানুষ এই সমস্যার প্রধান শিকার।





■ **পানি দূষণ :** পানির সাথে কোনো অবাঞ্ছিত পদার্থ মিশে যাওয়ার ফলে যদি পানির ভৌত রাসায়নিক ও জৈব বৈশিষ্ট্যের পরিবর্তন হয় এবং তার ফলে জলজ উদ্ভিদ, প্রাণী ও মানুষের ক্ষতির আশঙ্কা থাকে তবে পানির সেই খারাপ অবস্থাকে পানি দূষণ বলে। পানি দূষণের ভয়াবহতা ঢাকার বুড়িগঙ্গা নদীর তীরবর্তী মানুষদের জীবনকে অতিষ্ট করে তুলেছে। এই চিত্র কেবল ঢাকায় নয় সারাবিশ্বে জনবহুল এলাকার সাধারণ সমস্যা। পয়ঃনিষ্কাষণ ব্যবস্থার ত্রুটিও পানি দূষণের অন্যতম কারণ। দ্য বাংলাদেশ কান্ট্রি এনভায়রনমেন্ট অ্যানালাইসিস (CEA) নামের রিপোর্ট অনুযায়ী বায়ু দূষণ, অনিরাপদ পানি, নিম্নমানের স্যানিটেশন ও হাইজিন এবং সীসা দূষণ বছরে ২.৭২ লাখের বেশি অকালমৃত্যুর কারণ এবং এর ফলে বছরে ৫.২ বিলিয়ন দিন অসুস্থতায় অতিবাহিত হয়।

■ **শব্দ দূষণ :** শব্দ দূষণ বলতে মানুষের বা কোনো প্রাণীর শ্রুতিসীমা অতিক্রমকারী কোনো শব্দ যার কারণে শ্রবণশক্তি ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকাকে বোঝায়। আমাদের শ্রবণ সীমার স্বাভাবিক মাত্রা ৪৫ ডেসিবেল। এর বেশি হলে তা শব্দ দূষণে পরিণত হয়। শব্দ দূষণ মূলত শহরকেন্দ্রিক সমস্যা। রাজধানীসহ দেশের প্রায় সব শহরই এখন নীরব ঘাতক শব্দ দূষণের কবলে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ৬০ ডেসিবল শব্দে মানুষের সাময়িক শ্রবণশক্তি নষ্ট হতে পারে এবং ১০০ ডেসিবল শব্দে চিরতরে শ্রবণশক্তি হারাতে পারে। অথচ রাজধানী ঢাকায় ১০৭ ডেসিবল পর্যন্ত শব্দ সৃষ্টি হচ্ছে।

■ **মাটি দূষণ :** মাটি দূষণ বলতে বোঝায়, মাটির প্রয়োজনীয় উপাদান হ্রাস ও অবাঞ্ছিত পদার্থসমূহের সঞ্চয়, যা বর্তমান প্রাণী ও উদ্ভিদ জগতের জন্য ক্ষতিকর। মাটি দূষণ বর্তমানে বাংলাদেশের অন্যতম সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এক তথ্য মতে, লবণাক্ততার কারণে ১৮ জেলার ৯৩ উপজেলার ১০.৫৬ লাখ হেক্টর কৃষিজমির মাটি কমবেশি দূষিত হয়ে পড়েছে। জৈব উপাদানের ঘাটতি ধরা পড়েছে প্রায় ৫২ লাখ হেক্টর কৃষিজমিতে। চাষিরা ফসলের ক্ষেতে অধিক পরিমাণে রাসায়নিক সার ও কীটনাশক প্রয়োগ করছে যা মাটির উর্বরশক্তিকে কমিয়ে দিচ্ছে।

■ **তেজস্ক্রিয় দূষণ :** প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট কারণে তেজস্ক্রিয় পদার্থের অতিরিক্ত ব্যবহার ও উৎপাদনের ফলে পরিবেশে তেজস্ক্রিয় পদার্থের মাত্রা বৃদ্ধি পাওয়ার ফলে যে দূষণ ঘটে, তাকে তেজস্ক্রিয়তাজনিত দূষণ বলে। বিশ্বের শক্তিধর রাষ্ট্রগুলো একের পর এক নতুন নতুন অস্ত্র তৈরি করছে এবং সেগুলোর পরীক্ষা চালাতে গিয়ে পরিবেশের মারাত্মক বিপর্যয় ঘটাচ্ছে। তেজস্ক্রিয় দূষণের জীবন্ত উদাহরণ জাপানের হিরোসিমা এবং নাগাসাকি। বিজ্ঞানীরা বিভিন্ন গবেষণা করে দেখতে পান, সমুদ্রের তলদেশে ১১ কিলোমিটারের কাছাকাছি স্থানে দূষিত তেজস্ক্রিয়তা 'বোম কার্বনের' অস্তিত্ব খুঁজে পায়। পারমাণবিক শক্তিধর দেশগুলো তাদের তৈরি বোমার শক্তিমত্তা যাচাইয়ে সমুদ্রের গভীরে বিস্ফোরণ ঘটিয়ে থাকে। সমুদ্রের প্রাণীরা সেই দূষণের শিকার হয়ে মারা যায় এবং তাদের বাস্তুসংস্থান বিনষ্ট হয়।

## পরিবেশ দূষণের ফলাফল

পরিবেশ দূষণের কারণে মানব সভ্যতা যেসকল ক্ষতির সম্মুখীন হয় তা নিম্নে দেওয়া হলো—

♦ বন্যা, খরা বেড়ে যাবে ♦ জীববৈচিত্র্য নষ্ট হবে ♦ বিকলাঙ্গ শিশুর জন্ম হবে ♦ মাটির উর্বরতা শক্তি কমে যাবে ♦ পানি দূষণের ফলে বিভিন্ন ধরনের জলজ প্রাণী মারা যাচ্ছে ও জলজ খাদ্যশৃঙ্খল ভেঙ্গে যাবে ♦ বৈশ্বিক উষ্ণতার ফলে পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি পাবে ♦ এল নিনো, লা নিনার প্রভাবে বন্যা, খরা, জলোচ্ছাস দেখা দিবে ♦ বায়ু দূষণের ফলে ফুসফুসের ক্যান্সার এবং হৃদরোগ দেখা দিবে ♦ খাদ্য দূষণে লিভার, কিডনি বা পাকস্থলীর কার্যকারিতা নষ্ট হবে।

## পরিবেশ দূষণের প্রতিকার

পরিবেশ দূষণ সমগ্র পৃথিবীর একটি বিরাট সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য সব রকম দূষণ থেকে আমাদের মুক্তি দিতে পারে একমাত্র উদ্ভিদ। অক্সিজেন প্রাণিজগতের বাঁচার জন্য অপরিহার্য। সবুজ উদ্ভিদ বা গাছ সালোকসংশ্লেষ প্রক্রিয়ার মাধ্যমে নিজের খাদ্য নিজে প্রস্তুত করতে পারে। তাই বেশি করে গাছ লাগাতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে। তাহলে বাতাসে কার্বন-ডাই অক্সাইডের ভারসাম্য বজায় থাকবে। কলকারখানা থেকে দূষণ নিয়ন্ত্রণ করার জন্য নিয়ন্ত্রক যন্ত্রের ব্যবস্থা গ্রহণ, যথা কলকারখানার বা নর্দমার তরল যাতে নদীর জলে না মিশে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। শব্দ দূষণ কমানোর জন্য শব্দ নিরোধক যন্ত্রের ব্যবহারের উপর জোর দিতে হবে। রাসায়নিক সারের পরিবর্তে জৈব সারের প্রয়োগ বেশি করে এবং কীটনাশকের পরিমাণ কমিয়ে মৃত্তিকা দূষণ রোধ সম্ভব।

বাংলাদেশ অনুন্নত বিশ্বের একটি দেশ। জনসংখ্যার ভারে পীড়িত ও প্রাকৃতিক সম্পদে দীন এই দেশটির পরিবেশ দূষণ এখন ভয়াবহ রূপ ধারণ করেছে। সমগ্র বিশ্বের পরিবেশবাদী আন্দোলনের সাথে বাংলাদেশের একাত্ম হওয়া দরকার।

"এ পৃথিবীকে এ শিশুর বাসযোগ্য করে যাবো আমি,
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।"

—সুকান্ত ভট্টাচার্য



Feature

# Trade Wars : Causes, Consequences and Future Prospects



A trade war is a form of economic conflict that typically stems from aggressive protectionist policies. When tariffs are the primary tool used, these conflicts may also be referred to as customs wars, toll wars, or tariff wars. Trade wars occur specifically when both nations engage in the same type of protectionist measures.

## Causes of Global Trade Wars

Trade wars arise from various economic, political and strategic motivations, often disrupting global commerce. Persistent trade imbalances prompt countries with deficits to impose tariffs, aiming to protect domestic industries and reduce dependence on foreign goods. Accusations of unfair trade practices, such as intellectual property theft, currency manipulation, and state subsidies, further fuel tensions, leading to retaliatory measures. Political and national security concerns also play a role, as governments leverage trade policies in response to geopolitical rivalries.

## Major trade wars in history

One of the earliest recorded trade disputes was the British Navigation Acts (1651-1849), which restricted foreign ships from carrying goods to England. In the 19th century, the Opium Wars (1839-1860) between Britain and China were partly fueled by trade imbalances, resulting in forced trade concessions from China. The Smoot-Hawley Tariff Act (1930) in the United States worsened the Great Depression by imposing high tariffs on imports. During the Cold War (1947-1991), economic conflicts arose between the U.S. and the Soviet Union, with each side restricting trade with the other and their respective allies. The U.S.-Japan trade disputes (1980s-1990s) saw America imposing tariffs on Japanese automobiles and electronics to protect domestic industries.

## Recent Causes of Global Trade Wars

♦ United trade wars against Russia : Since the Russian invasion of Ukraine, there are many trade sanctions and embargoes that have effectively created many trade conflicts. The sanctions placed on Russia by the US, EU and many other nations, and Russia's retaliatory measures, have created a very large trade conflict.

♦ First Trump tariffs : Since long before Trump became president in 2017, Trump had promoted tariffs on imports to retaliate against countries he believes are 'ripping-off' the United States. In January 2018, Trump imposed tariffs on commodities notably from China, which covered an estimated 4.1% of U.S. imports. In June 2018, this was extended to the European Union, Canada, and Mexico. The Trump administration separately set and escalated tariffs on goods imported from China, leading to a trade war. The tariffs angered trading partners, who implemented retaliatory tariffs on U.S. goods.

♦ Second Trump tariffs : After being reelected to a second term beginning in 2025, Donald Trump introduced a new wave of trade measures in 2025. The latest tariffs target imports from China, Canada and Mexico. In February 2025, Trump began announcing tariffs that would apply globally. On 4 March 2025, the Trump Administration officially implemented the previously paused tariffs on imports from Canada and Mexico while simultaneously increasing existing duties on Chinese goods by an additional 10%. But once again he pulled back from his trade war with Canada and Mexico. Trump also threatens reciprocal tariffs against other countries suggesting that the U.S. Could tax imported goods at the same level that other countries tax U.S. exports. Trump is using tariff as a vital tool to force other countries especially his allies and neighbours to come to a favourable term with his own agenda.





## Consequences of Global Trade Wars

Global trade wars have far-reaching consequences, affecting both the countries involved and the broader global economy. Higher tariffs raise costs for businesses and consumers, slowing economic growth and reducing trade activity. Industries that rely on complex global supply chains face disruptions, leading to increased production costs and inefficiencies. Import restrictions contribute to inflation by driving up the cost of goods and services, reducing consumer purchasing power. While protectionist policies aim to safeguard domestic industries, they can also backfire by reducing exports and causing job losses in affected sectors. Additionally, trade conflicts heighten geopolitical tensions, straining diplomatic relations and hindering international cooperation on critical issues like climate change and security. Market volatility further intensifies as uncertainty over trade policies leads to fluctuations in financial markets, impacting investor confidence and economic stability.

## Future Prospects

Trade wars, while detrimental, can be managed through a combination of diplomatic and economic strategies. Strengthening multilateral trade agreements and institutions like the WTO provides a framework for dispute resolution and fair trade rules. Bilateral negotiations between involved countries can also lead to targeted agreements that alleviate tensions and establish mutually beneficial trade terms. Diversifying supply chains is crucial for both businesses and governments, reducing reliance on single markets by expanding trade partnerships and investing in alternative suppliers. Furthermore, domestic policy reforms, such as reducing trade barriers and fostering technological innovation, can contribute to long-term economic stability.

## Positive Impacts of Trade Wars

While trade wars are generally viewed negatively, they can sometimes offer certain benefits to national economies. Increased tariffs can protect domestic industries from international competition, allowing them to grow and develop. This protection can also lead to job creation by encouraging domestic production and reducing reliance on imported goods. Trade barriers may contribute to a reduction in trade deficits by incentivizing domestic consumption. Furthermore, limited access to foreign products and materials can spur innovation as domestic industries seek to develop their own solutions and invest in new technologies.

## Negative Impacts of Trade

Despite any potential short-term gains, trade wars frequently trigger economic downturns and instability. Increased tariffs raise the price of imported goods, leading to inflation and diminished consumer purchasing power. Global supply chains, crucial for many industries, are disrupted by trade restrictions, increasing production costs and hindering business operations. Retaliatory measures and escalation are common, with affected countries responding with their own trade barriers, prolonging conflicts and damaging global economic stability. A decline in international trade follows, limiting market access for businesses, restricting growth and reducing overall economic activity.

## Balancing Trade Policies

Balancing the potential benefits and drawbacks of trade policies is crucial for sustainable economic growth. This involves negotiating fair and mutually beneficial trade agreements through diplomacy. Diversifying trade partnerships by expanding trade networks reduces reliance on single markets and mitigates economic risks. Rather than solely relying on trade restrictions, governments should invest in enhancing domestic competitiveness through research, development and infrastructure investment. Strengthening global institutions like the WTO is essential for mediating trade disputes and promoting fair trade practices.

Trade wars disrupt global supply chains, increase costs for businesses and consumers and often lead to retaliatory measures that harm multiple economies. While protectionist policies may benefit certain industries in the short term, they usually result in inefficiencies, reduced competitiveness, and slower economic growth. By adopting realistic and viable measures, nations can ensure a more stable and prosperous global economy while minimizing the negative impacts of trade wars.



# Short Notes

## Forensic Audit

Forensic Audit is a specialized examination of financial records to detect fraud, embezzlement, corruption, or other financial irregularities. It combines auditing, investigative techniques and legal expertise to uncover financial misconduct, often serving as evidence in legal proceedings. The first notable instance of forensic auditing can be traced back to the early 20th century when financial crimes became a growing concern in corporate and public sectors. The practice gained prominence after high-profile fraud cases, such as the Enron scandal in 2001, which led to stricter corporate governance regulations. Today, forensic audits are crucial in financial crime investigations, corporate governance and regulatory compliance. They help businesses, governments and law enforcement agencies detect fraudulent activities, ensure transparency and strengthen internal controls. Forensic auditors use advanced data analytics and digital tools to trace suspicious transactions. The rise of financial cybercrimes has further expanded the scope of forensic auditing, making it a vital tool for risk management. Besides fraud detection, forensic audits also assist in resolving shareholder disputes, assessing financial damages and ensuring compliance with anti-money laundering laws.

## Green Shipyard

A Green Shipyard refers to a shipbuilding and repair facility that adopts environmentally sustainable practices, energy-efficient technologies and ethical labor standards to minimize its ecological footprint. The concept emphasizes reducing emissions, optimizing resource usage and ensuring worker safety and fair labor conditions. The first instance of a green shipyard can be traced to initiatives in Europe and Japan in the early 21st century, where shipbuilding industries began integrating renewable energy, waste reduction measures and pollution control technologies to comply with stricter environmental regulations. Green shipyards focus on reducing carbon emissions by incorporating renewable energy sources, such as solar and wind power and using eco-friendly materials. Advanced wastewater treatment systems and responsible waste disposal methods help protect marine ecosystems. In terms of labor rights, these shipyards emphasize worker safety, fair wages and improved working conditions. The global push for decarbonization in shipping has further accelerated the adoption of green shipyard practices. Of the 50 shipyards Bangladesh has, only six have green certificates and 13 are in the process of becoming green, according to the data of the Bangladesh Ship Breakers and Recycling Association (BSBRA).

## Bureaucratic Complexity

Bureaucratic Complexity refers to the excessive layers of administrative procedures, regulations and red tape that make governance and decision-making slow, inefficient and cumbersome. It often leads to delays, increased costs and reduced transparency, hindering effective policy implementation and public service delivery. The first instance of bureaucratic complexity can be traced back to ancient administrative systems, such as those in Imperial China and the Roman Empire, where extensive record-keeping and hierarchical decision-making structures sometimes led to inefficiencies. The term gained prominence in modern governance with the expansion of state functions in the 20th century, particularly in large bureaucracies. Today, bureaucratic complexity poses significant challenges to good governance by creating obstacles to efficiency, accountability and responsiveness. It can stifle innovation, discourage investment and limit citizen access to essential services. Reducing bureaucratic complexity is essential for enhancing transparency, improving public trust and ensuring that governance remains agile and citizen-friendly. In Bangladesh, bureaucratic complexity significantly contributes to corruption by creating excessive administrative layers, lengthy procedures, and regulatory loopholes that allow bribery and favoritism to thrive. This undermines transparency, weakens public trust and deters foreign investment.







# পাঠকের জিজ্ঞাসা

**প্রশ্ন : এসপিওনাজ কী?**

**উত্তর :** এসপিওনাজ (Espionage) একটি স্প্যানিশ শব্দ। ইংরেজি অনুবাদ করলে-এর অর্থ দাঁড়ায় স্পাইয়িং (Spying) অর্থাৎ, গুপ্তচরবৃত্তি। যে ব্যক্তি গুপ্তচরবৃত্তি করে তাকে এসপিওনাজ এজেন্ট বা গোয়েন্দা বলে। বিশেষ করে বিদেশী সরকার বা প্রতিযোগী কোম্পানির পরিকল্পনা এবং কার্যকলাপ সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য গুপ্তচরবৃত্তি ব্যবহার করার অভ্যাসকে এসপিওনাজ বলে। *—নাফিস, খুলনা।*

**প্রশ্ন : পানির সাথে অ্যালকোহল মিশালে কী কী ঘটতে পারে?**

**উত্তর :** পানির সাথে অ্যালকোহল মিশালে অ্যালকোহলের OH–গ্রুপ পানির H (আংশিক ধনাত্মক চার্জযুক্ত) এর সাথে হাইড্রোজেন বন্ধন গঠনের মাধ্যমে পানিতে দ্রবীভূত হয়ে যায়। *—মো. ইউসুফ আলী, সরল খাঁ উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট।*

**প্রশ্ন : মানুষের হাঁচি কীভাবে ও কেন হয়?**

**উত্তর :** হাঁচি মূলত নাকের ভেতরের কিছু উত্তেজক পদার্থ প্রবেশের প্রতিক্রিয়া যা বেশ কয়েকটি ধাপের মাধ্যমে সম্পন্ন হয়। নাসারন্ধ্রের স্নায়ু উত্তেজিত হয় এবং মস্তিষ্কে সংকেত পাঠায় যে একটি অপরিচিত বা ক্ষতিকর কণা প্রবেশ করেছে। মস্তিষ্ক দ্রুত প্রতিক্রিয়া জানায় এবং নাসারন্ধ্র, গলা এবং মুখের পেশিগুলোকে সংকুচিত করে প্রস্তুত করে। এরপর আমরা গভীরভাবে শ্বাস নিই। ফলে আমাদের ফুসফুসে অতিরিক্ত বাতাস পূর্ণ হয়। হঠাৎ করে মুখ এবং নাসারন্ধ্রের পেশিগুলো মুক্ত হয়ে যায় এবং উচ্চ গতিতে বাতাস বেরিয়ে আসে এবং হাঁচির শব্দ সৃষ্টি করে। হাঁচির কয়েকটি সাধারণ কারণ হলো : ধুলা ও ময়লা, অ্যালার্জি, সর্দি ও ইনফেকশন, তীব্র গন্ধ ইত্যাদি।

*—কামরুজ্জামান বিন আবু তালেব, সাঘাটা, গাইবান্ধা।*

**প্রশ্ন : অ্যাটর্নি জেনারেল এবং প্রধান বিচারপতির মধ্যে পার্থক্য কী?**

**উত্তর :** প্রধান বিচারপতি একটি সাংবিধানিক পদ। তিনি বাংলাদেশ সুপ্রীম কোর্টের প্রধান ও সর্বোচ্চ বিচারপতি। দেশের বিভিন্ন সংকটজনক সময়ে তিনি প্রধান নির্বাহী হিসেবেও দায়িত্ব পালন করে থাকেন। অন্যদিকে, অ্যাটর্নি জেনারেল সরকারের নিয়োগকৃত রাষ্ট্র পক্ষের প্রধান আইন কর্মকর্তা বা উকিল। অ্যাটর্নি জেনারেল সরকারকে সংবিধান, সাধারণ আইন, আন্তর্জাতিক চুক্তি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আইনগত পরামর্শ দেন। সরকারের পক্ষে আদালতে উপস্থিত থাকেন। *—নাঈম খান তুর্য,বরিশাল বিশ্ববিদ্যালয়।*

**প্রশ্ন : Compton effect কী?**

**উত্তর :** উচ্চশক্তিসম্পন্ন ফোটন যখন কোনো লক্ষ্যবস্তুর (যেমন ইলেক্ট্রন) সাথে সংঘর্ষে লিপ্ত হয়ে বিক্ষিপ্ত হয়, তখন বিক্ষিপ্ত ফোটনের তরঙ্গ দৈর্ঘ্য আপতিত ফোটনের তরঙ্গ দৈর্ঘ্যের চেয়ে বেশি হয়। এ ঘটনাকে কম্পটন ক্রিয়া বা কম্পটন প্রভাব বলে। ১৯২৩ সালে আর্থার কম্পটন ঘটনাটি প্রমাণ করেন। তার নাম অনুসারে এ ঘটনাকে Compton effect বলে। *—ফারহান আবিদ, লক্ষীপুর সদর, লক্ষীপুর।*

**প্রশ্ন : সমন্বয়ক শব্দটির অর্থ কী? এর উৎপত্তি কোথায় থেকে?**

**উত্তর :** 'সমন্বয়ক' শব্দটি দুটি অংশে বিভক্ত। এটি 'সম' (এক সঙ্গে বা একরূপ) এবং 'অন্বয়' (সম্পর্ক স্থাপন) শব্দের মিলিত রূপ। অর্থাৎ, সমন্বয় বলতে বোঝায় এমন একটি প্রক্রিয়া যেখানে বিভিন্ন বিষয় বা উপাদানের মধ্যে সঠিক এবং প্রয়োজনীয় সম্পর্ক বা মিল স্থাপন করা হয়। আর সমন্বয়ক হলো একজন ব্যক্তি যিনি বিভিন্ন কার্যক্রম বা দলের মধ্যে সুষ্ঠু সম্পর্ক সাধন করেন বা তাদেরকে একত্রিত করে একটি নির্দিষ্ট লক্ষ্য অর্জনের জন্য কাজ করেন।

*—মোঃ আবু রায়হান, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।*

**প্রশ্ন : পীর আউলিয়াদের নামের শুরুতে ব্যবহৃত 'শাহ' শব্দ কেন ব্যবহার করা হয়?**

**উত্তর :** শাহ ফার্সি শব্দ। আধুনিক ফার্সি ভাষায় শাহ অর্থ বাদশাহ বা রাজা। ভারতবর্ষের সুলতানী আমলের শাসকেরা এবং মোগল শাসকেরা নিজেদের নামের সাথে শাহ পদবী ব্যবহার করতেন। এছাড়া সৈয়দ বংশের সূফি পীর, দরবেশদের নামের পদবীতে শাহ বহুল ব্যবহৃত হয়। সৈয়দরা নাম সংক্ষিপ্ত করণের জন্য সৈয়দ এর পরিবর্তে শাহ লিখেন। *—ইমাম হোসাইন; বাশিয়াল, কালিয়া, নড়াইল।*

**প্রশ্ন : কমিউনিস্ট শাসনব্যবস্থা বলতে কী বোঝায়?**

**উত্তর :** একটি কমিউনিস্ট রাষ্ট্র হলো একটি একদলীয় রাষ্ট্র যেখানে ক্ষমতার সম্পূর্ণতা এমন একটি দলের হাতে থাকে যারা কমিউনিস্ট মতাদর্শের একটি শাখা মার্কসবাদ-লেনিনবাদের কোনো না কোনো রূপ মেনে চলে। এটি মার্কসবাদী-লেনিনবাদী রাষ্ট্র নামেও পরিচিত।

*—আশরাফুল তুষার, সহকারী শিক্ষক, গজারিয়া, মুন্সীগঞ্জ।*

**প্রশ্ন : টেস্ট, ওয়ানডে এবং ডে নাইট টেস্টে কেন ভিন্ন ধরনের বল ব্যবহার করা হয়?**

**উত্তর :** সাদা বল দিয়ে ওয়ানডে এবং টি-২০ খেলা হয়, লাল বল দিয়ে টেস্ট খেলা হয় অপরদিকে গোলাপি বল দিয়ে দিবারাত্রির টেস্ট ম্যাচ খেলা হয়। ওয়ানডে এবং টি-২০তে ক্রিকেটাররা রঙিন জার্সি পরে নামেন তাই স্পষ্টভাবে বল দেখার জন্য সাদা বলে খেলা হয়। তেমনই টেস্ট ক্রিকেটে সাদা রংয়ের জার্সি পরে ক্রিকেটাররা মাঠে নামলেও, স্পষ্টভাবে বল দেখার জন্য খেলা হয় লাল বলে। দিবা-রাত্রির টেস্টে ক্রিকেটাররা সাদা পোশাক পরে নামেন। সেক্ষেত্রে একই রঙের বা লাল বল ব্যবহারে সমস্যা হয়। তাই লাল ও সাদার মধ্যবর্তী রং হিসেবে গোলাপি বল বেছে নেওয়া হয়। *—ইমরান মজুমদার, শ্রীবরদী, শেরপুর।*

আপনার যেকোনো জিজ্ঞাসা নাম ঠিকানাসহ পাঠিয়ে দিন ca@professorsbd.com-এ বা ডাকে।

# পাললিক সৌন্দর্যের ভূমি
# কুড়িগ্রাম




**জানেন কি : কুড়িগ্রাম জেলা**
- আয়তনে : দেশের ৩০তম
  রংপুর বিভাগে : তৃতীয়
- জনসংখ্যায় : দেশের ২৯তম
  রংপুর বিভাগে : চতুর্থ

## পটভূমি
ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন আমলে কুড়িগ্রাম চারটি বিভাগে (থানা) বিভক্ত ছিল। এ বিভাগগুলো হলো— বড়বাড়ী, উলিপুর, চিলমারী ও নাগেশ্বরী। এখান থেকে কোম্পানির কালেক্টররা নিয়মিত রাজস্ব আদায় করতো। তখন কুড়িগঞ্জ ছিল বড়বাড়ী বিভাগের একটি স্থান, বালাবাড়ী ছিল কুড়িগঞ্জের প্রধান কেন্দ্র। এখন সে বালাবাড়ী পাটেশ্বরীর পাশে অবস্থিত। ২২ এপ্রিল ১৮৭৫ কুড়িগ্রাম মহকুমার জন্ম হয়। এরপর ২৪ জানুয়ারি ১৯৮৪ কুড়িগ্রাম জেলায় উন্নীত হয়।

## নামকরণ
কুড়িগ্রাম জেলার নামকরণের ইতিহাস নিয়ে অনেক কিংবদন্তির নাম জড়িত রয়েছে। জানা যায়, কোনো এক সময় মহারাজা বিশ্ব সিংহ কুড়িটি জেলে পরিবারকে উচ্চ শ্রেণির হিন্দুরূপে স্বীকৃতি দিয়ে এ অঞ্চলে প্রেরণ করেন। এ কুড়িটি পরিবারের আগমনের কাহিনি থেকে কুড়িগ্রাম জেলার নামকরণ করা হয়। বিলু কবীরের লেখা 'বাংলাদেশের জেলা নামকরণের ইতিহাস' বই থেকে জানা যায়, এখানে কুড়িটি মেছ তৈলজীবী পরিবারের বসতি ছিল বলে এরকম নামকরণ হয়। আরেকটি লোকশ্রুতি হলো— এই অঞ্চল একদা ছিল কুচবিহার রাজ্যের অন্তর্গত। কুচবিহারের বাসিন্দাদের বলা হয় কোচ। সুবিধা বঞ্চিত নিচু শ্রেণির এই হিন্দু কোচদের কুড়িটি পরিবারকে সেখান থেকে এখানে প্রেরণ করা হয় বসতি স্থাপনের জন্য। ঐ কুড়িটি কোচ পরিবারের কারণে 'কুড়িগ্রাম' নামকরণ করা হয়।

## সাধারণ তথ্যাবলি
- প্রতিষ্ঠা : ২৩ জানুয়ারি ১৯৮৪
- সীমানা : উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, দক্ষিণে গাইবান্ধা ও জামালপুর, পূর্বে ভারতের আসাম ও মেঘালয়, পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ, লালমনিরহাট ও রংপুর জেলা।
- আয়তন : ২,২৪৫.০৪ বর্গ কিমি
- জনসংখ্যা : ২৩,২৯,১৬০ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ১,০৩৭ জন
- সাক্ষরতা (৭ বছর ঊর্ধ্বে) : ৭১.৩% [SVRS ২০২৩]

## প্রশাসনিক কাঠামো
- উপজেলা : ৯টি— কুড়িগ্রাম সদর, চিলমারী, রৌমারী, রাজারহাট, ফুলবাড়ী, ভুরুঙ্গামারী, নাগেশ্বরী, উলিপুর ও চর রাজিবপুর।
- থানা : ১০টি
- পৌরসভা : ৩টি—কুড়িগ্রাম, উলিপুর ও নাগেশ্বরী।
- ইউনিয়ন : ৭৩টি
- সংসদীয় আসন : ৪টি।
- প্রধান নদনদী ➤ ধরলা, বুড়ি, তিস্তা, দুধকুমার, ফুলকুমার, সোনাভরি, জিঞ্জিরাম, হলহলিয়া, নীলকমল, শিয়ালদহ, বোয়ালমারি ও ধরণী ইত্যাদি।

## মুক্তিযুদ্ধে কুড়িগ্রাম
- সেক্টর ➤ ৬ নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  - ৪ অক্টোবর : চর রাজিবপুর ও রৌমারী
  - ১৪ নভেম্বর : ভুরুঙ্গামারী
  - ২৯ নভেম্বর : নাগেশ্বরী
  - ৫ ডিসেম্বর : উলিপুর
  - ৬ ডিসেম্বর : কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজারহাট
- ফুলবাড়ী মুক্তাঞ্চল ছিল।

## উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান
- কুড়িগ্রাম সদর : ধরলা ব্রিজ ও বিজয় স্তম্ভ।
- চিলমারী : চিলমারী নদীবন্দর, ভাসমান তেল ডিপো ও বাহারের ঘাট।
- রৌমারী : বড়াইবাড়ি স্মৃতিসৌধ।
- রাজারহাট : শাহী মসজিদ ও চান্দামারী মসজিদ।
- ফুলবাড়ী : ফুলসাগর লেক।
- ভুরুঙ্গামারী : জয়মনিরহাট জমিদার বাড়ি।
- নাগেশ্বরী : ভিতরবন্দ রাজবাড়ি।
- উলিপুর : টুপামারী বিল।
- চর রাজিবপুর : বেহুলার চর।

## উল্লেখযোগ্য ব্যক্তিত্ব
আব্বাসউদ্দীন আহমদ (সঙ্গীতশিল্পী), অজিত রায় (স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম সংগঠক), বাদল খন্দকার (চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক), ভবানী পাঠক (ব্রিটিশবিরোধী নেতা), রমণীকান্ত নন্দী (শহিদ বুদ্ধিজীবী), কানাই লাল সরকার (প্রাদেশিক পরিষদের সদস্য), শামসুল হক চৌধুরী (কুড়িগ্রাম জেলার সাবেক গভর্নর ও বীর মুক্তিযোদ্ধা), আমজাদ হোসেন তালুকদার (মুক্তিযুদ্ধের সংগঠক)।



### তারামন বিবি (বীর প্রতীক)
(১৯৫৭-১ ডিসেম্বর ২০১৮)

তারামন বিবি কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলার শংকর মাধবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। বাংলাদেশের দুইজন বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধার একজন তিনি। তারামন বিবি ১১ নম্বর সেক্টরে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সৈনিকদের সঙ্গে কুড়িগ্রাম জেলার কয়েকটি সশস্ত্র যুদ্ধে বীরত্বের সাথে অংশগ্রহণ করেন।



### সৈয়দ শামসুল হক
(২৭ ডিসে. ১৯৩৫-২৭ সেপ্টে. ২০১৬)

সৈয়দ শামসুল হক কুড়িগ্রামে জন্মগ্রহণ করেন। বাংলাদেশের প্রথিতযশা কবি, উপন্যাসিক। তিনি একজন সব্যসাচী লেখক। তার উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে খেলারাম খেলে যা, নিষিদ্ধ লোবান ও নাটক পায়ের আওয়াজ পাওয়া যায়।





# গাইবান্ধা
স্বাদে ভরা রসমঞ্জুরীর প্রাণ
চরাঞ্চলের ভুট্টা-মরিচ গাইবান্ধার প্রাণ

**জানেন কি : গাইবান্ধা জেলা**
- আয়তনে দেশের : ৩২তম
  রংপুর বিভাগে : চতুর্থ
- জনসংখ্যায় দেশের : ২৬তম
  রংপুর বিভাগে : তৃতীয়

## পটভূমি
২৭ আগস্ট ১৮৫৮ গাইবান্ধা জেলা বৃহত্তর রংপুর জেলার অধীনে ভবানীগঞ্জ নামে একটি মহকুমা গঠিত হয়। ৭ ডিসেম্বর ১৮৬৬ সদর মহকুমা গঠিত হয়। ১৮৭৫ সালে ভবানীগঞ্জ নদীগর্ভে বিলীন হলে মহকুমা সদর দপ্তর গাইবান্ধায় স্থানান্তরিত হয়। এই এলাকা এক সময় বাহরবন্দ পরগনার অন্তর্ভুক্ত ছিল। ১৯২৩ সালে গাইবান্ধা শহরটি মিউনিসিপ্যালিটিতে রূপান্তর হয়। ১৯৬০ সালে মিউনিসিপ্যালিটি বিলুপ্ত হয়ে গাইবান্ধা টাউন কমিটি গঠিত হয়। ১৯৭৩ সালে শহর এলাকা গাইবান্ধা পৌরসভায় রূপান্তরিত হয়। ১৫ ফেব্রুয়ারি ১৯৮৪ সালে জেলা পুনর্বিন্যাসের ফলে বৃহত্তর রংপুর জেলা বিভক্ত হয়ে রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী ও গাইবান্ধা জেলা স্থাপিত হয়।

## নামকরণ
প্রচলিত রয়েছে পাঁচ হাজার বছর আগে মৎস্য দেশের রাজা বিরাটের রাজধানী ছিল গাইবান্ধার গোবিন্দগঞ্জ থানা এলাকায়। তার গাভীর সংখ্যা ছিল ষাট হাজার। মাঝে মাঝে ডাকাতরা এসে বিরাট রাজার গাভী লুণ্ঠন করে নিয়ে যেত। সে জন্য বিরাট রাজা একটি বিশাল পতিত প্রান্তরে গো-শালা স্থাপন করেন। সেই নির্দিষ্ট স্থানে গাভীগুলোকে বেঁধে রাখা হতো। প্রচলিত কিংবদন্তী অনুসারে এই গাভী বেঁধে রাখার স্থান থেকে এতদঞ্চলের কথ্য ভাষা অনুসারে এলাকার নাম হয় গাইবাঁধা এবং কালক্রমে তা গাইবান্ধা নামে পরিচিতি লাভ করে।

## সাধারণ তথ্যাবলি
- প্রতিষ্ঠা : ১৫ ফেব্রুয়ারি ১৯৮৪
- সীমানা : উত্তরে তিস্তা নদী এবং কুড়িগ্রাম জেলার চিলমারী, পশ্চিমে রংপুর জেলার মিঠাপুকুর ও পীরগঞ্জ, দক্ষিণে বগুড়া জেলার শিবগঞ্জ ও সোনাতলা এবং পূর্ব পার্শ্বে বহমান ব্রহ্মপুত্র নদ।
- আয়তন : ২,১১৪.৭৭ বর্গ কিমি
- জনসংখ্যা : ২৫,৬২,২৩৩ জন [জনশুমারি ২০২২]
- ঘনত্ব (প্রতি বর্গ কিমি) : ১,২১২ জন
- সাক্ষরতা (৭ বছর ও ঊর্ধ্বে) : ৭৪.৫% [SVRS ২০২৩]

## প্রশাসনিক কাঠামো
- উপজেলা : ৭টি— সদর, সুন্দরগঞ্জ, সাদুল্লাপুর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, ফুলছড়ি ও সাঘাটা।
- থানা : ৭টি
- পৌরসভা : ৪টি— (গাইবান্ধা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ, ও পলাশবাড়ী)
- ইউনিয়ন : ৮১টি ◆ সংসদীয় আসন : ৫টি।
- প্রধান নদনদী ➤ ঘাঘট, বাঙালি, মানস, আখিরা, কাটাখালী, নলেয়া, আলাই ও করতোয়া।
- আন্তঃসীমান্ত নদী ➤ তিস্তা, ব্রহ্মপুত্র।

## মুক্তিযুদ্ধে গাইবান্ধা
- সেক্টর ➤ ৬, ৭ ও ১১নং
- হানাদার বা শত্রুমুক্ত দিবস
  - ৪ ডিসেম্বর : ফুলছড়ি
  - ৬ ডিসেম্বর : সাদুল্লাপুর ও পলাশবাড়ি
  - ৭ ডিসেম্বর : গাইবান্ধা সদর ও সুন্দরগঞ্জ
  - ৮ ডিসেম্বর : সাঘাটা
  - ১২ ডিসেম্বর : গোবিন্দগঞ্জ

## উল্লেখযোগ্য স্থাপনা ও দর্শনীয় স্থান
- গোবিন্দগঞ্জ : কামারের হাট, প্রাচীন মাস্তা মসজিদ, ফুলপুকুরিয়া পার্ক, রংপুর সুগার মিলস লিমিটেড ও বিরাট রাজার ঢিবি।
- সাদুল্লাপুর : পেরিমাধব জমিদার বাড়ি, নলডাঙ্গার জমিদার বাড়ি, ঘেগার বাজার মাজার, হযরত শাহ জামাল মাজার শরীফ, জামালপুর শাহী মসজিদ ও পাকুড়িয়া বিল।
- ফুলছড়ি : বালাসী ঘাট, ফ্রেন্ডশিপ সেন্টার, নৌ বন্দর ও তিস্তামুখ ঘাট।
- গাইবান্ধা সদর : গাইবান্ধা পৌর পার্ক ও এসকেএস ইন।
- সুন্দরগঞ্জ : বামনডাঙ্গা জমিদার বাড়ি ও আলিবাবা থিম পার্ক।
- পলাশবাড়ী : ড্রীমল্যান্ড, পঞ্চবটী মহাশ্মশান ও বধ্যভূমি।
- সাঘাটা : ড্রীম সিটি পার্ক।



## উল্লেখযোগ্য ব্যক্তিত্ব
খান বাহাদুর আব্দুল মজিদ (রংপুর জেলা বোর্ড ও লোকাল বোর্ডের সদস্য), আবু হোসেন সরকার (পূর্ব পাকিস্তান প্রাদেশিক সরকারের মুখ্যমন্ত্রী), শাহ আব্দুল হামিদ (গণপরিষদের প্রথম স্পিকার), আখতারুজ্জামান ইলিয়াস (সাহিত্যিক), মকবুলার রহমান সরকার (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য), মোহাম্মদ হাসান আলী খান (সাবেক নৌ প্রধান), ফজলে রাব্বী মিয়া (সাবেক ডেপুটি স্পিকার), রুবেল মিয়া (ফুটবলার), আহমেদ হোসেইন (অবিভক্ত বাংলার কৃষি মন্ত্রী), বদিউল আলম (বীর উত্তম)।

## দেশের সর্ববৃহৎ সৌর বিদ্যুৎকেন্দ্র
২ আগস্ট ২০২৩ দেশের সবচেয়ে বড় সৌর বিদ্যুৎকেন্দ্র তিস্তা সোলার লিমিটেডের উদ্বোধন করা হয়। গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় অবস্থিত অনাবাদি চরের ৬৫০ একর জমিতে বিদ্যুৎকেন্দ্রটি নির্মাণ করে বেক্সিমকো গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান বেক্সিমকো পাওয়ার লিমিটেড। ৮ জানুয়ারি ২০২৩ কেন্দ্রটি চালু হয়। এ কেন্দ্র থেকে প্রতিদিন ২০০ মেগাওয়াট বিদ্যুৎ যোগ হয় জাতীয় গ্রিডে।

# স্বাস্থ্যবার্তা

পুষ্টিগুণের অভাব, ভাইরাস-ব্যাকটেরিয়ার সংক্রমণ কিংবা জন্মগতভাবে আমরা নানা জটিল রোগে আক্রান্ত হই। এর মধ্যে অটিজম ও ম্যালেরিয়া অন্যতম। ২ এপ্রিল অটিজম ও ২৫ এপ্রিল ম্যালেরিয়া দিবস উপলক্ষ্যে এ দুটি রোগ নিয়ে আমাদের এবারের আয়োজন।



## অটিজম

অটিজম হলো শিশুর মস্তিষ্কের বিকাশজনিত সমস্যা। যেখানে শিশুদের মধ্যে সামাজিক যোগাযোগ, সামাজিক আচরণ, সামাজিক কল্পনা ইত্যাদি ক্ষেত্রসমূহে বেশ সমস্যা লক্ষ্য করা যায়। শিশুর জন্মের প্রথম তিন বছরের মধ্যে এর লক্ষণ প্রকাশ পায়। অটিজমে আক্রান্ত শিশুর বিকাশ তিনটি ক্ষেত্রে বাধাগ্রস্ত হয়।



- **সামাজিক সম্পর্ক স্থাপনে বাধা :** অন্য কোনো ব্যক্তির প্রতি আগ্রহ না থাকা, কে কী করছে, তা নিয়ে কৌতূহল না থাকা। অন্যের আচরণ বোঝতে না পারা।
- **যোগাযোগ স্থাপনে বাধা :** মুখের ভাষায় কথা বলতে না শেখা। কিছু কিছু কথা বলতে পারলেও অন্যের সঙ্গে আলাপচারিতায় সমর্থ না হওয়া। ইশারা-ইঙ্গিত করতে না পারা।
- **আচরণের ভিন্নতা :** পুনরাবৃত্তিমূলক আচরণ করা, একই কাজ বারবার করা, একই খেলা বারবার খেলা। অন্যের সঙ্গে যোগাযোগ ও আচরণের সীমাবদ্ধতা। এছাড়া এ ধরনের শিশুরা নাম ধরে ডাকলে সাড়া দেয় না।

### ■ যে কারণে হয়

অটিজমের সুনির্দিষ্ট কোনো কারণ এখন পর্যন্ত নির্ণয় করা না গেলেও কোনো কোনো বিজ্ঞানী মনে করেন, এর পেছনে দুটি কারণ রয়েছে— ১. জিনগত সমস্যা ও ২. পরিবেশগত সমস্যা।

### ■ অটিজমের প্রাথমিক লক্ষণ

১২ মাস বয়সের মধ্যে আধো আধো বোল না বলা, পছন্দের বস্তুর দিকে ইশারা না করা ● ১৬ মাসের মধ্যে কোনো একটি শব্দ বলতে না পারা ● ২৪ মাস বয়সের মধ্যে দুই বা ততোধিক শব্দ দিয়ে মনের ভাব প্রকাশ করতে না পারা ● ভাষার ব্যবহার রপ্ত করতে পারার পর আবার ভুলে যাওয়া ● বয়স উপযোগী সামাজিক আচরণ করতে না পারা।

### ■ অটিজমের সাথে যেসব সমস্যা থাকতে পারে

খিঁচুনি (মৃগী) ● অতিচঞ্চলতা (হাইপার এক্টিভিটি) ● স্বল্পবুদ্ধিসম্পন্ন ● হাতের কাজ করতে জটিলতা ● হজমের সমস্যা ● দাঁতের সমস্যা।

## ম্যালেরিয়া

মশাবাহিত ভয়াবহ রোগগুলোর মধ্যে অন্যতম ম্যালেরিয়া। ম্যালেরিয়া মশাবাহিত প্লাজমোডিয়াম পরজীবী দ্বারা সৃষ্ট একটি রোগ। তবে এটা শুধু সংক্রমিত স্ত্রী অ্যানোফেলিস মশার কামড়েই হয়ে থাকে। একইভাবে মশার কামড়েই এই রোগ ছড়ায়। পার্বত্য জেলাগুলোয় ম্যালেরিয়ার প্রকোপ বেশি। তবে ঢাকা বা অন্যান্য জেলাও এই ঝুঁকির বাইরে নয়। ম্যালেরিয়া সারা বছরই হতে পারে, তবে বর্ষাকালে ম্যালেরিয়ার আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি থাকে।

### ■ লক্ষণসমূহ

এই রোগের প্রধান লক্ষণ নির্দিষ্ট সময় পরপর কাঁপুনি দিয়ে জ্বর আসা। এ সময় জ্বর ১০৪-১০৬ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত উঠানামা করতে পারে। নির্দিষ্ট বিরতিতেও জ্বর আসা-যাওয়া করে। হতে পারে একদিন পর পর জ্বর আসছে এবং তা তিন চার দিন দীর্ঘ হওয়ার পর ঘাম দিয়ে কমে যাচ্ছে। এক্ষেত্রে জ্বর ছেড়ে গেলে শরীরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়েও কমে যেতে পারে। জ্বর ছাড়াও এই রোগের অন্যান্য লক্ষণগুলোর মধ্যে রয়েছে—গায়ে প্রচণ্ড ব্যথা ● মাথাব্যথা ● খিঁচুনি ● মাথারি থেকে তীব্র কাঁপুনি বা শীত শীত অনুভব করা ● অনিদ্রা ● অত্যধিক ঘাম হওয়া ● ক্লান্তি বা অবসাদ অনুভব করা ● অ্যানিমিয়া বা রক্তশূন্যতা দেখা দেওয়া।

### ■ চিকিৎসা ও করণীয়

ম্যালেরিয়ার উপসর্গ দেখা দিলে ডাক্তারের পরামর্শ নিয়ে দ্রুতই টেস্ট করিয়ে ফেলা উচিত। তবে তা অবশ্যই ঔষধ শুরু করার আগে করতে হবে। বেশির ভাগ ক্ষেত্রেই ম্যালেরিয়ার রোগী এক সপ্তাহের মধ্যে সুস্থ হয়ে যান। তবে কোনো জটিলতা থাকলে অনেক সময় রোগীর মৃত্যু পর্যন্ত ঘটে। মনে রাখতে হবে, চিকিৎসকের পরামর্শ ছাড়া কখনোই কোনো ঔষধ খাওয়া যাবে না।



### ■ প্রতিরোধ

এখনও পর্যন্ত ম্যালেরিয়া প্রতিরোধের জন্য কার্যকর কোনো টিকা আবিষ্কৃত হয়নি, তবে একটু সতর্ক থাকলেই এ রোগ সম্পূর্ণ প্রতিকার ও প্রতিরোধ করা সম্ভব ● সন্ধ্যার আগে ঘরের জানালা বন্ধ করুন ● দিনে-রাতে, যেকোনো সময় ঘুমানোর সময় অবশ্যই মশারি বা কয়েল ব্যবহার করুন ● ঘরের আশপাশে, বাগানে বা ছাদের কোথাও যেন পানি জমে মশা বংশবিস্তার না করতে পারে, সেদিকে খেয়াল রাখুন।





# সুস্থ জীবনের জন্য ফিজিওথেরাপি



ফিজিওথেরাপি চিকিৎসাবিজ্ঞানের একটি শাখা, যেখানে ব্যথা, আঘাত বা শারীরিক অক্ষমতা কাটিয়ে উঠতে বিভিন্ন শারীরিক কৌশল, ব্যায়াম এবং থেরাপির ব্যবহার করা হয়। এটি রোগীর দৈনন্দিন জীবনে শারীরিক কার্যক্রম ও গতিশীলতা উন্নত করতে সাহায্য করে। ফিজিও (শারীরিক) ও থেরাপি (চিকিৎসা) এ দুইটি শব্দ থেকে এসেছে ফিজিওথেরাপি শব্দটি। এ পদ্ধতির চিকিৎসকরা ফিজিওথেরাপিস্ট নামে পরিচিত।

## ইতিহাস

খ্রিষ্টপূর্ব ৪৬০ বর্ষের দিকে প্রথমে হিপোক্রেটিস এবং পরবর্তী সময়ে গেইলিয়াস বিভিন্ন সফট টিস্যু মোবিলাইজেশন, ম্যানুয়াল থেরাপি টেকনিক, হাইড্রোথেরাপি প্রভৃতির মাধ্যমে ফিজিওথেরাপি চিকিৎসার সূচনা করেন। ১৮১৩ সালে সুইডিশ জিমন্যাস্ট ও কবি পের হেনরিক লিং রয়্যাল সেন্ট্রাল ইনস্টিটিউট অব জিমন্যাস্টিক স্থাপন করেন, যেখানে সফট টিস্যু মোবিলাইজেশন, ম্যানিপুলেশন এবং এক্সারসাইজের মাধ্যমে চিকিৎসা শুরু করা হয়। ফিজিওথেরাপি চিকিৎসার জনক পের হেনরিক লিং (Pehr Henrik Ling) যাকে 'ফাদার অব সুইডিশ জিমন্যাস্টিক'ও বলা হয়ে থাকে।

## বাংলাদেশে ফিজিওথেরাপি

১৯৬০ সালে বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসার লক্ষ্যে ফিরোজা বারি হাসপাতালে প্রথম ফিজিওথেরাপি চিকিৎসা শুরু হয়। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা ও পুনর্বাসনের জন্য জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (NITOR) প্রতিষ্ঠিত হয়। ১৯৭২-৭৩ সালে NITOR প্রথম ফিজিওথেরাপির ওপর স্নাতক শিক্ষা চালু করে। ২টি ব্যাচ স্নাতক সম্পন্ন করার পর কোর্সটি বন্ধ করে দেওয়া হয়। ১৯৯৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের অধীনে ফিজিওথেরাপির স্নাতক কোর্সটি পুনরায় শুরু হয় এবং পরবর্তী সময়ে ১৯৯৯ সালে একই অনুষদের অধীনে বাংলাদেশ হেলথ প্রফেশন্স ইনস্টিটিউটে (BHPI) এ কোর্স শুরু হয়। এরই ধারাবাহিকতায় দেশের প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছর মেয়াদি ব্যাচেলর অব ফিজিওথেরাপি কোর্স চালু করে।

## ফিজিওথেরাপিস্টের প্রকারভেদ

বাংলাদেশে বিভিন্ন মানের ফিজিওথেরাপিস্ট রয়েছে—

- **কোয়ালিফাইড :** কোয়ালিফাইড ফিজিওথেরাপিস্ট হতে চাইলে কমপক্ষে ৪ বছরের কোর্স ও ১ বছরের ইন্টার্নশিপসহ ফিজিওথেরাপি বিষয়ে ব্যাচেলর বা স্নাতক ডিগ্রি গ্রহণ করতে হয়। শুধুমাত্র স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীদেরই 'ফিজিওথেরাপিস্ট' বলা হয়ে থাকে।
- **ডিপ্লোমা :** যিনি ফিজিওথেরাপি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা কোর্স করেছেন, তাকে ডিপ্লোমা ফিজিওথেরাপিস্ট বলা হয়। তিনি একজন কোয়ালিফাইড ফিজিওথেরাপিস্টের তত্ত্বাবধানে চিকিৎসাসেবা প্রদান করতে পারবেন।
- **অ্যাসিস্ট্যান্ট :** মাত্র ১ বছরের কোর্স সম্পন্ন করে অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্ট হওয়া যায়। তবে একজন অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্টকে অবশ্যই একজন কোয়ালিফাইড ফিজিওথেরাপিস্টের তত্ত্বাবধানে চিকিৎসা সেবা দিতে হবে।

## ফিজিওথেরাপির পদ্ধতি

- থেরাপিউটিক ব্যায়াম : পেশি শক্তিশালী করা এবং গতি পুনরুদ্ধার করতে বিশেষ ব্যায়াম।
- ম্যানুয়াল থেরাপি : হাতের মাধ্যমে ম্যাসাজ, জয়েন্ট মোবিলাইজেশন বা টিস্যু রিলিজ করা।
- ইলেক্ট্রোথেরাপি : ব্যথা কমাতে এবং পেশি শিথিল করতে আল্ট্রাসাউন্ড, টেনস বা লেজার থেরাপি ব্যবহার করা।
- হিট বা কোল্ড থেরাপি : শরীরের বিভিন্ন অংশে গরম বা ঠান্ডা সেঁক দিয়ে ব্যথা ও ফোলাভাব কমানো।
- মেকানিকাল থেরাপি : ট্রাকশন বা অন্যান্য যন্ত্রের মাধ্যমে পেশি ও জয়েন্টে চাপ দেওয়া বা শিথিল করা।

## ফিজিওথেরাপি প্রয়োগের ক্ষেত্র

পেশি, লিগামেন্ট বা হাড়ের আঘাত ● কোমর ব্যথা, ঘাড় ব্যথা, সায়াটিকা ● স্ট্রোক, প্যারালাইসিস বা নার্ভ ইনজুরি ● অ্যাজমা বা COPD রোগীদের শ্বাস নিতে সাহায্য করা ● হাড় বা জয়েন্ট প্রতিস্থাপনের পরে পুনর্বাসন।

## ফিজিওথেরাপি যাদের জন্য

- যারা শারীরিক আঘাত বা অস্ত্রোপচারের পর দ্রুত সুস্থ হতে চান।
- বয়স্করা যারা আর্থ্রাইটিস বা হাঁটুর ব্যথায় ভোগেন।
- আঘাতপ্রাপ্ত খেলোয়াড়, যারা পুনরায় মাঠে ফিরতে চান।
- যারা দীর্ঘমেয়াদি ব্যথা বা গতিশীলতার সমস্যায় ভুগছেন।

লেখক : ডা. মো. ফুরাতুল হক
বিপিটি, এমপিটি, এমএসএস
জুনিয়র কনসালটেন্ট, ইমপালস হাসপাতাল
লেকচারার, সাইক কলেজ অব মেডিকেল সাইন্স অ্যান্ড টেকনোলজি

# বিচিত্র বিশ্ব

## দাম্পত্য জীবনের বিশ্বরেকর্ড

ব্রাজিলের মানোয়েল অ্যাঞ্জেলিম ডিনো (১০৫) ও মারিয়া ডি সুজা ডিনোর (১০১) ভালোবাসার কোনো সীমা নেই। তারা একসঙ্গে আছেন অবিশ্বাস্য ৮৪ বছর ৭৭ দিন। দীর্ঘ দাম্পত্য জীবনের জন্য তারা গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা করে নেন বিশ্বের সবচেয়ে দীর্ঘতম জীবিত বিবাহিত দম্পতি হিসেবে। তাদের ১০০ জনের বেশি নাতি-নাতনি রয়েছে। ১৯৪০ সালে ব্রাজিলের সেয়ারা প্রদেশের বোয়া ভেন্তরার এক ছোট্ট চ্যাপেলে তাদের বিয়ে হয়।

## মশার জন্য নগদ পুরস্কার

ফিলিপাইনের নগরকেন্দ্রগুলোর একটির কর্তৃপক্ষ মশা ধরা কিংবা মারার জন্য পুরস্কার হিসেবে নগদ অর্থ দেওয়ার ঘোষণা দেয়। মূলত প্রাণঘাতী ডেঙ্গুর বিস্তার রোধে এমন সিদ্ধান্ত নেওয়া হয়। ফিলিপাইনের বারাঙ্গে অ্যাডিশনাল হিলিসের গ্রামপ্রধান বলেন কেউ পাঁচটি মশা জমা দিতে পারলেই এক পেসো (স্থানীয় মুদ্রা) পুরস্কার পাবেন।

## হাসির জাদুঘর

আধুনিক জীবনে নেতিবাচক ঘটনার ভিড়ে অনেকেই হাসতে ভুলে গেছেন। এসব মানুষের কথা চিন্তা করে ক্রোয়েশিয়ার রাজধানী জাগরেবে চালু হয় একটি হাসির জাদুঘর। এ জাদুঘরের নাম 'হাহা হাউস'। এটি হলো বিশ্বের প্রথম জাদুঘর, যা সম্পূর্ণরূপে দর্শনার্থীদের হাসানোর জন্য তৈরি করা হয়। এ জাদুঘরের অন্যতম আকর্ষণ হাস্যরস সৃষ্টি করা। জাদুঘরের প্রতিষ্ঠাতা ৪৩ বছর বয়সি উদ্যোক্তা আন্দ্রেয়া গোলুবিক।

## এক দিনে ছয় রেকর্ড



ভারতের মহারাষ্ট্রের ১৪ বছরের কিশোর আরিয়ান শুক্লা মুখে মুখেই ক্যালকুলেটরের চেয়েও দ্রুতগতিতে করে ফেলতে পারে বড় বড় সব হিসাব। ১৩ ফেব্রুয়ারি ২০২৫ গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের ওয়েবসাইটে আরিয়ানের রেকর্ড গড়া নিয়ে খবর প্রকাশ পায়। সে মাত্র ৩০.৯ সেকেন্ডে চার অঙ্কের ১০০টি সংখ্যার যোগ, ১ মিনিট ৯.৬৮ সেকেন্ডে চার ডিজিটের ২০০টি সংখ্যার যোগ, ১৮.৭১ সেকেন্ডে পাঁচ ডিজিটের ৫০টি সংখ্যার যোগ, ৫ মিনিট ৪২ সেকেন্ডে ২০ ডিজিটের একটি নম্বরকে ১০ ডিজিটের একটি নম্বর দিয়ে ভাগ করে এবং দুটি পাঁচ ডিজিটের সংখ্যাকে ৫১.৬৯ মিনিটে গুণ করে মোট ৬টি রেকর্ড গড়েন। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ আরিয়ানের নাম দেয় 'মানব ক্যালকুলেটর'।

## মুরগি পশু নাকি পাখি

মুরগি পশু নাকি পাখি তা নিয়ে বিতর্ক চলছে আদালতে। ১১ ফেব্রুয়ারি ২০২৫ মুরগির শ্রেণিবিভাগ জানতে ভারতের গুজরাট হাইকোর্টের দ্বারস্থ হয় এক ব্যক্তি। ২০২৩ সালে প্রাণী কল্যাণ ফাউন্ডেশন এবং অহিংসা মহাসঙ্ঘের পক্ষ থেকে দোকানে মুরগির গোশত নিষিদ্ধ করতে হাইকোর্টে আবেদন করা হয়। গুজরাটের হাইকোর্টে আবেদনকারীরা জানান সব প্রাণীরই প্রাণ রয়েছে। খাদ্য ও সুরক্ষা আইন ২০০৬ অনুসারে গোশতের দোকানে জীবন্ত প্রাণী রাখায় নিষেধাজ্ঞা জারি করা হয়। আদালতে সরকারি আইনজীবী মনীষা লাভকুমার জানান, মুরগি কখনো পাখি নয়, এটি পশু। বৈজ্ঞানিকভাবে মুরগি পশু এবং পাখি দুটোই। এটি সাধারণত অ্যানিমেলিয়া গোত্রের অন্তর্ভুক্ত। মুরগি সাধারণত প্রাণিজগতের মধ্যে একটি উপ-শ্রেণিবিভাগ।

## বিয়ে না করলে থাকবে না চাকরি

কর্মীদের 'অদ্ভুত' এক শর্ত দিয়ে আলোচনায় আসে চীনা একটি প্রতিষ্ঠান। সেই প্রতিষ্ঠান অবিবাহিত কর্মীদের সময়সীমা বেঁধে দিয়ে বলেছে, এই সময়ের মধ্যে বিয়ে না করলে চাকরিচ্যুত করা হবে। চীনের উত্তরাঞ্চলীয় প্রদেশ শানদংয়ের ওই প্রতিষ্ঠানের নাম দ্য সুনতিয়ান কেমিক্যাল গ্রুপ। প্রতিষ্ঠানটিতে কাজ করেন ১,২০০ জনের বেশি কর্মী। ২০২৫ সালের জানুয়ারিতে প্রতিষ্ঠানটি একটি ঘোষণা দিয়ে জানায়, কর্মীদের মধ্যে বিয়ের হার কম হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়, ২০২৫ সালের সেপ্টেম্বরের মধ্যে যেসব কর্মী বিয়ে করবেন না, তাদের ছাঁটাই করা হবে।

## বিশ্বের সবচেয়ে বয়স্ক লামা



যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যের একটি লামাকে বিশ্বের সবচেয়ে বয়স্ক জীবিত পোষা লামা বলে আনুষ্ঠানিক স্বীকৃতি দেয় গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ। এ লামার বয়স ২৭ বছর ২৫০ দিন। লামা দেখতে অনেকটা ছাগল বা ভেড়ার মতো। তবে সেটির গলা ছাগলের গলার চেয়ে বেশ লম্বা, অনেকটা উটের মতো। ২০০৬ সাল থেকে প্রাণীটি ভিক্টরি জংশন ক্যাম্পে রয়েছে। গুরুতর অসুস্থ এবং দুরারোগ্য রোগে আক্রান্ত শিশুদের ভ্রমণ ও আনন্দের জন্য র‍্যান্ডলম্যানের এই ক্যাম্পে আনা হয়ে থাকে।

স্লোভাকিয়া ইউরোপীয় ইউনিয়নে (EU) সদস্যপদ লাভ করে ২০০৪ সালে





চাহিদা বহু-বিচিত্র, কিন্তু গন্তব্য একটাই...
আপনার পরিবারের সব সদস্যের বইয়ের চাহিদা মেটাতে

কথাপ্রকাশ এক ও অদ্বিতীয়
বিষয়বৈচিত্র্যে সমৃদ্ধ আমাদের গ্রন্থ তালিকা থেকে
বাছাই করুন আপনার পছন্দের বইটি

www.kathaprokash.com

কথাপ্রকাশ
KATHAPROKASH

সরাসরি স... করুন
৭৩-৭৫ আজিজ সু... মার্কেট [আন্ডারগ্রাউন্ড]
শাহবাগ, ঢাকা ১০০...

HOTLINE
01324 254631

kathaprokash
www.kathaprokash.com
Inbox /kathaprokash


চুলের ভিটামিন
জুঁই মাল্টি-ভিটামিন অয়েল
চুলের সব সমস্যার সমাধান
চুল পড়া কমায়
মাল্টি-ভিটামিন
কোকোনাট অয়েল
নতুন চুল গজায়
মাল্টি-ভিটামিন
অনিয়ন অয়েল
সুরভিত
স্বাস্থ্যোজ্জ্বল চুল
মাল্টি-ভিটামিন
বেলি অয়েল
মাল্টি-ভিটামিন ক্যাপসুল
ভিটামিন A D E সমৃদ্ধ
স্কয়ার পণ্য দেশের জন্য
স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড